The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 884 | 22 August 2025 | শুক্রবার ০৭ ভাদ্র ১৪৩২


Trump runs into the difficulty of Putin diplomacy and ending a long war
→ Page 18


USCIS Supports to Denaturalization of Committed Sex Offender
→ Page 19


US halts visitor visas used for medical trips from Gaza
→ Page 19


Fundraiser launched for NYPD officer Didar
→ Page 18

# ট্রাফিক আইন লঙ্ঘনেই ৭ হাজার ডিপোর্ট

আজকাল রিপোর্ট

ট্রাফিক আইন অমান্যেই ৭ হাজার ইমিগ্রান্টকে ডিপোর্ট করা হয়েছে প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসনের আমলে। গড়ে প্রতিমাসে তা ৩৫০ জন। সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের আমলেও ট্রাফিক আইনের মতো ছোটখাট অপরাধেও গ্রেফতার করে কাগজপত্রহীন অভিবাসীদের ডিপোর্ট করা হয়েছে। তা ছিল গড়ে প্রতিমাসে ৮০ জন। এ বছর ৫ মাসে (জানুয়ারি থেকে মে) ১ লাখ ২০ হাজার জন কাগজপত্রহীন অভিবাসীকে ডিপোর্ট করা হয়েছে । কিন্তু তাদের অধিকাংশই কোন না কোন অপরাধের সাথে যুক্ত ছিলেন। ডিপোর্ট করা ২১ হাজার অভিবাসীর ডিপোর্টেশন অর্ডার ছিল কোর্ট থেকেই। কিন্তু যুক্তরাষ্ট্র ত্যাগ না করে তারা বসবাস করছিলেন। আদালতে এসাইলাম ↘ এরপর ২৪ পৃষ্ঠায়

**৫ মাসে ১ লাখ ২০ হাজার নির্বাসন**

**প্রতিদিন ৩ হাজার গ্রেফতার টার্গেট**



## হিরো দিদারের স্ত্রীর কোলজুড়ে এলো আরহাম



আজকাল রিপোর্ট

বাংলাদেশি হিরো পুলিশ অফিসার দিদারুল ইসলাম প্রয়াণের ২২ দিনের মাথায় পুত্র সন্তান লাভ করলেন। তিনি গত ২৮ জুলাই সন্ত্রাসীর গুলিতে ম্যানহাটনে নিহত হন। তার স্ত্রী জামিলা ইসলাম ৮ মাসের অন্তঃসত্ত্বা ↘ এরপর ৫২

## আমেরিকাবিরোধী কর্মকাণ্ড থাকলেই ভিসা নয়

### ৬ হাজার শিক্ষার্থীর ভিসা বাতিল

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রে বসবাস বা কাজের জন্য আবেদনকারী ব্যক্তিদের এখন থেকে 'আমেরিকাবিরোধী মনোভাব' খতিয়ে দেখা হবে। এর মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে আবেদনকারীর কর্মকাণ্ড খতিয়ে দেখার বিষয়টিও রয়েছে। গত মঙ্গলবার যুক্তরাষ্ট্র কর্তৃক পক্ষ এ ঘোষণা দিয়েছে। বিধিনিষেধের এই কড়াকড়ি অভিবাসনবিষয়ক অধিকারকর্মী ও আইনজীবীদের মধ্যে উদ্বেগের সৃষ্টি করেছে। মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার (ইউএসসিআইএস) হালনাগাদ ↘ এরপর ২৪ পৃষ্ঠায়

## ফোবানার পর্দা উঠছে শেরাটন নায়াগ্রা ফলসে

আজকাল রিপোর্ট

৩৯তম ফোবানা কনভেনশন-এর বর্ণিল উদ্বোধন হতে যাচ্ছে আগামী শুক্রবার শেরাটন নায়াগ্রা ফলসে। আগামী ২৯, ৩০ এবং ৩১ আগস্ট ২০২৫ ↘ এরপর ২৪ পৃষ্ঠায়



## 'মৌ মায়ের মতো বউ'

আজকাল রিপোর্ট

দুই যুগের বেশি একসঙ্গে আছেন জাহিদ হাসান ও সাদিয়া ইসলাম মৌ। তবে প্রকাশ্যে একসঙ্গে তেমন দেখা যায় না ↘ এরপর ৫২ পৃষ্ঠায়

## পাসপোর্টবিহীন প্রবাসীরাও ভোটার হতে পারবেন

আজকাল রিপোর্ট



ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচন। এই প্রথমবারের মতো প্রবাসী বাংলাদেশিরা বিদেশে অবস্থান করেও ডাকযোগে ভোট দিতে পারবেন। প্রায় ১ কোটি প্রবাসী উৎসাহ নিয়ে এই দিনক্ষনের জন্য অপেক্ষা করছেন। বিদেশে অবস্থান করেও তারা ভোটার আইডি/ন্যাশনাল আইডি পাবেন। সংশ্লিষ্ট দেশের দূতাবাস বা কনস্যুলেট এ ব্যাপারে প্রবাসীদের সাথে কাজ করছেন। কোন প্রবাসীর পাসপোর্ট না থাকলেও সংশ্লিষ্ট দেশে বসবাসকারী এনআইডিধারী ৩ জন প্রবাসীর কাছ থেকে 'বাংলাদেশি নাগরিক মর্মে প্রত্যয়নপত্র' জমা দিলেই হবে। পাবেন ভোটার আইডি এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। প্রবাসীরা ডাকযোগে ভোট দিতে পারবেন বলে ↘ এরপর ২৮ পৃষ্ঠায়

## সুপ্রীম কোর্ট জাস্টিস পদে সোমা সাঈদের নির্বাচনী সভা



আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটিতে তথা যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম বাংলাদেশী আমেরিকান ও মুসলিম সোমা সাঈদ সিটির সুপ্রীম কোর্ট জাস্টিস পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। ↘ এরপর ৫২ পৃষ্ঠায়

ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN
আমরা বাংলায় কথা বলি
CALL NOW (929) 810-2009 (470) 800-9213
MONIR MEHRAN, JD. ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar NMLS ID 1313056

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
Moin Choudhury, Attorney at Law
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইস্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
HealthSystem
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল

Friday, 22 August 2025, Issue 884, www.ajkalnewyork.com PAGE 03




# ভাসানী ফাউন্ডেশনের আন্তর্জাতিক সম্মেলন ২৭ সেপ্টেম্বর

আজকাল রিপোর্ট

মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানী'র ওপর এবারও আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করতে যাচ্ছে মওলানা ভাসানী ফাউন্ডেশন, নিউইয়র্ক। আগামী ২৭ সেপ্টেম্বর কুইন্সে এই সেমিনার অনুষ্ঠিত হবে। সম্মেলনের প্রস্তুতি বিষয়ে গত ১১ আগস্ট সোমবার জ্যাকসন হাইটসে সংগঠনের নির্বাহী কমিটির বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। সভায় মওলানা ভাসানীর মৃত্যুবার্ষিকী পালন বিষয়েও আলোচনা হয়। ফাউন্ডেশনের সভাপতি আলী ইমাম শিকদারের এরপর ৩৯ পৃষ্ঠায়

# পোস্টাল সার্ভিসে নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্র ডাক বিভাগে নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। দীর্ঘদিন এই নিয়োগ বন্ধ ছিল। যুক্তরাষ্ট্রের ডাক পরিষেবার একটি দীর্ঘ ইতিহাস রয়েছে, যা ১৭৭৫ সালে কন্টিনেন্টাল কংগ্রেস দ্বারা প্রতিষ্ঠিত একটি ব্যবস্থা থেকে বিবর্তিত হয়ে আজকের স্বাধীন সংস্থায় পরিণত হয়েছে। গুরুত্বপূর্ণ মাইলফলকগুলির মধ্যে রয়েছে প্রথম পোস্টমাস্টার জেনারেল হিসেবে বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিনের নিয়োগ, ১৭৯২ সালে ডাক পরিষেবা আইন পাস এবং ১৯৭০ সালে ইউএসপিএস-এ রূপান্তর। খোঁজনিয়ে জানা যায় , অত্র প্রতিষ্ঠান হতে যারা যোগদান করেছিলেন, বেশিরভাগ প্রায় এরপর ৩৯ পৃষ্ঠায়

ওয়ারেন্টবিহীন অভিবাসি গ্রেপ্তার নিয়ে বিরোধ

# নিউইয়র্কের বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের মামলা

আজকাল রিপোর্ট



নিউইয়র্কের আদালতগুলিতে অভিবাসন কর্মকর্তাদের ওয়ারেন্টবিহীন অভিবাসিদের গ্রেপ্তার করতে বাধা দেওয়ার একটি আইন নিয়ে ট্রাম্প প্রশাসনের সঙ্গে বিরোধ চরমে উঠেছে। গতকাল বৃহস্পতিবার নিউইয়র্ক স্টেটের বিরুদ্ধে এ নিয়ে মামলা করা হয়েছে প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে। তাতে বলা হয়, 'গ্রেপ্তারে বাধা দেওয়ার উদ্দেশ্য বিপজ্জনক অপরাধীদের রক্ষা করা'। কর্তৃপক্ষ জানিয়েছেন, নিউইয়র্কের নর্দান ডিস্ট্রিক্ট মামলাটি রাজ্য বা স্থানীয় নীতিগুলিকে লক্ষ্য করে একাধিক আইনি পদক্ষেপের মধ্যে সর্বশেষতম। ট্রাম্প প্রশাসন বলছে যে, অভিবাসন নিয়ম প্রয়োগের ক্ষেত্রে হস্তক্ষেপ করে। যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল পামেলা বন্ডি এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেন, 'আইনবিহীন সেঙ্কুয়িয়ান সিটির' নীতিগুলির মাধ্যমে ক্যালিফোর্নিয়ায় আমেরিকানরা যে সহিংসতা দেখেছে; নিউইয়র্ক স্টেট একইভাবে অবৈধ বহিরাগতদের রক্ষা করার জন্য সেঙ্কুয়িয়ান সিটির নীতি প্রয়োগ করছে'।

নিউইয়র্কের ২০২০ প্রোটেক্ট আওয়ার কোর্টস অ্যাক্ট ফেডারেল ইমিগ্রেশন কর্মকর্তাদের আদালত থেকে বা আদালতে বিচারের জন্য আসা-যাওয়া করা লোকদের গ্রেপ্তার করতে নিষেধ করে- যদি না তাদের কাছে কোনও বিচারকের স্বাক্ষরিত পরোয়ানা থাকে। বিলটির পৃষ্ঠপোষক ডেমোক্র্যাটিক স্টেট সিনেটর ব্র্যাড হইলম্যান সে সময় বলেন যে, আইনটি প্রথম ট্রাম্প প্রশাসনের নিউইয়র্ক আদালতকে ফেডারেল এজেন্টদের এরপর ২৭ পৃষ্ঠায়

# ব্রঙ্কসে প্রবাসী রজত পালের মতবিনিময়

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে সফররত কানাডা প্রবাসী বিশিষ্ট কমিউনিটি নেতা টরন্টো মৌলভীবাজার জেলা সমিতির উপদেষ্টা পরিষদের সদস্য ও জালালাবাদ এসোসিয়েশনের উপদেষ্টা পরিষদের সদস্য শ্রীমঙ্গল উপজেলার বাসিন্দা রজত পাল নিউইয়র্কের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেছেন।

গত ১৪ই আগস্ট বৃহস্পতিবার দুপুরে ব্রঙ্কসের স্টার্লিন বাংলাবাজারের বিখ্যাত খলিল বিরিয়ানিতে এ সৌজন্য সাক্ষাতে মিলিত হন। নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শ্রীমঙ্গল এসোসিয়েশনের সভাপতি মোস্তাক এলাহী চেমন, সাধারণ সম্পাদক সুফিয়ান আহমদ চৌধুরী, সাবেক সভাপতি মামুনুর রশিদ শিপু, উপদেষ্টা পরিষদের এরপর ৩৯ পৃষ্ঠায়



# মসজিদ আল আমানের বার্ষিক সাধারণ সভায় মতবিনিময়

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত ওজনপার্কের মসজিদ আল আমান-এর বার্ষিক সাধারণ সভা গত ১৭ই আগস্ট রোববার বাদ মাগরিব মসজিদের হল রুমে অনুষ্ঠিত হয়। সভাপতি কবীর চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ জসীম উদ্দিন সঞ্চালনায় শুরু হয়। পবিত্র কুরআনে হাকীম থেকে তেলাওয়াত করেন মসজিদের ইমাম ও খতীব মাওলানা মোহাম্মদ আলী। স্বাগত বক্তব্যে মসজিদের সভাপতি কবীর চৌধুরী বলেন, দীর্ঘদিন পর সকলের সার্বিক সহযোগিতায় আবারও আমরা সাধারণ সভায় মিলিত হতে এরপর ৪৫ পৃষ্ঠায়



# মেধাবী বাংলাদেশি চিকিৎসক আরমানের অকাল ইন্তেকাল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে মেধাবী তরুণ চিকিৎসক আরমান সোবহান (২৯) অকালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ধারণা করা হচ্ছে হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি গত ১৭ আগস্ট রোববার রাতে মৃত্যুবরণ করেন। নিউইয়র্কের ম্যানহাটনের অ্যাপার্টমেন্টে মৃত অবস্থায় পাওয়া যায় আরমানকে। এরপর ৩৯ পৃষ্ঠায়




# উৎসবমুখর পরিবেশে পাবনাবাসীর বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

উৎসবমুখর পরিবেশে ১৬ অগাস্ট শনিবার নিউইয়র্কে অনুষ্ঠিত হলো প্রবাসী পাবনাবাসীর বনভোজন। বেলমন্ট লেক স্টেট পার্কের মনোরম পরিবেশে এ আয়োজনে বাংলাদেশের বিভিন্ন জেলার প্রবাসীরাও অংশ নেন।

'প্রবাসী পাবনা অব ইউএসএ'-এর ব্যানারে আয়োজিত বনভোজনে প্রবাসীদের মধ্যে কমিউনিটিভিত্তিক ঐক্যের আকুতি স্পষ্ট হয়ে ওঠে। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আব্দুল আওয়াল। দুপুরে প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর 'ওউক প্যাভিলিয়ন'-এ বনভোজনের উদ্বোধন করেন এরপর ৪৫ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999



Suryia Rahman, Esq

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# যুক্তরাষ্ট্রে প্রবাসীরা উপেক্ষিত কেন

যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা উপেক্ষিত কেন। সরকারের সিদ্ধান্ত হবার পরও এখানে বাংলাদেশিদের ন্যাশনাল আইডি/ভোটার আইডি তৈরি কিংবা প্রদান প্রক্রিয়া শুরু হয়নি। ফেব্রুয়ারিতেই নির্বাচন। হাতে সময় নেই। আইডি তৈরি ও প্রদান একটি সময় সাপেক্ষ প্রক্রিয়া। নির্বাচন কমিশন জানিয়েছে, প্রবাসীরা মেইল ব্যালটে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। প্রায় কোটি প্রবাসীকে এতে সামিলে জানুয়ারি থেকেই পুরো কার্যক্রম শুরু করতে হবে। প্রবাসীদের ভোটার তালিকা প্রস্তুত করতে হবে এর আগেই। বাংলাদেশের অনেক জেলা ও উপজেলার হাজার হাজার মানুষ বিদেশে বাস করেন। বিশ্বব্যাপী সিলেট জেলারই প্রায় ২৫ লাখ মানুষ ছড়িয়ে আছে। চট্টগ্রাম ও সন্দ্বীপের মানুষের সংখ্যাও কম নয়। তাদের ভোটের ওপর অনেক সংসদীয় আসনের সাংসদ নির্বাচনে ফ্যাক্টর হিসেবে কাজ করতে পারে। বিষয়টি স্পর্শকাতর ও গুরুত্বপূর্ন। এমতাবস্থায় সময় ক্ষেপনের সুযোগ নেই।

> নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট আজকালকে বলেছে, টেকনিক্যাল প্রস্তুতি শুরু হয়েছে। আনুষ্ঠানিক শুরু জাতিসংঘ অধিবেশন শেষে শুরু করা যাবে। তা অক্টোবর নাগাদ হতে পারে। প্রশ্ন উঠেছে, এতও অল্প সময়ে ৫ লাখ মানুষের সেবা দেয়া কি সম্ভব হবে? যুক্তরাষ্ট্রের ব্যাপারে এতও ধীরগতি হবার কারণই বা কি? অথচ রেমিট্যান্স প্রেরণে আমরাই বারবার প্রথম বা দ্বিতীয় স্থান দখল করে রেখেছি।
> আগামীর সপ্তাহে প্রধান নির্বাচন কমিশনার কানাডা আসছেন। আনুষ্ঠানিকভাবে তিনি ন্যাশনাল আইডি/ভোটার আইডি প্রদান কার্যাদি উদ্বোধন করবেন। ধন্যবাদ নির্বাচন কমিশন। কিন্তু বাড়ির আঙ্গিনায় বড় পড়শীর ব্যাপারে এই উদাসীনতার হেতু কি? কেন যুক্তরাষ্ট্রে প্রবাসীরা উপেক্ষিত? অবিলম্বে আমরা যুক্তরাষ্ট্রে ভোটার আইডি প্রদান কার্যক্রম শুরুর আহবান জানাচ্ছি। এখনই দিনক্ষন ঘোষণা করা হোক

নির্বাচন কমিশন ১০টি দেশের ১৭টি মিশন ও কনস্যুলেটের মাধ্যমে ভোটার আইডি প্রদান প্রক্রিয়া শুরু করেছে। দেশগুলো হলো-সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, যুক্তরাজ্য, ইতালি, কুয়েত, কাতার, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া ও কানাডা। এসব দেশ থেকে প্রায় ৫০ হাজার আবেদন পড়েছে ইতিমধ্যেই। যুক্তরাষ্ট্রে এখনও ভোটার আইডি প্রদান প্রক্রিয়া শুরু হয়নি। অথচ এখানে বসবাস করছে প্রায় ৫ লাখ বাংলাদেশি। নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট আজকালকে বলেছে, টেকনিক্যাল প্রস্তুতি শুরু হয়েছে। আনুষ্ঠানিক শুরু জাতিসংঘ অধিবেশন শেষে শুরু করা যাবে। তা অক্টোবর নাগাদ হতে পারে। প্রশ্ন উঠেছে, এতও অল্প সময়ে ৫ লাখ মানুষের সেবা দেয়া কি সম্ভব হবে? যুক্তরাষ্ট্রের ব্যাপারে এতও ধীরগতি হবার কারণই বা কি? অথচ রেমিট্যান্স প্রেরণে আমরাই বারবার প্রথম বা দ্বিতীয় স্থান দখল করে রেখেছি।

আগামীর সপ্তাহে প্রধান নির্বাচন কমিশনার কানাডা আসছেন। আনুষ্ঠানিকভাবে তিনি ন্যাশনাল আইডি/ভোটার আইডি প্রদান কার্যাদি উদ্বোধন করবেন। ধন্যবাদ নির্বাচন কমিশন। কিন্তু বাড়ির আঙ্গিনায় বড় পড়শীর ব্যাপারে এই উদাসীনতার হেতু কি? কেন যুক্তরাষ্ট্রে প্রবাসীরা উপেক্ষিত? অবিলম্বে আমরা যুক্তরাষ্ট্রে ভোটার আইডি প্রদান কার্যক্রম শুরুর আহবান জানাচ্ছি। এখনই দিনক্ষন ঘোষণা করা হোক।

# বঙ্গবন্ধু এবং শেখ মুজিব

সাঈদ তারেক



ডেনমার্কের রাজকুমারকে বাদ দিয়ে যেমন 'হ্যামলেট' হয় না তেমনি শেখ মুজিবকে বাদ দিয়ে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসও হয় না। বলার অপেক্ষা রাখে না, স্বাধীনতা এবং শেখ মুজিব- এক থেকে আর একেকে আলাদা করা যায় না। স্বাধীনতার কথা বললে শেখ মুজিবের কথা আসবেই।

স্বাধীনতার স্বপ্ন অনেকেই দেখে থাকতে পারেন। কে কার আগে দেখেছেন এ নিয়েও বাহাস আছে। কিন্তু মুখ্যত বাংলার স্বাধীনতার স্বপ্ন সেই '৪৭ থেকেই। তখনকার মুসলিম লীগ এবং তফশীল জাতি ফেডারেশনের নেতারা যুক্ত বাংলার স্বাধীনতা চেয়েছিলেন। কংগ্রেস এবং হিন্দু মহাসভার বিরোধীতায় তা হয় নাই। বরঞ্চ এরা ধর্মের ভিত্তিতে সেদিন বাংলাকে ভাগ করেছেন। তারই এক ভাগ হয় পূর্ব পাকিস্তান। কাজেই সে সময়কার নেতাদের কেউ কেউ পরবর্তীকালে স্বতন্ত্র স্বাধীন বাংলার স্বপ্ন দেখে থাকতেই পারেন।

কিন্তু এই পথে কার্যকর উদ্যোগটি নিয়েছিলেন শেখ মুজিব এবং তার দল আওয়ামী লীগ। শেখ মুজিবই ছয় দফা ঘোষনা করে বাঙালীর হৃদয়ে প্রথম স্বাধীনতার বীজ বপন করেন। জেল জুলুম মামলা হামলায় জর্জরিত হয়ে বিশেষ করে আগরতলা ষড়যন্ত্র মামলায় বিচারের সম্মুখিন হয়ে স্বাধীনতার যৌক্তিকতা প্রমান করেন। '৭০এর নির্বাচনে জয়লাভ করে স্বাধীনতার ভিত্তিমূল প্রতিষ্ঠা করেন। এটাই ইতিহাস। এখানে একক নায়ক শেখ মুজিবুর রহমান।

বিতর্কের জায়গাটা তৈরী হয় এর পরের অধ্যায়ে। প্রশ্ন আছে, গোটা জাতিকে স্বাধীনতার জন্য তৈরী করে ৭ই মার্চ কেন তিনি স্বাধীনতা ঘোষনা করলেন না। কেন ২৩শে মার্চ পর্যন্ত পাকিস্তানের প্রধানমন্ত্রী হবার জন্য ইয়াহিয়া খানের সাথে দেন-দরবার করলেন। কেন ২৫শে মার্চ রাতে সবার সাথে না পালিয়ে স্বেচ্ছায় ধরা দিলেন বা আত্মসমর্পন করলেন। প্রশ্নগুলোর নানা ব্যখ্যা আছে। আওয়ামী লীগ বা শেখ মুজিবের পক্ষ থেকেও কারন বলা হয়েছে। তবে নানা তথ্যসূত্রে যতটুকু জানা যায় স্বাধীনতার প্রশ্নে শেখ মুজিব ছিলেন দোদুল্যমান। মূলতঃ স্বাধীনতার প্রেক্ষিতটা গড়ে তুলেছিল তৎকালীন ছাত্র নেতৃত্ব, যার নিয়ন্ত্রণ ছিল সিরাজুল আলম খানের হাতে। মূলতঃ স্বাধীনতার জন্য অগ্নিগর্ভ পরিস্থিতি তৈরী করে রেখেছিল ছাত্ররা। মুজিব এই পরিস্থিতিকে ব্যবহার করছিলেন ইয়াহিয়ার সাথে দর কষাকষির একটা হাতিয়ার হিসাবে। তা ব্যর্থ হলে ২৫শে মার্চ রাতে তিনি ইয়াহিয়া সরকারের হেফাজতে চলে যাওয়াকেই শ্রেয় বা নিরাপদ মনে করেছিলেন।

> টুঙ্গীপাড়ায় গিয়ে তার কবর তুলে ফেলার উদ্যোগ নেওয়া হয় পাকিস্তান ভেঙে যাওয়ার ক্ষোভ থেকে। ১৫ই আগস্ট ৩২ নম্বরে গিয়ে শ্রদ্ধা জানাতে সরকারের পক্ষ থেকে নিষেধাজ্ঞা জারী করা হয় ভয় থেকে- যদি মুজিব উঠে আসেন! যদি আর একবার স্বাধীনতার ডাক দেন!

তারপরও, তাকে নেতা মেনেই গোটা মুক্তিযুদ্ধ পরিচালিত হয়েছে। তিনিই ছিলেন প্রেরণার উৎস। প্রবাসী সরকারের রাষ্ট্রপতি। হানাদার বাহিনীর কাছে তার আত্মসমর্পনকে দেখা হয়েছে কৌশল হিসাবে। শেষ পর্যন্ত যুদ্ধে বিজয় এলে এবং দেশ স্বাধীন হলে তাকে বসানো হয় অবিসংবাদিত নেতার আসনে। ভুট্টোর বদান্যতায় তিনি দ্রুত দেশে ফিরে আসেন।

এ পর্যন্ত শেখ মুজিব বাংলার একজন বন্ধু। ছাত্ররা তাকে বাংলার বন্ধু বা বঙ্গবন্ধু উপাধি দিয়েছিল আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে মুক্ত হওয়ার পর। ১৯৭২ সালের ১০ জানুয়ারি দেশে ফেরার কিছুদিন পর পর্যন্ত তিনি আপামর মানুষের ভালবাসা ধরে রাখতে পেরেছিলেন। মানুষ তাকে প্রকৃতই বঙ্গবন্ধু মনে করতো।

এ সময় তাকে 'জাতির পিতা'র আসনে বসানো হয়। কিন্তু 'জাতির পিতা' হয়ে তিনি একটা নির্দিষ্ট দলের সাথে সম্পৃক্ত রইলেন। দলীয় সরকার গঠন করলেন এবং মুক্তিযুদ্ধকালীন প্রবাসী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদকে সরিয়ে সে পদটি দখল করলেন। অপরাপর রাজনৈতিক দলগুলোকে তুচ্ছতাচ্ছিল্য করতে লাগলেন। রক্ষীবাহিনীসহ নানা দলীয় বাহিনী তৈরী করে অল্প দিনের মধ্যে সারা দেশে বিভীষিকার অবস্থা তৈরী করলেন। যে ছাত্ররা তাকে বঙ্গবন্ধু উপাধি দিয়েছিল তারা তা কেড়ে নিলো। তার শাষনকালে বিরোধী দলগুলোর অসংখ্য নেতাকর্মী নিহত হলো। ফলে তিনি আর বঙ্গবন্ধু থ কলেন না। জাতির পিতা বিষয়টা গোড়া থেকেই বিতর্কিত ছিল। তার নেতৃত্বে বা উছিলায় বাংলাদেশ নামে একটা নতুন দেশ তৈরী হলো অথচ অতিউৎসাহি চাটুকারেরা তাকে হাজার বছরের পুরনো বাঙালী জাতির পিতা বানিয়ে দিলো। বাংলাদেশ ভূখন্ডে বসবাসকারি সকল অধিবাসীকে নিয়ে নতুনভাবে গঠিত বাংলাদেশী জাতিসত্বার বা বাংলাদেশী জাতির পিতা বানালেও কথা ছিল। কিন্তু বেকুবেরা বাংলাদেশী জাতিসত্বা বলে কিছু স্বীকারই করে না।

শেখ মুজিবের রাজনৈতিক জীবনের দুইটা অধ্যায়। এক, স্বাধীনতার পূর্বকালের, দুই, স্বাধীনতার পরের কালের। স্বাধীনতাপুর্বকালে তিনি বঙ্গবন্ধু, বাঙালীর অবিসম্বাদিত নেতা। স্বাধীনতার পরের কালে তিনি একজন শাষক মুজিব। সন্ত্রাস সহিংসতা দূর্নীতি লুটপাট দুর্ভিক্ষ অপশাষন দু:শাষন সর্বোপরি এক দলীয় বাকশাল গঠনের মাধ্যমে গনতন্ত্রের কবর দিয়ে একটা স্বৈরাচারি শাষন

এরপর ২৮ পৃষ্ঠায়

# বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের অবদান : কে বেশি লাভবান?

আবুল কালাম আজাদ

১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধে বাংলাদেশের স্বাধীনতাত্তোর দুই দেশের নাগরিকদের মাঝে একটি অমীমাংসিত প্রসঙ্গ বা প্রশ্ন বারবার উত্তেজনাকর পরিস্থিতি তৈরি করছে। ভারতীয়দের দাবি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন ভারত বাংলাদেশকে সামরিক সহায়তা করেছে, এছাড়াও তারা মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও বাংলাদেশের শরণার্থীদের আশ্রয় দিয়েছে। সুতরাং বাংলাদেশের নাগরিকদের তাদের প্রতি সর্বাবস্থায় কৃতজ্ঞ থাকা উচিৎ।

এ বিষয়ে বাংলাদেশের নাগরিকদের মধ্যে দুটি দলে বিভক্ত, প্রথমটি ভারতীয়দের দাবির সাথে ঐকমত্য পোষণকারী আওয়ামীলীগ ও বাম ঘরানার, দ্বিতীয়টি হলো বিএনপি-জামায়াত ও ইসলামী ঘরানার। দ্বিতীয় দলের দাবি মুক্তিযুদ্ধ চলাকালীন ভারত বাংলাদেশকে সহায়তা করেছে এটা সত্য। তবে তারা শুধুমাত্র তাদের স্বার্থ হাসিলের জন্য তখন বাংলাদেশের পাশে দাঁড়িয়েছিল।

ভারত-বাংলাদেশ প্রসঙ্গে যাওয়ার আগে চির দুই শত্রু ভারত-পাকিস্তান সম্পর্কে আলোকপাত করা যাক। ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘাতের ইতিহাস অনেক দীর্ঘ। বাংলাদেশ পাকিস্তান যুদ্ধের আগে-পরে ভারত পাকিস্তান ৪টি বড় যুদ্ধ ও অসংখ্যবার সংঘাতে জড়ায়। এর মূলে রয়েছে কাশ্মীর ভূখণ্ড নিয়ে আঞ্চলিক বিরোধ, ধর্ম ও আদর্শিক পার্থক্য এবং ১৯৪৭ সালে ভারত ভাগের পরবর্তী ঐতিহাসিক ঘটনাবলী। আঞ্চলিক বিরোধ একাধিকবার সশস্ত্র যুদ্ধে গড়িয়েছে। আন্তর্জাতিক হস্তক্ষেপে সামরিক সময়ের জন্য অস্ত্রবিরতি হলেও দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা আসেনি। সীমান্তে অস্ত্র সংবরনের চুক্তি হলেও তা বারবার লঙ্ঘিত হয়েছে, ফলস্বরূপ অচলাবস্থা দীর্ঘায়িত হয়েছে।

বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধের পূর্বে ভারত-পাকিস্তান দুটি বড় যুদ্ধ সংঘটিত হয় একটি ১৯৪৭ সালে অপরটি ১৯৬৫ সালে যার কোনটিতেই ভারত বিজয়ী হয়নি যদিও প্রথমটি জাতিসংঘের মধ্যস্থতায় ১৯৪৯ সালের ১ জানুয়ারি মাসে ফলাফল ছাড়াই যুদ্ধবিরতি কার্যকর হয়। দ্বিতীয়টিও জাতিসংঘের হস্তক্ষেপে ১৯৬৫ সালের ২৩ সেপ্টেম্বর যুদ্ধবিরতি হয়। দ্বিতীয় যুদ্ধে উভয় পক্ষই নিজেদের বিজয়ী দাবি করে। এবার সংক্ষেপে মূল আলোচনায় ফেরা যাক। ১৯৭১ সালে বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধের প্রধান কারণ ছিল পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক, এবং সাংস্কৃতিক বৈষম্য পূর্ব পাকিস্তানের মানুষ পশ্চিম পাকিস্তানের শাসকদের দ্বারা বৈষম্যের শিকার হচ্ছিল, যা তাদের মধ্যে ক্ষোভ তৈরি করে এবং স্বাধীনতার আকাঙ্ক্ষা জাগিয়ে তোলে।



১৯৭১ সালের মুক্তিযুদ্ধ, যা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ নামেও পরিচিত, এই যুদ্ধ নয় মাসব্যাপী একটি সশস্ত্র সংঘাত ছিল। এই যুদ্ধটি ১৯৭১ সালের ২৬ মার্চ শুরু হয়ে ১৬ ডিসেম্বর মিত্র বাহিনীর কাছে পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পণের মাধ্যমে শেষ হয়। এই যুদ্ধের মূল কারণ ছিল তৎকালীন পশ্চিম পাকিস্তান সরকারের বৈষম্যমূলক আচরণ, শোষণ ও নিপীড়ন। এর ফলস্বরূপ, বাঙালি জাতি তাদের আত্মনিয়ন্ত্রণাধিকারের জন্য সশস্ত্র সংগ্রাম শুরু করে।

১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তান সেনাবাহিনী 'অপারেশন সার্চলাইট' নামে একটি অভিযান শুরু করে, যার মাধ্যমে নিরস্ত্র বাঙালিদের উপর গণহত্যা চালানো হয়। ভারতীয় মিত্রবাহিনীর সহায়তায় মুক্তিবাহিনী চূড়ান্ত বিজয় অর্জন করে এবং ১৬ই ডিসেম্বর বাংলাদেশ স্বাধীনতা লাভ করে।

এই যুদ্ধের ফলে প্রায় ত্রিশ লক্ষ মানুষ শহীদ হন এবং অসংখ্য নারী নির্যাতনের শিকার হন। এই যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ একটি স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবে আত্মপ্রকাশ করে। এবার আসি এই যুদ্ধে ভারতের সহায়তা প্রসঙ্গে, বিশিষ্টজনদের মতে এই যুদ্ধে সামরিক ও অন্যান্য সহায়তা করে ভারত বাংলাদেশের প্রতি বন্ধুত্বের হাত বাড়ায়নি, বরং ভারত তার চিরশত্রু পাকিস্তানকে দুর্বল করার মোক্ষম সুযোগ পেয়েছিল এবং বাংলাদেশের মুক্তিকামী মানুষদের সাথে নিয়ে পাকিস্তানকে পরাভূত করেছে।

বাংলাদেশে ভারতীয় সেনাবাহিনীর নজীরবিহীন লুটপাটের ইতিহাস-

১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বীর মুক্তি বাহিনী যখন দেশের ৯৫ শতাংশ অঞ্চল মুক্ত করে ফেলেছিলো, ঠিক তখন ৩রা ডিসেম্বর ভারতীয় আগ্রাসী বাহিনী লুটপাট করার জন্য বাংলাদেশে প্রবেশ করে। তারা ১৬ ডিসেম্বরের পর বাংলাদেশজুড়ে নজিরবিহীন লুটপাট চালিয়েছিলো। ৯৩ হাজার পাকিস্তানী সৈন্যদের ফেলে যাওয়া বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ- যার মূল্য ওই সময় ছিলো ২৭ হাজার কোটি টাকা, তার সবই ভারতীয় আগ্রাসী বাহিনী ১৫টি বিশাল জাহাজে করে বাংলাদেশ থেকে লুট করে নিয়ে যায়। অথচ সেই অস্ত্রের মালিকানা ছিলো পুরোপুরি বাংলাদেশের। শুধু তাই নয়, বাংলাদেশের শত শত মিল কারখানার যন্ত্রপাতি, ব্যাংক, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, ঘর-বাড়ির গৃহস্থালী জিনিসপত্র পর্যন্ত বাদ যায়নি লোভী ভারতীয় লুটেরাদের হাত থেকে। এসব সম্পদ ও দ্রব্যাদির তখনকার মূল্য ছিলো আনুমানিক ৯০ হাজার কোটি টাকা। শৌচাগারের বদনাগুলোও বাদ দেয়নি ভারতীয় লুটেরার দল। এছাড়াও যুদ্ধকালীন ও যুদ্ধ পরবর্তীকালীন সময়ে বিভিন্ন

এরপর ২০ পৃষ্ঠায়

> অন্যদিকে ভারতের নানা কার্যক্রম বাংলাদেশকে শোষণ এবং দুর্বল করে তুলছে। এক্ষেত্রে বাংলাদেশের মধ্যে প্রতিবাদ এবং জাতীয় স্বার্থ রক্ষা করতে আরও শক্তিশালী কূটনৈতিক পদক্ষেপ নিতে হবে। অপরদিকে মুক্তিযুদ্ধ পরবর্তী আমাদের শত্রু রাষ্ট্র হিসেবে পাকিস্তান আমাদের কি কি ক্ষতি সাধন করেছে, আমাদের আভ্যন্তরীণ ভূ-রাজনীতিতে কতটা হস্তক্ষেপ করেছে, তার হিসাব কষতে হবে ভবিষ্যৎ নতুন প্রজন্মকে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানিতে বাংলাদেশের সাফল্য

শাহীন হাওলাদার

প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসন কর্তৃক যখন হঠাৎ করে বাংলাদেশি পণ্যের ওপর ৩৭ শতাংশ পাল্টা শুল্ক আরোপের ঘোষণা আসে, তখন ব্যবসায়ী মহল থেকে শুরু করে আমরা সবাই নানা আশঙ্কায় ছিলাম। মূলত আশঙ্কা ছিল নতুন আরোপিত শুল্কহার যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রপ্তানি, বিশেষ করে পোশাক খাতে বিপর্যয় ডেকে আনতে পারে। তবে যুক্তরাষ্ট্র সরকারের বাংলাদেশের প্রতি নমনীয়তা এবং ধাপে ধাপে তা কমিয়ে ২০ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্তে দেশবাসী ও ব্যবসায়ী সমাজের মধ্যে স্বস্তি ফিরে আসে।

নতুন শুল্কহার আরোপের শঙ্কা ও উদ্বেগ উড়িয়ে দিয়ে ২০২৫ সালের প্রথমার্ধে অর্থাৎ জানুয়ারি - জুন সময়ে যুক্তরাষ্ট্রে পোশাক পণ্য রপ্তানিতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে। এ প্রবৃদ্ধির পেছনে রয়েছে রপ্তানিকারকদের সক্ষমতা ও শ্রমিকদের অক্লান্ত পরিশ্রম এবং সরকারের সময়োপযোগী পদক্ষেপ, যা বাজারে বাংলাদেশের অংশীদারিত্ব ধরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

মার্কিন বাণিজ্য বিভাগের অধীন সংস্থা ওটেক্সা (অফিস অফ টেক্সটাইলস অ্যান্ড অ্যাপারেল) এর প্রকাশিত তথ্যে দেখা যায়, ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত সময়ে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি যুক্তরাষ্ট্রে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এই ছয় মাসে বাংলাদেশ যুক্তরাষ্ট্রে ৪.২৫ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পোশাক রপ্তানি করেছে, যা ২০২৪ সালের একই সময়ের তুলনায় ২৫.১২ শতাংশ বেশি। ২০২৪ সালের জানুয়ারি-জুন সময়ে এ খাত থেকে রপ্তানি আয় ছিল ৩.৩৯ বিলিয়ন ডলার।শুধু জুন মাসেই রপ্তানি দাঁড়িয়েছে ৭২৩ মিলিয়ন ডলারে, যা মে মাসের ৫৪৭ মিলিয়নের তুলনায় ৩২.০৯ শতাংশ প্রবৃদ্ধি নির্দেশ করে।

যুক্তরাষ্ট্রের মোট পোশাক আমদানির পরিমাণও এই সময়ে বৃদ্ধি পেয়েছে। ২০২৫ সালের জানুয়ারি-জুন সময়ে দেশটি বিশ্বের বিভিন্ন দেশ থেকে মোট ৩৮.১৬ বিলিয়ন ডলারের পোশাক আমদানি করেছে, যা আগের বছরের তুলনায় ৬.৭৪ শতাংশ বেশি। পরিমানের দিক কে আমদানিতে ৪.২৬ শতাংশ এবং প্রতি ইউনিট দামে ২.৩৭ শতাংশ বৃদ্ধি দেখা গেছে।

আমরা দেখেছি, ধীরে ধীরে শুল্কহার কমিয়ে আনা হলেও সবচেয়ে বড় শক্তি এসেছে আমাদের নিজেদের ভেতর থেকে। আমাদের উদ্যোক্তারা হাল ছাড়েননি, শ্রমিকরা গার্মেন্টস কারখানার মেশিনে দিনরাত পরিশ্রম করে গেছেন, আর সরকারও সময়োপযোগী নীতি দিয়ে পাশে দাঁড়িয়েছে। ফলে ২০২৫ সালের প্রথমার্ধে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানির যে ২৫ শতাংশের বেশি প্রবৃদ্ধি ঘটল, তা কেবল অর্থনীতির সাফল্য নয় এটি জাতির আত্মবিশ্বাসের প্রতীক।

২০২৫ সালের প্রথমার্ধে যুক্তরাষ্ট্রে চীন থেকে পোশাক আমদানিতে বড় ধরনের নেতিবাচক প্রবৃদ্ধি দেখা গেছে এবং ১৬.০৭ শতাংশ হ্রাস পেয়েছে দেশটির রপ্তানি। এছাড়া, চীনের প্রতি ইউনিট রপ্তানি দামে ৩.৭৭ শতাংশ কমে গেছে এবং পরিমানে কমেছে ১২.৭৮ শতাংশ। এটি চীনের প্রতিযোগিতা শক্তিকে দুর্বল করে তুলেছে।

বাংলাদেশ শুধু মূল্য নয়, ইউনিট সংখ্যার দিক থেকেও চমৎকার অগ্রগতি দেখিয়েছে। ২০২৫ সালের জানুয়ারি-জুন সময়ে ইউনিট সংখ্যায় ২৩.৮১ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা রপ্তানির শক্তিশালী চাহিদার ইঙ্গিত দেয়। পাশাপাশি ইউনিট দামে ১.০৬ শতাংশ বৃদ্ধি দেশের রপ্তানিকারকদের প্রতিযোগিতামূলক প্রান্ত বজায় রাখার সক্ষমতাও তুলে ধরে।



অন্যদিকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশ কয়েকটি দেশ যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

ভারতের রপ্তানি বেড়েছে ১৬.২৬ শতাংশ, পরিমানে বেড়েছে ১৫.৯২ শতাংশ এবং দামে সামান্য ০.২৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পাকিস্তানের রপ্তানি বেড়েছে ১১.২১ শতাংশ, অন্যদিকে পরিমানে ১৫.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ইন্দোনেশিয়ার রপ্তানি বৃদ্ধি পেয়েছে ১৭.৯৫ শতাংশ। কম্বোডিয়া ২৪.২৮ শতাংশ রপ্তানি বৃদ্ধি ও ৩১.১১ শতাংশ পরিমানে বৃদ্ধির মাধ্যমে চমক দেখিয়েছে, যদিও প্রতি ইউনিট দামে ৫.২১ শতাংশ পতন ঘটেছে।ভিয়েতনামের রপ্তানি বৃদ্ধি পেয়েছে ১৭.৯৬ শতাংশ এবং ইউনিট সংখ্যায় ১৩.৮২ শতাংশ বৃদ্ধি, ইউনিট দামে ৩.৬৪ শতাংশ প্রবৃদ্ধি।

বাংলাদেশের উন্নতির পিছনে বেশ কিছু কারণ রয়েছে। যুক্তরাষ্ট্রে একক দেশের উপর নির্ভরতা কমানের যে উদ্যোগ টা একতা বড় ভূমিকা পালন করেছে। অন্যদিকে ভূরাজনৈতিক উত্তেজনা ও সরবরাহ চেইনে বৈচিত্র আনার চেষ্টার কারণে আমদানিকারকরা চীন থেকে মুখ ফিরিয়ে দক্ষিণ এশিয়ার দিকে ঝুঁকছে। তাছাড়া, বাংলাদেশ তুলনামূলকভাবে কম উৎপাদন খরচ ও দক্ষ শ্রমশক্তির কারণে বাংলাদেশ এখনও যুক্তরাষ্ট্রের বড় ব্র্যান্ডগুলোর কাছে আকর্ষণীয়।

চলমান ধারা অব্যাহত থাকলে ২০২৫ সালের পুরো বছর শেষে বাংলাদেশ যুক্তরাষ্ট্রের বাজারে আরও দৃঢ় অবস্থান নিতে পারবে। তবে, এ ক্ষেত্রে আমাদের কূটনৈতিক আলচনা অব্যাহত রাখতে হবে যাতে করে আমেরিকার সাথে আমাদের বাণিজ্য সম্পর্ক আর ভাল হয়।

যদিও বাংলাদেশে শ্রমিকদের মজুরি এরপর ২০ পৃষ্ঠায়



আমি বিশ্বাস করি, পোশাক খাতের এই অর্জন আমাদের অর্থনীতির ভিত্তি আরও মজবুত করবে। তবে একই সঙ্গে আমাদের ভাবতে হবে, কিভাবে এই প্রবৃদ্ধিকে বহুমুখীকরণ করা যায়। প্রযুক্তি, বৈচিত্র আর টেকসই উৎপাদনের দিকে নজর দিয়ে। কারণ ভবিষ্যতের বৈশ্বিক বাজার শুধু সস্তা শ্রমের ওপর নির্ভর করবে না; সেখানে টিকে থাকতে হবে গুণগত মান, দক্ষতা আর টেকসই উন্নয়নের মাপকাঠিতে। তৈরি পোশাক খাতে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের এই অদম্য অগ্রযাত্রা একবারে হঠাৎ আসেনি। এটি এসেছে দীর্ঘদিনের পরিশ্রম, অধ্যবসায় এবং আত্মত্যাগের ফসল হিসেবে। তাই এই সাফল্যকে আমরা শুধু অর্থনীতির পরিসংখ্যান দিয়ে মাপব না; এটি হবে আমাদের গর্ব, আমাদের আত্মবিশ্বাস এবং আমাদের ভবিষ্যৎ পথচলার প্রেরণা

# একপাক্ষিক আইন নয়, নারী-পুরুষ উভয়ের সুরক্ষা দরকার

ভালোদের নিয়ে কোনো সমাজেই সামান্য অভিযোগ নেই। আইন মূলত ভালোদের জন্য দরকার পড়ে না। যারা বিবেক ও মূল্যবোধহীন, ধর্ম ও আদর্শ থেকে বিচ্যুত, তাদেরকে শৃঙ্খলার মধ্যে রাখতে আইন জরুরি। পুরুষকে সুরক্ষার জন্য শুধু প্রচলিত সাধারণ আইনের প্রতি আস্থা না রেখে বিশেষ আইন প্রবর্তন করা সময়ের দাবি। পারিবারিক শান্তির জন্য নারী ও পুরুষের মধ্যে ভারসাম্য জরুরি। রাষ্ট্র যদি কাউকে বাড়তি সুবিধা দিয়ে রাখে এবং সে যদি মানসিকভাবে অসুস্থ হয়ে সেই সুযোগের অপব্যবহার করে, তবে যে কারো জীবন নরকের পরিণত হওয়ার সময়ের ব্যাপার মাত্র। আশা করি রাষ্ট্রের নীতি-নির্ধারকরা বিষয়টিকে আমলে নেবেন। জাতীয় কবির নারী কবিতার মতো এখন কোনো পুরুষ কবিতা লেখাও জরুরি হয়ে পড়েছে

রাজু আহমেদ

জাহিলিয়াতের যুগে নারীদের প্রতি যে অবিচার করা হয়েছে, সাম্প্রতিককালে সেটার কাফফারা আদায় হচ্ছে নারীকে অবাধ স্বাধীনতা দিয়ে। যুগের ধর্ম এই-পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই। নারীর এই অবাধ স্বাধীনতায় যারা ভালো ও বুদ্ধিমান নারী তারা আলোর মালিক হয়েছে, যশ-খ্যাতি দিকে দিকে ছড়িয়ে দিয়েছে। কিন্তু যারা অসৎ, তারা এই সুযোগকে অপব্যবহার করেছে। পুরুষের ভাগ্যে টেনে দিয়েছে পুরুষ নির্যাতনের চাদর।



নারী নির্যাতন রোধকল্পে রাষ্ট্রের কঠোর আইন আছে, সামাজিক প্রতিকার আছে এবং পারিবারিক আশ্রয় আছে। কিন্তু পুরুষের ভাগ্য রোজ দুর্ভাগ্যে পরিণত হচ্ছে। এতদিন যে নির্যাতনের কথা গোপন ছিল, তা সামাজিক যোগাযোগমাধ্যমের কল্যাণে প্রকাশ্যে আসছে এবং পরিস্থিতি ভয়াবহ। পুরুষকে সুরক্ষার জন্য রাষ্ট্রের কোনো সুনির্দিষ্ট আইন নেই। পুরুষের জন্য প্রতিকার পাওয়ার কোনো দরজা উন্মুক্ত নয়। নারী-পুরুষের তথা দাম্পত্যের কলহের কথা প্রকাশিত হলে প্রথমে পুরুষকে দোষী ধরেই বিচার করা শুরু হয়। এই বিচারিক কার্যক্রম কেবল আদালতেই চলছে না, বরং সামাজিক বিচার-ফয়সালা কেন্দ্রে, পারিবারিক বিবাদ মীমাংসা বৈঠকে কিংবা কারো সাথে আলোচনাতেও একই চিত্র।

নারী ভুল করতে পারে, শৃঙ্খলা ভাঙতে পারে এবং সাংঘাতিক বর্বরতা চালাতে পারে-এই বিশ্বাস সমাজ-সংসারে নেই। সমাজ যেহেতু পুরুষতান্ত্রিক, সেজন্যও দোষের প্রাথমিক ভাগীদার পুরুষ। তাকে সবকিছু সহ্য করতে হবে, সামর্থ্যের বাইরে গিয়েও অন্যদের সন্তুষ্ট করতে হবে এবং সেক্রিফাইজের পিরামিড গড়তে হবে। ঘরে ঘরে পুরুষের ওপর যে নির্যাতনের নীরব স্টিমরোলারবইছে, তাতে নারী-পুরুষের স্বন্ধ প্রকাশ্য সংঘর্ষে পরিণত হতে খুব বেশি সময় নেবে না।

ভালো আইন কেবল একপাক্ষিক স্বার্থ সংরক্ষণ করবে না। অথচ মানুষ নির্যাতনের ক্ষেত্রে কেবল নারী নির্যাতন প্রতিরোধ আইন আছে। নারীর সুরক্ষা, নিরাপত্তা ও সম্মান নিশ্চিত করার জন্য এই আইনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব অনস্বীকার্য। পুরুষের মধ্যে বর্বরতার স্বভাব, পৈশাচিকতা এবং লোভ এখনো বিদ্যমান। পারিবারিক রেওয়াজ এবং সামাজিকতার নামে অসামাজিক যৌতুক প্রথার কবলে নারীদের নির্যাতিত হওয়ার হার এখনো অনেক বেশি।

দুর্বলকে সবলের দ্বারা আক্রমণের শিকার হওয়ার প্রবণতা সৃষ্টি সেই আদি লগ্ন থেকে। পারিবারিক শিক্ষা, সামাজিক মর্যাদা ও অর্থনৈতিক মুক্তির ক্ষেত্রে সমাজকাঠামোর অনেকগুলো স্তর বিদ্যমান থাকায় পুরুষের সভ্যতারও রকমফের আছে। কোনো কোনো সমাজে ব্যক্তিস্বাধীনতা খর্ব করাও নির্যাতনের নামান্তর, আবার কোথাও কোথাও দু-চারটা চড়-থাপ্পড় পর্যন্ত স্বাভাবিক প্রচলন। তবুও নারীর প্রতি যাতে কোনো দেহিক ও মানসিক প্রকারের নির্যাতন না হয়, অন্যায্য চাপিয়ে দেওয়া না হয়-সেজন্য আইনে সুরক্ষা ও প্রতিকারের কথা বলা আছে।



শুধু নারী ও শিশুদের সুরক্ষা নিশ্চিত করার জন্য স্বতন্ত্রভাবে পারিবারিক আদালত গঠন করা হয়েছে এবং উপজেলা পর্যায় পর্যন্ত এর পরিধি বিস্তৃত। যুগে যুগে নারীরা যে পরিমাণ নির্যাতিত ও নিগৃহীত, তাতে পুরুষগণ নারীদের প্রতি অবিচারই করেছেন বটে। তবে নারী শিক্ষার হার বাড়ার কারণে এবং নারী-পুরুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির ফলে নারীর শারীরিক নির্যাতনের মাত্রা কমে এসেছে। এই প্রজন্মের অংশীদার হিসেবে আশা করি, অচিরেই নারী মানসিক নির্যাতন থেকে মুক্তি পাবে এবং তাদের অর্থনৈতিক স্বনির্ভরতা সৃষ্টি হবে।

ভদ্র সমাজের পুরুষরা বেশ নির্যাতিত। শুধু স্ত্রী কর্তৃক নয়, বরং কখনো কখনো স্ত্রী-পক্ষের দ্বারাও শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনা ঘটছে। সমাজে যে পরিমাণ পুরুষ নির্যাতনের ঘটনা ঘটছে, তার সিকিভাগও প্রকাশে আসে না। যেহেতু নারীর দ্বারা পুরুষ নির্যাতনের বিষয়টিকে পুরুষত্বের প্রতি লজ্জা ও বিদ্বেষ হিসেবে দেখা হয়, সেহেতু অনেকেই সহ্যসীমা পর্যন্ত প্রকাশ করেন না।

যখন পরিস্থিতি পুরুষকে দেয়ালের সাথে ঠেকিয়ে দেয়, জীবন প্রায় যায় যায়, তখনও কেউ কেউ মুখ খোলে; অনেকেই না। দাম্পত্য কলহকে অনেকেই সম্মানের প্রশ্নে প্রকাশ করেন না। এমনকি যে পুরুষ নির্যাতিত, সে নিজের বাবা-মা কিংবা ভাই-বোনের সাথেও এইসব বিষয় শেয়ার করে না। মানুষ হিসেবে যাদের জাত ভালো, সেটা পুরুষ হোক কিংবা নারী, তাদের সংসারে শান্তি থাকলেও কিছু কিছু বেজাত অশান্তি সৃষ্টির অন্যতম কারণ।

ফৌজদারি অপরাধ সংগঠনের ক্ষেত্রে নারীদের সংশ্লিষ্টতা বাড়ছে, প্রতারণার ক্ষেত্রেও অনেক নারী জড়িয়ে যাচ্ছে। কাজেই সেই সব নারী যখন পরিবারের অংশ, তখন তাদের দ্বারা বাবা-ভাই, বিশেষত স্বামী নিরাপদে আছে-এমনটা ভাবা ঠিক নয়। শুধু মানসিকভাবে নয়, অনেক নারী সংসারে স্বামীকে দৈহিক নির্যাতনও করে। খুন-জখম করার খবর পর্যন্ত পত্রিকা-মিডিয়ায় আসে। এইসব অপরাধকে কেবল ফৌজদারি অপরাধ হিসেবে দেখার সুযোগ নেই, বরং সংসার ও সমাজে পুরুষকে সুরক্ষিত রাখার জন্য বিশেষ আইন প্রণয়ন করা জরুরি।

সমাজের সর্বত্রই নারী-পুরুষের সমান অংশীদারত্ব বাড়ছে। কোনো কোনো সূচকে পুরুষকে পেছনে ফেলে নারী এগিয়ে যাচ্ছে। অন্তত সুখবর যে, এই সূচকসমূহের প্রায়গুলোই নারী প্রগতির পক্ষে ইতিবাচক। শিক্ষায় নারী অভূতপূর্ব উন্নতি করছে। সাহিত্য ও সংস্কৃতির চর্চা, এমনকি রাজনীতিতেও নারীদের অংশগ্রহণ সাড়া ফেলছে। এরপর ২০ পৃষ্ঠায়

# বিএনপির জনসমর্থন ১৬ শতাংশ, জামায়াতের ৩১ শতাংশ-কতটা বিশ্বাসযোগ্য

মারুফ মল্লিক



নির্বাচনকে সামনে রেখে নানা ধরনের জরিপের ফলাফল আমাদের সামনে আসছে। কমবেশি সব দেশেই নির্বাচনের আগে নানা ধরনের জরিপ পরিচালনা করে কিছু আগাম ধারণা নেওয়ার চেষ্টা করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান ও রাজনৈতিক সংগঠন নিজস্ব উদ্যোগে জরিপ করে নির্বাচনী মাঠের পরিস্থিতি অনুধাবনের চেষ্টা করে। বোদ্ধারা এসব জরিপের ফলাফলের সঙ্গে নিজস্ব ধারণার সংশ্লেষ ঘটিয়ে রাজনীতিকে বিশ্লেষণ করার চেষ্টা করেন।

অনেক সময় এসব জরিপের ফলাফল বাস্তবের সঙ্গে মেলে, আবার অনেক সময় মেলে না। জরিপের ফলাফলকে নাকচ করে দিয়ে নির্বাচনে উল্টো ফল বেরিয়ে আসে কখনো কখনো। ভোটের হিসাব-নিকাশ আদৌ কোনো সহজ কাজ নয়। তাই জরিপের ফলাফলও অনেক সময় ভুল প্রমাণিত হয়।

উদ্দেশ্যপ্রণোদিতভাবে জরিপ পরিচালনা করলে নির্বাচনের ফলাফলের সঙ্গে তা না মেলার আশঙ্কাই বেশি থাকে। তারপরও অনেক প্রতিষ্ঠান, রাজনৈতিক দল নিজস্ব স্বার্থ নিশ্চিত করতে এ ধরনের জরিপ পরিচালনা করে। গবেষণা প্রক্রিয়ার (রিসার্চ মেথডলজি) ভাষায় এই ধরনের জরিপকে বলা হয় বায়াসড বা পার্শাসিত সার্ভে। সংশ্লিষ্ট ব্যক্তিরা যা আশা করেন বা যে ধরনের ফলাফল দেখতে চান, সেদিকে লক্ষ রেখে জরিপের নকশা তৈরি করা হয়। জরিপে মাঠের প্রকৃত চিত্র যেমন তুলে আনা সম্ভব। আবার নিজস্ব পছন্দ অনুসারে ফলাফলও তৈরি করা যায়। এটা নির্ভর করে গবেষণা জরিপের তথ্য-উপাত্ত ও নমুনা সংগ্রহের কাঠামো নির্ধারণের ওপর। ধরা যাক, জার্মানির বন শহরে ধূমপানের প্রবণতা নিয়ে একটি জরিপ পরিচালনা করা হবে। এখন বন শহরের কেন্দ্রীয় বাস ও রেলস্টেশন, পানশালার আশপাশে বা ভেতরে জরিপ পরিচালনা করলে ধূমপানের পক্ষে ফলাফল পাওয়া যাবে। আবার বন শহরের বিভিন্ন পরিবেশবাদী সংগঠন, বন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরিবেশবাদী সংগঠনের সদস্যদের মধ্যে জরিপ পরিচালনা করলে ধূমপান সম্পর্কে নেতিবাচক ফলাফল পাওয়া যাবে। বন শহরের পুরো জনগোষ্ঠীর ওপর জরিপ পরিচালনা করলে হয়তো প্রকৃত চিত্র পাওয়া যাবে। কিন্তু এটা সময় ও ব্যয়সাপেক্ষ বিষয়। এত লম্বা সময় ধরে জরিপ সাধারণত নির্বাচন বা জনমত জরিপের গবেষণায় করা হয় না।



> আরেকটি কারণ হতে পারে, জনসমর্থন কমে যাওয়ার ভয় দেখিয়ে বিএনপির কাছ কিছু আদায় করে নেওয়া। আমরা জানি না সঠিক কী কী কারণে এসব উদ্দেশ্যপ্রণোদিত জরিপ পরিচালনা করা হচ্ছে। তবে কিছুটা আঁচ করতে পারি, এসব উদ্দেশ্যপ্রণোদিত জরিপের সম্ভাব্য প্রভাব নিয়ে। এই ধরনের জরিপ জনগণের মধ্যে পরিষ্কারভাবে বিভ্রান্ত তৈরি করবে। ভোটের মাঠে এসব জরিপ বিএনপির জন্য ক্ষতির কারণ হয়ে দাঁড়াতে পারে। নানাভাবে বিএনপিকে কোণঠাসা করার চেষ্টা চলছে। এসব জরিপ কোণঠাসা করার সেসব পরিকল্পনারই অংশ হতে পারে। সামাজিক যোগাযোগমাধ্যমে জোর প্রচারণা চলছে বিএনপি একাই সব দখল করে নিচ্ছে। আর উদ্দেশ্যপ্রণোদিত জরিপগুলো বলছে এসব কারণে বিএনপির জনপ্রিয়তা কমছে

সম্প্রতি দেশে নির্বাচনকে ঘিরে এ ধরনের কিছু উদ্দেশ্যপ্রণোদিত গবেষণার ফলাফল পাওয়া যাচ্ছে। আগেই বলে রাখা ভালো এই জরিপগুলোকে ভুল বা ত্রুটিপূর্ণ প্রমাণ করা কঠিন। গবেষণা পরিকল্পনা, নমুনার আকার ও সংগ্রহ করার পদ্ধতি পর্যালোচনা করলে দেখা যাবে, বিজ্ঞানসম্মত উপায়ে সুনির্দিষ্ট মানদণ্ড অনুসরণ করেই জরিপ করা হয়েছে। কিন্তু ফলাফল এসেছে কোনো সুনির্দিষ্ট গোষ্ঠীর পক্ষে।

যেমন শেখ হাসিনার শেষ দিকে বিভিন্ন জরিপের ফলাফল উল্লেখ করে বলা হয়েছিল, বিপুল জনসমর্থন নিয়ে তিনি আবার ক্ষমতায় আসবেন। কিন্তু বাস্তবতা হচ্ছে, ২০২৪ সালের জানুয়ারি মাসের নির্বাচনে ৫ শতাংশ মানুষও ভোট প্রদান করেননি। এমনকি আওয়ামী লীগের সমর্থকেরাও ভোটকেন্দ্রে যাননি। ফলে বোঝাই যাচ্ছে ওই জরিপগুলো ছিল উদ্দেশ্যপ্রণোদিত।

ঠিক একই রকম উদ্দেশ্যপ্রণোদিত জরিপের এখন হুড়াহুড়ি চলছে। শেখ হাসিনা পালিয়ে যাওয়ার পর গত বছরের অক্টোবরে ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্টের (বিআইজিডি) পরিচালিত এক জরিপে দেখা গেল, ওই সময় ভোট হলে মাত্র ১৬ শতাংশ মানুষ বিএনপি সমর্থন করবেন। ৩৮ শতাংশ মানুষ কোনো দলকেই সমর্থন করছেন না। কিন্তু ওই সময় বিএনপির প্রতি জনসমর্থন ছিল তুঙ্গে।

প্রশ্ন হচ্ছে, উদ্দেশ্যপ্রণোদিত গবেষণা জরিপ কেন করা হয়। এর একটি কারণ হচ্ছে জনমতকে প্রভাবিত করা। বিভিন্ন কারণে বিএনপির প্রতি জনসমর্থন কমে গেছে, এটা ভোটারদের মনে ঢুকিয়ে দিতে পারলে সমাজের একটি অংশকে প্রভাবিত করা যাবে। আরেকটি কারণ হতে পারে, জনসমর্থন কমে যাওয়ার ভয় দেখিয়ে বিএনপির কাছ কিছু আদায় করে নেওয়া।

শেখ হাসিনা সবে পালিয়ে গেছেন। তখনো বিএনপির লোকজন নানা ক্ষেত্রে জেঁকে বসতে পারেননি। এবার জুলাই মাসে পরিচালিত এক জরিপে দেখা যাচ্ছে, বিএনপির প্রতি জনসমর্থন কমে গেছে। মাত্র ১২ শতাংশ মানুষ বিএনপিকে সমর্থন করে। আর ৪৯ শতাংশ মানুষ কোনো সিদ্ধান্ত এখনো নিতে পারেনি।

গত বছর অক্টোবরের জরিপটি নিয়ে বেশি আলোচনা হয়নি। কারণ, তখন কেবলই আওয়ামী লীগ পালাতে বাধ্য হয়েছে। কিন্তু বিআইজিডির দুটি জরিপ নিয়েই খটকা আছে। বিএনপির তৃণমূলের নানা ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের কারণে মানুষ বিরক্ত হচ্ছে। এ বিষয় কোনোভাবেই অস্বীকার করা যাবে না। কিন্তু কোনোভাবেই বিএনপির সমর্থন ১২ শতাংশ হতে পারে না।

এরপর ২৪ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইর্য়ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# সংশয়-শঙ্কা থেকে অশনি সংকেত

> এগুলো তো অত্যন্ত স্পষ্ট এবং সরাসরি অশনিসংকেত হিসেবে প্রতীয়মান। এ ছাড়া কিছু সংকেত পাওয়া যাচ্ছে পরোক্ষভাবে। এর মধ্যে প্রধান হচ্ছে বিভিন্ন রাজনৈতিক দল ও নেতার মার্কিন রাষ্ট্রদূতের আতিথ্য গ্রহণ বৃদ্ধি পাওয়া। অন্য কিছু দূতাবাসেও তাঁদের যাতায়াতের খবরাখবর প্রায় নিয়মিতই প্রকাশিত হয়। তবে সম্প্রতি সংবিধান সংস্কার কমিশনের সভাপতি এবং জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজের মার্কিন রাষ্ট্রদূতের আতিথ্য গ্রহণ সবারই বিশেষ নজর কেড়েছে। এখন কথা হলো, জুলাই অভ্যুত্থানের মতো একটি গণ-অভ্যুত্থানের পরও যদি আমাদের রাজনৈতিক দলগুলো এবং নেতাদের সংবিৎ না ফেরে, গণতন্ত্র প্রতিষ্ঠার প্রক্রিয়াকে যদি ভিন্ন খাতে প্রবাহিত করার উদ্দেশ্যে জটিল করে তোলা হয়, সেটাও জাতির জন্য অশনিসংকেতই বটে

অরুণ কর্মকার



অনেকেরই সংশয় ছিল। কারও কিছুটা হালকা, কারও আবার গভীর। কেউ কেউ শঙ্কিতও ছিলেন। দেশের পরিস্থিতি কোন দিকে যায় তা নিয়ে। এদের সবার সেই সব সংশয় ও শঙ্কা এখন ছড়িয়ে পড়েছে সর্বত্র। ফলে দেশের শাসনব্যবস্থার গণতান্ত্রিক রূপান্তরকামী সাধারণ মানুষের জন্য তা হয়ে উঠেছে অশনিসংকেত। হ্যাঁ, এই কথাগুলো হচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচন নিয়ে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ৫ আগস্ট জাতির উদ্দেশে দেওয়া ভাষণে সেই নির্বাচনের সময় ঘোষণা করেছেন। সে ঘোষণা অনুযায়ী, আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে চিঠি পেয়ে নির্বাচন কমিশনও সেইভাবে প্রস্তুতি শুরু করেছে। এই দিন তিনেক আগেও মালয়েশিয়া সফরের সময় প্রধান উপদেষ্টা সেখানকার প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে এক মতবিনিময় সভায় বলেছেন, অন্তর্বর্তী সরকার এখন সাধারণ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করার জন্য প্রস্তুত। কিন্তু ঘটনাবলি তো তার আগেই অন্যদিকে মোড় নিতে শুরু করেছে। নির্বাচনের সময় ঘোষণার দু-এক দিনের মধ্যেই জামায়াতে ইসলামী প্রধান উপদেষ্টার ঘোষিত জুলাই ঘোষণাপত্র এবং এখন পর্যন্ত অঘোষিত জুলাই সনদের আইনি ভিত্তির দাবিতে দুই দিনের বিক্ষোভ কর্মসূচি পালন করেছে। একই সঙ্গে জামায়াত এই ঘোষণাও করে রেখেছে যে, তাদের দলীয় অবস্থান অনুযায়ী সংসদের উভয় কক্ষেই সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির নির্বাচনের দাবিতে তারা আন্দোলন চালিয়ে যাবে। এখন তারা সেই আন্দোলনের রূপরেখা প্রণয়ন করছে বলেও শোনা যাচ্ছে। জামায়াতের এই আন্দোলনমুখী অবস্থান বিশেষভাবে লক্ষণীয় এই কারণে যে, দলটি জুলাই অভ্যুত্থানের পরিকল্পনা, বাস্তবায়ন ও সফলতার গুরুত্বপূর্ণ অংশীদার। অন্তর্বর্তী সরকারের ঘনিষ্ঠ সমর্থক এবং দেশে একটি গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনে বিশ্বাসী। তবে তারা আগামী ফেব্রুয়ারির সম্ভাব্য নির্বাচন অনুষ্ঠানের আগে উপরি উক্ত কয়েকটি শর্ত সাপেক্ষের দাবি তুলেছে।

দ্বিতীয়ত, গণঅধিকার পরিষদের সভাপতি এবং ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর ১০ আগস্ট রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক আলোচনা সভায় বলেছেন, 'অনেকে মনে করছেন যে রাজনৈতিক বোঝাপড়া হয়ে গেছে। নির্বাচন হবে। কেউ সরকারে যাবে, কেউ বিরোধী দলে। পরিবেশ স্বাভাবিক হয়ে যাবে। কিন্তু বাংলাদেশের রাজনীতির আকাশে এখনো মেঘ ঘনিয়ে আছে। নির্বাচনের তারিখ ঘোষণা হলেও শঙ্কা কাটেনি। দেশে আগামী দিনে নানা ধরনের রাজনৈতিক সংকট দেখা দিতে পারে এবং সেই সংকট থেকে দেশ আবারও ওয়ান-ইলেভেন কিংবা ফ্যাসিবাদের দিকে যেতে পারে।' নুরুল হক নুর হয়তো একটি ছোট দলের নেতা। কিন্তু তাঁর কথা এই কারণে গুরুত্বপূর্ণ যে, জুলাই অভ্যুত্থান সংঘটিত করা এবং সংঘটনের ক্ষেত্রে তাঁর এবং তাঁর দলের বিশেষ ভূমিকা ছিল। অভ্যুত্থানের অব্যবহিত পরেও অভ্যুত্থানের স্ট্রাইকিং ফোর্স ছাত্র নেতৃত্বের অন্যতম প্রধান মেন্টর ছিলেন তিনি। ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে তাঁর শঙ্কা তাই বিশেষ কিছুর ইঙ্গিতবহ হতে পারে বলে বিশ্বাস করার যৌক্তিক কারণ আছে।

তৃতীয়ত, ছাত্র নেতৃত্বের আরেকজন গুরুত্বপূর্ণ মেন্টর লেখক ও রাষ্ট্রচিন্তক ফরহাদ মজহার ১২ আগস্ট জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে বলেন, 'বাংলাদেশে এখন অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের মতো পরিবেশ বিরাজমান নয়। রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্যের পরিবেশ সৃষ্টি হয়নি। সরকারের অনেক অর্জন থাকলেও রাজনৈতিক ঐক্য প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়েছে। এই পরিস্থিতিতে নির্বাচন আয়োজন করা গ্রহণযোগ্য নয়।...শেখ হাসিনার রেখে যাওয়া সংবিধানের অধীনে কোনো নির্বাচন জনগণ মেনে নেবে না। আমরা বেচাকেনা করে নির্বাচনী বৈতরণি পার করার পুরোনো কৌশল জনগণ মেনে নেবে না। গণসার্বভৌমত্ব কায়েম না হওয়া পর্যন্ত আমাদের লড়াই চালিয়ে যেতে হবে।' তিনি ফেব্রুয়ারির নির্বাচনকে সংবিধান সংশোধনের মতো অতি গুরুত্বপূর্ণ শর্তের অধীন করেছেন।

চতুর্থত, ওই একই দিনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী আরও স্পষ্ট করে বলেছেন, 'ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না।' এনসিপির যুব সংগঠন জাতীয় যুব শক্তি আয়োজিত 'জাতীয় যুব সম্মেলন ২০২৫' শীর্ষক এক অনুষ্ঠানে তিনি বলেন, 'নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছে ফেব্রুয়ারিতে। কিন্তু ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না। যদি ফেব্রুয়ারিতে নির্বাচন হয় তাহলে আমার যে ভাইয়েরা শহীদ হয়েছিল, সংস্কারের জন্য একটি নতুন সংবিধানের জন্য রক্ত দিয়েছিল, সেই মরদেহটা সরকারের ফেরত দিতে হবে। একই সংবিধানে একই ফ্যাসিবাদী সিস্টেমে নির্বাচনে যাচ্ছি। তাহলে এতগুলো মানুষের শহীদ হওয়ার দরকার কী ছিল? ...আর একটা ফ্যাসিবাদের কারখানা রয়ে গেছে এখনো-বঙ্গভবন। এটার পতন আপনাদের হাত ধরে হবে ইনশা আল্লাহ।'

পঞ্চমত, ওই একই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, 'নির্বাচন চাই। তবে পরিবর্তনের মধ্য দিয়ে যেতে হবে। জুলাই ঘোষণাপত্রে ছাড় দেওয়া হয়েছে। কিন্তু জুলাই সনদে একবিন্দুও ছাড় দেওয়া হবে না। জুলাই সনদের যে এরপর ২০ পৃষ্ঠায়



# ড. ইউনূস এখন কী করবেন

মনজুরুল ইসলাম

অন্তর্বর্তী সরকারপ্রধান ড. মুহাম্মদ ইউনূস বারবার বলেছেন, তাঁর সরকারের ওপর প্রধানত তিনটি কাজের দায়িত্ব ছিল। সংস্কার, বিচার এবং নির্বাচন। অর্থাৎ রাষ্ট্রের ভেঙে পড়া সব গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের সংস্কার, স্বৈরাচার ও তার দোসরদের বিচার এবং একটি সুষ্ঠু, গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান। গত ৫ আগস্ট রাজধানীর মানিক মিয়া এভিনিউর সমাবেশে তিনি বলেছেন, 'আমরা আমাদের সর্বশেষ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়ে প্রবেশ করব। আমরা এবার একটি নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তরের প্রক্রিয়া শুরু করব।' প্রতিশ্রুতি অনুযায়ী তিনি তা করেছেনও। পরদিনই নির্বাচন কমিশনকে চিঠি দিয়ে নির্বাচন অনুষ্ঠানের আয়োজন করতে বলেছেন। তাঁর এ উদ্যোগে দেশবাসী আশ্বস্ত হয়েছে।

অধিকাংশ রাজনৈতিক দলই তাঁর নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগকে স্বাগত জানিয়েছে। কিন্তু মাত্র এক মাস হয় দিনের মাথায় তাঁর আদরের বিপ্লবীরা স্পষ্ট করে ঘোষণা দিলেন, ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না। বিপ্লবীদের এ ঘোষণায় গোটা জাতি স্তম্ভিত। প্রশ্ন হচ্ছে, তাহলে ড. মুহাম্মদ ইউনূস এখন কী করবেন? শ্যাম রাখবেন না কুল রাখবেন।

তাহলে কি আমার প্রিয় পাঠক মাহতাব উদ্দিনের আশঙ্কাই সত্যি হতে যাচ্ছে? নাকি নির্বাচনবিরোধী বিপ্লবীরা প্রতিবিপ্লবের মুখোমুখি হবেন।

৫ আগস্ট ২০২৪-এর আগে-পরে কৌলীন্য প্রকাশের ভঙ্গিতে বেশ কিছু শব্দ ব্যবহৃত হচ্ছে। এর অন্যতম হলো 'নতুন বন্দোবস্ত' ও 'দ্বিতীয় স্বাধীনতা'। আমরা যদি আমাদের রাষ্ট্র গঠন ও স্বাধীনতার ইতিহাস পর্যালোচনা করি তাহলে মুক্তিযুদ্ধের ইতিহাস সবচেয়ে স্মরণীয় ও গুরুত্বপূর্ণ। নতুন বন্দোবস্ত করার জন্যই পাকিস্তান ভেঙে বাংলাদেশ গড়ার প্রয়োজন হয়েছিল।

পাকিস্তানি শাসকরা এ প্রয়োজন অনুভব করেননি। সেই সঙ্গে আমাদের দেশের কিছু মানুষও পাকিস্তান ভাঙার প্রয়োজন বোধ করেনি। সে কারণেই তাদের অবস্থান ছিল মুক্তিযুদ্ধের বিরুদ্ধে। রাজাকার, আলবদর, আলশামস ও শান্তি কমিটির সদস্য হিসেবে তারা যোগ দেয় পাকিস্তানিদের পক্ষে। যারা সেদিন বাংলাদেশটা চায়নি, ৫৪ বছর পর নতুন বন্দোবস্তের নামে তারাই এখন দ্বিতীয় স্বাধীনতার কথা বলছে। অর্থাৎ ১৯৭১ সালের স্বাধীনতা যারা মানতে পারেনি, তারাই এখন দ্বিতীয় স্বাধীনতার কথা বলে '৭১-কে অস্বীকারের অপচেষ্টা করছে। '৭১ সালে তাদের চেহারা সবার কাছে পরিচিত ছিল। কিন্তু সেই পরিচিত চেহারার আড়ালে এখন অনেক নতুন চেহারা ভেসে উঠছে। নেহরু ডকট্রিনের ধুয়া তুলে নতুন নতুন তাত্ত্বিকও '৭১ অস্বীকারের স্পর্ধা দেখাচ্ছে। অর্থাৎ যারা মুক্তিযুদ্ধ মানতে পারেনি, '৭১-এর স্বাধীনতা মানতে পারেনি, জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণা মানতে পারেনি, তারা ও তাদের নতুন প্রজন্ম 'নতুন বন্দোবস্ত' ও 'দ্বিতীয় স্বাধীনতা' প্রতিষ্ঠা করতে চায়। বর্তমান রাজনীতিতে তারাই বিএনপির প্রতিপক্ষ। বাংলাদেশের স্বাধীনতায় দল হিসেবে বিএনপির অবদান ছিল না। কারণ সে সময় বিএনপির জন্ম হয়নি। তবে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে অস্বীকার করে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস ইচ্ছা করলেও লেখা সম্ভব নয়। মেজর জিয়া ছিলেন মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার। তিনি শুধু যুদ্ধই করেননি, বাংলাদেশের স্বাধীনতাও ঘোষণা করেছেন। মুক্তিযুদ্ধের সময় শেখ মুজিবুর রহমানকে গ্রেপ্তারের পর মেজর জিয়ার স্বাধীনতার ঘোষণাই বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্মের সর্বপ্রথম স্বীকৃতি। শিশুর জন্মের পর প্রথম কান্নার মতো। যে দলের প্রতিষ্ঠাতা মহান স্বাধীনতাযুদ্ধে সরাসরি অংশগ্রহণ করেছেন, স্বাধীনতার ঘোষণা দিয়েছেন; বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় সেই দলের দায়দায়িত্ব অনেক বেশি। '৭১-এর স্বাধীনতার মর্যাদা রক্ষার একমাত্র কাণ্ডারি এখন শহীদ জিয়ার দল বিএনপি। নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস, জাতীয়তাবাদী শক্তির একমাত্র আশ্রয়স্থল, তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নদ্রষ্টা তারেক রহমানই বুঝতে পারছেন নির্বাচন, স্বাধীনতা-সার্বভৌমত্ব নিয়ে কী ভয়ংকর ষড়যন্ত্র চলছে। এ তিনজনই উপলব্ধি করতে পারছেন, একটি নির্বাচনের মাধ্যমে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা ছাড়া অন্য কোনো উপায় নেই। সে কারণেই লন্ডন বৈঠকে একমত হয়েছেন ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। এদিকে ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না বলে যারা ঘোষণা দিয়েছেন, তারা সবাই ড. ইউনূসের প্রিয়ভাজন। সর্বমহলে সম্মানিত ও গ্রহণযোগ্য, অগ্রজের একটি সিদ্ধান্ত যদি তাঁরই আদর্শের অনুজরা মানতে অস্বীকার করেন, তাহলে এর নেপথ্য কারণ কী থাকতে পারে, তা খুঁজে বের করতে খুব বেশি সময় লাগবে না। নির্বাচন ঠেকানোর ঘোষণা যদি দেশ ও গণতন্ত্রবিরোধী ষড়যন্ত্র হয়, তাহলে অতীতের মতো জনগণই তা প্রতিহত করবে। এটা ভাবার কোনো কারণ নেই যে ৫ আগস্টের বিপ্লবের পর আর কোনো প্রতিবিপ্লব হবে না। যারা নির্বাচন প্রতিহত করতে চায় তাদের হয়তো এবার প্রতিবিপ্লবের মুখোমুখি হতে হবে। চন্দন গাছের সঙ্গে আমাদের পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় জীবনের অনেক এরপর ২৮ পৃষ্ঠায়





> আর বর্তমান সময়ে ত্যাগ নয়, ভোগেই শান্তি খোঁজেন অধিকাংশ নেতা। জাতীয়তাবাদের একমাত্র কাণ্ডারি বেগম খালেদা জিয়া সারা জীবন ত্যাগ স্বীকার করেছেন। দেশ ও দেশের মানুষের জন্য নিবেদিতপ্রাণ হয়ে কাজ করেছেন। তিনবার প্রধানমন্ত্রী হয়ে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় ছিলেন অতন্দ্র প্রহরী। জাতির এ চরম দুঃসময়ে কাণ্ডারি হয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। আমাদের এ মহামূল্যবান দুই চন্দন বৃক্ষই পারে ক্রান্তিকাল থেকে জাতিকে রক্ষা করতে। যত বাধাই আসুক, প্রতিশ্রুত সময়ে একটি নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে দেশে গণতন্ত্রের যাত্রাটা যদি শুরু করা যায়, তা হলেই আমাদের শেষরক্ষা হবে। চন্দনের শীতল ছায়ায় আমরা আগামীর পথে চলতে পারব

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

DHAKA OFFICE
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

Phone: 917-396-4140, 917-592-7828

# ন্যায়পাল: গণতন্ত্রের সুপ্ত শক্তি ও বাংলাদেশের অপূর্ণ স্বপ্ন

লোকমান আহমেদ

গণতন্ত্র কেবল একটি রাজনৈতিক কাঠামো নয়, এটি রাষ্ট্র ও নাগরিকের মধ্যে এক অবিচ্ছেদ্য নৈতিক চুক্তি। এই চুক্তিতে জনগণ তাদের সার্বভৌম ক্ষমতা নির্বাচিত প্রতিনিধিদের হাতে ন্যস্ত করে, আর বিনিময়ে প্রত্যাশা করে সুশাসন, স্বচ্ছতা এবং জবাবদিহিতা। গণতান্ত্রিক রাষ্ট্রে এই প্রতিশ্রুতির মূলে থাকে বিশ্বাস যে ক্ষমতাসীনরা জনগণের স্বার্থ রক্ষায় নিষ্ঠাবান ও ন্যায়পরায়ণ হবেন। কিন্তু বাস্তব অভিজ্ঞতা প্রমাণ করে, কেবল রাজনৈতিক সদিচ্ছা ও নির্বাচনী ম্যান্ডেটের উপর ভরসা করলেই ক্ষমতার অপব্যবহার রোধ হয় না। ক্ষমতা যত কেন্দ্রীভূত হয়, ততই তা অব্যবহৃত বা অপব্যবহারের সম্ভাবনা বাড়ে।

এই কারণেই বিশ্বজুড়ে অনেক গণতান্ত্রিক দেশে ন্যায়পাল বা ওম্বাডসম্যান প্রথা বিকশিত হয়েছে, যেখানে একজন স্বাধীন, নিরপেক্ষ ও ক্ষমতাধর ব্যক্তি রাষ্ট্রের যেকোনো প্রশাসনিক অন্যায়, অবহেলা বা দুর্নীতির বিরুদ্ধে সরাসরি তদন্ত চালাতে পারেন এবং জনগণের পক্ষে ন্যায়বিচার নিশ্চিত করেন। এটি কেবল প্রশাসনিক সংস্কারের অংশ নয়, বরং ক্ষমতার উপর একটি প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ যা গণতন্ত্রের দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা নিশ্চিত করে।

দুঃখজনকভাবে, বাংলাদেশের সংবিধানে ন্যায়পালের সাংবিধানিক স্বীকৃতি থাকলেও প্রায় চার দশক ধরে এই প্রতিষ্ঠান বাস্তবায়নের আলোর মুখ দেখেনি। আইন পাস হয়েছে, কিন্তু কার্যকর হয়নি; পদ সৃষ্টি হয়েছে, কিন্তু নিয়োগ হয়নি; কাগজে স্বপ্ন রচিত হয়েছে, কিন্তু তা বাস্তবের মাটিতে দাঁড়াতে পারেনি। ফলে জনগণের জন্য যে এক নিরাপদ আশ্রয়স্থল হওয়ার কথা ছিল, তা রয়ে গেছে শুধুই এক অপূর্ণ অঙ্গীকার।

আজ, যখন প্রশাসনিক জবাবদিহিতা প্রশ্নবিদ্ধ, দুর্নীতি প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছে, আর জনগণের আস্থা ক্ষয়প্রাপ্ত হচ্ছে, তখন ন্যায়পাল প্রতিষ্ঠা আর বিলাসিতা নয়, বরং গণতন্ত্র রক্ষার জন্য এক অপরিহার্য অস্ত্র। এটি কেবল একটি পদ নয়, বরং ন্যায়ের প্রতীক, স্বচ্ছতার প্রতীক, এবং জনগণের নীরব কিন্তু শক্তিশালী কণ্ঠস্বরের প্রতীক।

**সাংবিধানিক স্বীকৃতি ও কিন্তু বাস্তবায়নের অভাব**

বাংলাদেশের সংবিধানের ৭৭ অনুচ্ছেদে একটি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি বহন করে, রাষ্ট্রপতির অধীনে একজন ন্যায়পাল বা ওম্বাডসম্যান নিয়োগ করা হবে, যিনি সরকারি ও আধা-সরকারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আসা অভিযোগ তদন্ত করবেন এবং তার প্রতিবেদন সরাসরি জাতীয় সংসদে উপস্থাপন করবেন। এই বিধান কেবল একটি আইনি ধারা নয়, বরং এটি গণতান্ত্রিক শাসনব্যবস্থায় ক্ষমতার ভারসাম্য রক্ষা ও জনগণের আস্থা সুরক্ষার একটি অপরিহার্য প্রক্রিয়া। বিশ্বের বহু দেশে এই ধারা কার্যকরভাবে প্রয়োগ করে প্রমাণিত হয়েছে যে, একটি স্বাধীন ও শক্তিশালী ন্যায়পাল দুর্নীতি প্রতিরোধ, প্রশাসনিক স্বচ্ছতা এবং জবাবদিহিতা প্রতিষ্ঠায় অনন্য ভূমিকা রাখতে পারে।

কিন্তু বাংলাদেশের বাস্তবতা এই সাংবিধানিক প্রতিশ্রুতির সম্পূর্ণ বিপরীত। ১৯৮০ সালে প্রয়োজনীয় আইন পাস হলেও চার দশকেরও বেশি সময় ধরে পদটি শূন্য রয়েছে। এটি শুধু একটি প্রশাসনিক ব্যর্থতা নয়, এটি আমাদের গণতান্ত্রিক প্রতিশ্রুতির এক গভীর সংকট। রাজনৈতিক সদিচ্ছার অভাব, ক্ষমতার কেন্দ্রীভূত মানসিকতা, প্রশাসনিক জটিলতা এবং প্রাতিষ্ঠানিক অনাগ্রহ মিলে এই প্রতিষ্ঠানটিকে কার্যত কবর দিয়ে রেখেছে।



বাস্তবে, ক্ষমতাসীনদের কাছে ন্যায়পালের ধারণা অনেক সময় "স্বেচ্ছাচারী ক্ষমতার উপর নিয়ন্ত্রণ" হিসেবে দেখা হয়, যা তাদের স্বার্থের সঙ্গে সাংঘর্ষিক হতে পারে। ফলে, শাসনব্যবস্থার স্বচ্ছতা ও নাগরিক স্বার্থ রক্ষার পরিবর্তে, ক্ষমতা ধরে রাখার রাজনীতি ন্যায়পালের বাস্তবায়নকে বারবার পিছিয়ে দিয়েছে। এই অনিচ্ছা শুধু আইন প্রণয়ন পর্যায়েই সীমাবদ্ধ নয়; বরং প্রশাসনিক কাঠামোর মধ্যেও ন্যায়পাল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা নিয়ে আন্তরিক উদ্যোগ প্রায় দেখা যায়নি।

ফলাফল হচ্ছে, যে প্রতিষ্ঠানটি জনগণের শেষ আশ্রয়স্থল হতে পারত, সেটি আজও জন্মের আগেই অবরুদ্ধ। আমাদের সংবিধানের এই অধ্যায় যেন এক স্থায়ী খালি চেয়ারের প্রতীক, যা বারবার মনে করিয়ে দেয়, আইন বইয়ের পাতায় থাকা অঙ্গীকার বাস্তবের মাটিতে কত সহজে উপেক্ষিত হতে পারে।

**ন্যায়পালের প্রকৃত অর্থ ও কার্যাবলি**

'ন্যায়পাল' শব্দের অর্থ "ন্যায়ের রক্ষক"। কিন্তু এটি শুধু ন্যায়ের পাহারাদার নয়, এটি একধরনের 'নৈতিক বর্ম' যা জনগণকে স্বেচ্ছাচারিতা, প্রশাসনিক অব্যবস্থাপনা এবং গোপন দুর্নীতির হাত থেকে রক্ষা করে। ন্যায়পালের কাজ হলো- নাগরিক অভিযোগ গ্রহণ, স্বাধীনভাবে তদন্ত পরিচালনা, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুপারিশ প্রদান এবং প্রয়োজনে সংসদে প্রতিবেদন দাখিল। এগুলো প্রতিকারমূলক পদক্ষেপের বাইরে গিয়ে প্রশাসনকে প্রতিরোধমূলক স্বচ্ছতার পথে বাধ্য করে।

**ইতিহাস ও আন্তর্জাতিক অভিজ্ঞতা**

ন্যায়পাল বা ওম্বাডসম্যান ধারণার উৎপত্তি সুইডেনে, ১৮০৯ সালে। সে সময় সুইডেনে রাজা ও সরকারের ক্ষমতার সীমা নির্ধারণ এবং নাগরিকদের স্বার্থ সুরক্ষার জন্য এই অনন্য প্রতিষ্ঠানটি গড়ে তোলা হয়।

এরপর ২০ পৃষ্ঠায়



এসব দেশের অভিজ্ঞতা প্রমাণ করে, ন্যায়পাল কার্যকর হলে তা দুর্নীতি দমন, প্রশাসনিক স্বচ্ছতা বৃদ্ধি এবং নাগরিক আস্থা পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেখানে সুইডেন, নিউজিল্যান্ড, যুক্তরাজ্য, ভারতসহ বহু দেশে ন্যায়পাল প্রতিষ্ঠিত হয়ে নাগরিকের অধিকার রক্ষার এক বলিষ্ঠ প্রাতিষ্ঠানিক হাতিয়ার হয়ে উঠেছে, সেখানে বাংলাদেশে এর অনুপস্থিতি এক নীরব শূন্যতার সাক্ষ্য বহন করছে। সংবিধানে স্পষ্ট উল্লেখ ও প্রয়োজনীয় আইন পাস থাকা সত্ত্বেও, বাংলাদেশে ন্যায়পাল এখনো কেবল কাগজে সীমাবদ্ধ-যা প্রমাণ করে, গণতন্ত্রের কেবল আকার থাকলেই তার পূর্ণতা আসে না; প্রয়োজন কার্যকর প্রতিষ্ঠান, যা সেই আকারকে অর্থবহ করে তুলবে

# হাঁস-পাথরে রাজনীতির টরেটক্কা

মোস্তফা কামাল

এই আই প্রযুক্তি একদিন শুধু দেশে নয়, গোটা পৃথিবীতে বড় ধরনের গ্যাঞ্জামের কারণ হয়ে দাঁড়াতে পারে। হয়তো এমন সময় আসবে, যখন হাজারো মানুষকে নির্দোষ থেকেও দোষী প্রমাণ করা হবে আর দোষী থেকেও নির্দোষ বানানো হবে। এ সুযোগে আসল বিষয়টাই হারিয়ে যাবে। পাথর নিয়ে সেই সন্ধিক্ষণেরই নমুনা। কারবারিরা যা করার করেছে। পাথর লুট চলছে আরও আগে থেকেই। এই পাথর উত্তোলনকারীরা এটা করার আগে মাসব্যাপী ঢাকায় রাজনৈতিক দলগুলোর পার্টি অফিসে গিয়ে ঘোরাফেরা করেছে। কমবেশি কামিয়াবিও হয়েছে



এবারের শোকের মাসটা হাঁস-পাথরেই যাবে বলে সমূহ আলামত। পাথর-আতর, হাঁস-বাঁশের মৌসুম থাকে। বিশেষ প্রাণীর বিশেষ কাজের শ্রাবণ-ভাদ্রতে হাঁস প্রাসঙ্গিক নয়। তার ওপর আগস্ট মাস। এ মাসটি কারও শোক, কারও সুখসহ রাজনৈতিক নানা ঐতিহাসিক ঘনঘটার মাইলস্টোন। পঁচাত্তরের আগস্ট ট্র্যাজেডির পূর্বাপরে গরমের তীব্রতার মধ্যেও কিছুদিন হাঁস ছিল বেশ প্রাসঙ্গিক। সচরাচর শীতের তীব্রতার মধ্যে আয়েশ করে হাঁস খাওয়ার একটি চল ছিল এবং আছে বাঙালি সমাজে। বহুল প্রচারিত একটি মিথ আছে, ওই গরমের সময়েও খন্দকার মোশতাক মাঝেমধ্যেই হাঁস খাওয়াতেন তার বন্ধু মুজিব ভাই বঙ্গবন্ধুকে। পঁচাত্তরের ১৫ আগস্ট বা তার আগের দিনও খাইয়েছেন। গরমের মধ্যে হাঁস খাওয়ার অস্বাভাবিকতা নিয়ে তখন নানা কড়া-মিঠা-অম্ল কথার ধুম চলেছে কিছুদিন।

সময়ের ব্যবধানে এত বছর পর আবার হাঁস বড় প্রাসঙ্গিক দেশের রাজনীতিতে। তবে প্রেক্ষিত ভিন্ন। এ ছাড়া হাঁস খাওয়া এখন ফ্যাশন। শীত লাগে না। শীত-গরম, ভাদ্র-আশ্বিন মানে না। বছরজুড়েই হাঁসের বাজার। সঙ্গে পিটার হাসের আলোচনাও পিছু ছাড়ছে না। গেল সপ্তাহেও তাকে নিয়ে কী হাইপই না চলেছে। এর মাঝেই উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার হাঁসকাণ্ড। সমান্তরালে পাথরও একটা বড় প্রসঙ্গ। রাজধানীর মিটফোর্ডে পাথর দিয়ে থেঁতলে যুবক সোহাগ হত্যার রেশ কাটতে না কাটতেই এবার কোয়ারির পাথর লুটের আচানক কাণ্ড। কীসের মধ্যে কী-এর মতো এক-একটা সাবজেক্ট ভর করছে রাজনীতিতে। যেন হাঁস-পাথরই বাংলাদেশের একমাত্র ঘটনা। অথবা হাঁসেই বাংলাদেশ, পাথরেই বাংলাদেশ।

যখন যাবতীয় ফোকাস পয়েন্টে থাকার কথা নির্বাচন। আগামী সপ্তাহে ঘোষণা হবে বহুল কাঙ্ক্ষিত রোডম্যাপ। নির্বাচন কমিশন মহাব্যস্ত এ নিয়ে। যেসব দল নির্বাচন নিয়ে মোচড়ামুচড়ি করেছে তারাও নির্বাচনের জবর প্রস্তুতিতে মত্ত। সেখানে হাঁস-পাথর বেশি প্রায়োরিটিতে। খেলা যে একটা হচ্ছে, তা নিশ্চিত। খেলার চেয়েও অতিখেলার টরেটক্কা বেশি। কোন টিমের খেলোয়াড়দের কী মোটিভ-পারফরম্যান্স সেটা ৯০ মিনিট পর বোঝা যাবে, না ১২০ মিনিটে গড়াবে? টি-টোয়েন্টি না ওয়ানডে ম্যাচ? শেষমেশ টাইব্রেকার না পেনাল্টি? কত প্রশ্ন ঘুরছে। হাঁস-পাথরের পর নতুন কী আইটেম ভর করবে, তারও ঠিক-ঠিকানা নেই।

তালহারা ভাব সবদিকেই। স্ক্রিপ্ট অগোছালো। পাথর প্রশ্নে আশ্চর্যের বিষয়, শত শত ট্রাকে সাদা পাথর চুরি হয়ে গেল। যৌথ বাহিনীর অভিযানে বেশ কিছু পাথর উদ্ধারও হলো। এ কেমন চুরি? এ কেমন উদ্ধার? চোর কে? কেইবা চোরের সর্দার? চোরের সহযোগীদের কাউকে ধরাও গেল না! কী আচানক কারবার। খেলারাম খেলছেই? আদালতেও গড়িয়েছে বিষয়টি। নির্দেশ দেওয়া হয়েছে চোরদের শনাক্ত করতে, ধরতে। চোর ধরতেও আদালতের নির্দেশ লাগে? এখন কমিশনের টাকাও কি ফিরিয়ে দেওয়া হবে? নানা অসম্ভবকে সম্ভব করার ম্যাজিক-সার্কাস আর কত? পাথর তোলার সময় সেখানকার প্রশাসন, বিশেষ করে ডিসি-এসপি, ওসিরা কোথায় ছিলেন? যারা এই ভাগ খেতে অনেক তদবির করে সেখানে পোস্টিং বাগান। সর্বজনীন লুটের আইটেম পাথর নিয়ে এমন কাণ্ডকীর্তি কোন কিসিমের ম্যাটিক্যুলাস?

দেশে কেউ পাথর লুটলে বা আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি দেখাতে 'পরিকল্পিতভাবে' খুন-ছিনতাই-ডাকাতি-রাহাজানি করলে সেটা দমন বা বন্ধ করা রাশিয়ার পুতিন, যুক্তরাষ্ট্রের ট্রাম্প বা ভারতের মোদির দায়িত্ব নয়। নির্বাচনে দেরি হচ্ছে বলে পাথর লুট হয়? বা উপদেষ্টা সজীব ভূঁইয়ার ওই ৩০০ ফিটে গভীর রাতে গিয়ে হাঁস খাওয়ার রসনা জাগে? গোটা নমুনাটাই এক মহাসার্কাস। অবস্থা যে জায়গায় গেছে যেন 'পুলিশ আসিবার পূর্বে চোরকে চুরি করিবার সুযোগ দেওয়া গেল'। চোর ধরতে দুদকের দলও সেখানে চলে গেল। পাথরগুলোর মধ্যে সাদা-কালো বা ছোট-বড় বৈষম্য না করে সব চুরিযোগ্য পাথর হিসেবে দেখতেও অনীহা। বিনোদন আর বিনোদন। কেউ ব্যাংকের টাকা মেরে দিলে তার নামে মামলা হয়-এরপর পুলিশ তাকে গ্রেপ্তার করে তারপর তার বিচার হয়। ব্যাংক ও টাকা অর্থ মন্ত্রণালয়ের বিষয়, গ্রেপ্তারের কাজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আর বিচার করার কাজ আইন ও বিচার মন্ত্রণালয়ের। ভোলাগঞ্জের পাথর লুট বন পরিবেশ উপদেষ্টা একা ঠেকাতে পারেননি। কিন্তু তিনি কি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের

এরপর ২৪ পৃষ্ঠায়



পাথর নিয়েও যা চলছে, তা শুধু হাস্যকর নয়, সামনে নানা বিপদের বার্তাও আছে। পুলিশ কর্তৃক পাথর উদ্ধার ও পাথর লুটপাটকারীদের আটকের ভুয়া ছবি কারও কারও কাছে বেশ উপাদেয়-উপভোগ্য। এআই প্রযুক্তি একদিন শুধু দেশে নয়, গোটা পৃথিবীতে বড় ধরনের গ্যাঞ্জামের কারণ হয়ে দাঁড়াতে পারে। হয়তো এমন সময় আসবে, যখন হাজারো মানুষকে নির্দোষ থেকেও দোষী প্রমাণ করা হবে আর দোষী থেকেও নির্দোষ বানানো হবে। এ সুযোগে আসল বিষয়টাই হারিয়ে যাবে। পাথর নিয়ে সেই সন্ধিক্ষণেরই নমুনা। কারবারিরা যা করার করেছে। পাথর লুট চলছে আরও আগে থেকেই। এই পাথর উত্তোলনকারীরা এটা করার আগে মাসব্যাপী ঢাকায় রাজনৈতিক দলগুলোর পার্টি অফিসে গিয়ে ঘোরাফেরা করেছে। কমবেশি কামিয়াবিও হয়েছে

www.careeracademyny.com

CAREER ACADEMY OF NEW YORK



BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!

HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF
SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভুঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি

ALL COUNTY
হোম কেয়ার

CDPAP
PCA
HHA.RN

NYS LICENSED HOME CARE AGENCY

অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে

PH : 718 593 0932

* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE

এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে

Get Paid to Take care of Your Friends & Family

150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814






# দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হলো ডিজিটাল ব্যবসায়ীদের গেট-টুগেদার




দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হলো ডিজিটাল ব্যবসায়ীদের গেট-টুগেদার, এবার জ্যামাইকার আলাকনা পার্টি হলে। শুধুমাত্র নিউ ইয়র্ক এর বিভিন্ন শহর থেকে ১৩০ জন উদ্যোক্তা অংশ নিয়েছেন। এটি ছিল এক অনন্য সুযোগ- নেটওয়ার্কিং করার, অভিজ্ঞতা বিনিময় করার এবং ডিজিটাল ব্যবসা আরও এগিয়ে নেওয়ার। বিশ্বজুড়ে ২৮টি দেশে ১.৬ মিলিয়ন মানুষ এই ব্যবসায় জড়িত, এবং এই ধরনের মিলন অনুষ্ঠান আমাদের মনে করিয়ে দেয় যে, সঠিক মনোভাব, সংযোগ এবং শেখার ইচ্ছা দিয়ে আমরা বড় সাফল্য অর্জন করতে পারি।

*বিজনেসটিতে সংযুক্ত হতে সোশ্যাল মিডিয়ার দেখেননা 'ডিজিটাল বিজনেস' এর বিজ্ঞাপনে চোখ রাখুন।*







# এই সপ্তাহের কবিতা



## মধ্যরাতের চাঁদ

শামসুন ফৌজিয়া

তুমি ঘুমাও-আমি আজ রাত পাহারায় আছি
ডাকলে ছুটে যাই-মধ্যরাতের চাঁদের কাছাকাছি ।
থমথমে রাত নিশ্চুপ পৃথিবী বাতায়নে আমি
গল্প করতে দূর গগনের পরীরা আসে নামি।

জোছনার এখন ভরা যৌবন উপচে পড়ছে রূপ
এত কাছাকাছি এত আয়োজন তবু কেন সব চুপ?
আকাশের কোলে হেলান দিয়েছে ক্লান্ত ধরণী
চাঁদের সরণীতে দিক খুঁজে পায় মাঝির তরণী।



## ক্ষমা করো

বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

ক্ষমা করো বিধি মোদের
করি গো মিনতি,
তওবা করে শুধরে নেয়ার
দাও হে সুমতি।

আজ পৃথিবী মৃত্যুপুরী
সন্তাপ চোখে-মুখে,
বাঁচতে গিয়ে -বাঁচাতে যে'
আসছে মৃত্যু রুখে।

এখন থেকে যেমন করে
কাটুক না দিবা-রাত,
তোমায় বিধি ডাকবো শুধু
করবো যে মুনাজাত।

সব প্রশংসার মালিক তুমি
ক্ষমাশীল উদারী,
চাইলে তুমি বাঁচবে বিশ্ব
নয় তো-বিনাশ স্থায়ী।

লেখক : কবি, উডসাইড, নিউইয়র্ক।



## ইচ্ছে করে

সুফিয়ান আহমদ চৌধুরী

ইচ্ছে করে নীলাকাশে
উড়তে হয়ে পাখি,
ইচ্ছে করে ঘুরে দেখি
বিশ্বটা,মেলে আঁখি।

ইচ্ছে করে ওড়াওড়ি
করতে ফড়িং হয়ে,
ইচ্ছে করে বিশ্ব ঘুরে
করতে বিশ্ব জয়ে।

ইচ্ছে করে প্রজাপতি
রঙে মেলে ডানা,
মন চায় আনন্দেতে
নেইকো তাতে মানা।

ইচ্ছে করে বিশ্ব ঘুরে
বিশ্ব কাব্য লিখি,
মন চায় আলো হাসে
না জানাকে শিখি।

ইচ্ছে করে এইভাবে
ঘুরে মন ঘুরে,
মন ছুটে রোজ তাই
দূর থেকে দূরে।

লেখক : কবি, কুইন্স, নিউইয়র্ক।



## অমৃতের সন্তানেরা জাগো

আহম্মদ হোসেন বাবু

*(উৎসর্গ- বিপ্লবী ক্ষুদিরাম বসু ও প্রফুল্ল চাকী স্মরণে)*

আর কতবার ইংলিশ চ্যানেল পার হলে আমাকে সাঁতারু বলবে?
আর কতখানি পথ পাড়ি দিলে তুমি আমাকে পথিক বলবে?
আর কয়টা বুলেট শরীরে বিধলে তুমি আমাকে বিপ্লবী বলবে?
দানবিক এ স্বদেশে, নিজের লড়াইয়ে রক্তাক্ত প্রতিনিয়ত।
যেহেতু অশিক্ষা, মূঢ়তা, স্বার্থপরতা, গ্রাস করছে আমাদের
ব্যর্থতার গ্লানি ঢেকে দিচ্ছে বিজয়গাঁথা ইতিহাস-
সেহেতু সকল প্রতিকূলতার নদী তোমাকেই পার হতে হবে;
সময়ের সাথে সাথে পা ভাসাবে, না ঘুরে দাঁড়াবে-
সে বোঝাপড়ার স্বর্ণালী সময় সামনে তোমার।
চারিদিকে আজ গাঢ় অন্ধকার-
দূরে, বহু দূরে, মিটিমিটি করে জ্বলে ক্ষীণ একটি আলো
তবুও মানুষ, সেই ক্ষীণ আলোর উপরে আস্থা রাখে।
মানুষের জ্ঞানশক্তি, প্রাণশক্তি, আলোর মিছিলে হাঁটে
সাগরতরঙ্গের মতো আশাবাদী মানুষেরা, স্বর্ণচূড়া স্পর্শ করে।

পৃথিবী যেমন সমতল নয়, মানুষও তেমনি
মানুষ তখনো মানুষকে বোঝেনি- আজও নয়,
শরীরে বুলেট লাগবে, রক্ত ঝরবে, মরবে, তবু-
নিজের লড়াই নিজেকেই করতে হয়।
তোমার লড়াই তোমার আজন্ম অধিকার
তোমার সৌন্দর্য, নির্মাণ, তোমার স্বাধীকার।
অমৃতের সন্তানেরা জাগো, এখনো সময় আছে সামনে চলো...
আর কয়টা বুলেট শরীরে বিঁধলে, আমাকে বিপ্লবী বলবে বলো?



## মনের কথা

সুজন দাশ

মনের কথা যেই না বলে বোকা,
শুনে চালাক ঠিক দিতে যায় ধোকা!
হাটে মাঠে করতে সেটা ফেরি,
এই কাজে তার হয় না মোটে দেরি।

বোকা ভাবে হালকা হবে বলে,
কিন্তু তারে ভাসতেও হয় জলে!
প্রতিশোধের খড়্গ আসে নেমে,
স্বার্থ প্যাঁচে জীবনও যায় থেমে।

মনের কথা থাকলে জমা মনে,
টানতে তারে পারেনা কেউ রণে!
ছাই চাপা দেয় কষ্ট বুকের যারা,
দিনের শেষে সাফল্য পায় তারা।

সহজ কথা সহজে যেই বলে,
সবাই তারে ফেলে বোকার দলে!
এই জমানায় বিপদ তাদের বেশি,
মরণ তাদের সামনে দাঁড়ায় ঘেঁষি!

মহৎ জনে হয়না কাতর এতে,
সত্য বলার জন্য থাকে মেতে!
ভালোত্বকে ওরাই রাখে ধরে,
থাকেও তারা সবার মনের ঘরে।

লেখক : কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## আলতো ছোঁয়ার অনুভূতি

মোহাম্মদ মহিবুর রহমান

অনুভূতি প্রকাশের ধরণ নানা রকম
কেউ বাস্তবে, কেউবা কল্পনায় করে বরণ।
কেউ কাছে এলেই হৃদয়ে জাগে আলোড়ন
এ যেন এক অজানা শহরে নিঃশব্দ বিচরণ।

আলতো ছোঁয়ার অনুভূতি অম্ল-মধুর
মনের ভুলে ছোঁয়া বেদনা বিধুর।
পারস্পরিক ইচ্ছায় আলতো ছোঁয়া
ভালোবাসার চোখে জমে ওঠে রঙিন স্বপ্নছোঁয়া।

হারিয়ে যায় সে অনুভব সীমা পেরিয়ে
থাকতে চায় অনেক দূরে, লোকচক্ষু এড়িয়ে।
মায়ার জাল বাড়ে দিনে দিনে
আলতো ছোঁয়া গভীর স্পর্শে টানে।

কেউ হয় ভাগ্যবান, পায় হৃদয়ে ডাক
কেউ হয় নিঃস্ব, ভালোবাসায় থাকে ফাঁক।
অনুভূতির ভাষা সব সময়ই ধোঁয়াশা
বোঝার আগেই বদলে যায় দিশা।

লেখক : কবি, নিউ হাইডপার্ক, নিউইয়র্ক।



## বোকা

হাফিজুর রহমান

বোকা বলেই-ধোঁকা খাই!
বারবার ঘুরে দাঁড়াই,
এমনতর ভুল আর হবে না ভাবি;
তবুও ধোঁকা খাই, বোকার মতন
অন্যরকম-অন্য কোনখানে।

আমার উপর খুশিই হয়
খানিকটা, ভালোও-বাসে মনেহয়
কখনও বোকা বলতে শুনিনি
ভালোই-বলে বরং ধোঁকাবাজ;
আমাকে, বোকাই বানিয়ে রাখতে!


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
39th
FOBANA
CONVENTION
FOBANA
CONVENTION
NIAGARA FALLS 2025
STALL
AVAILABLE
FOR BOOKING
HOST: SONIA
HALAL
BANGLADESHI
FOOD
AVAILABLE
AUGUST 29, 30 & 31, 2025
VENUE: SHERATON NIAGARA FALLS, NY, USA FOR HOTEL BOOKING: 716-478-6927
FOR MORE INFO & STALL BOOKING: ABU ZUBAIR DARA, 347-405-1093
• Chief Guest: Dr. Solimullah khan
Prominent Scholar
• Special Guest: Golam Mortuza
Press Minister Bangladesh Embassy Washington D.C.
• Special Guest: Dr Badrul Khan
Founder of Modern E-learning
NO
ENTRY
FEE
INVITED BY
Shah Nawaz MBA
Chairman
646-591-8396
Kazi Sakawat Hossain Azam
Convener, 917-783-8130
Moinul Chowdhury Helal
Member Secretary
860-938-6718
Dr. Masudur Rahman
Chairman
Convening Committee
Muhammed Hussein Khan
Chief Adviser
Convening Committee
Ali Imam
Chairman of All Supervisor
EZAZ AKTER TOUFIQ
Cheif Co-Ordinator
Fobana Convention 2025
Giash Ahmed
Chairman Admin
Convening Committee
ORGANIZED BY:
FEDERATION OF BANGLADESHI ASSOCIATIONS IN NORTH AMERICA
MEDIA PARTNER:
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB
নবযুগ
ntv
ATN BANGLA
EVENT MANAGED BY:
Galaxy media

# Trump runs into the difficulty of Putin diplomacy and ending a long war

Ajkal Desk



President Donald Trump walked into a summit with Russia's Vladimir Putin pressing for a ceasefire deal and threatening "severe consequences" and tough new sanctions if the Kremlin leader failed to agree to halt the fighting in Ukraine.

Instead, Trump was the one who stood down, dropping his demand for a ceasefire in favor of pursuing a full peace accord — a position that aligns with Putin's.

After calls with Ukrainian President Volodymyr Zelenskyy and European leaders, Trump wrote as he flew home from Friday's meeting in Alaska that it had been "determined by all that the best way to end the horrific war between Russia and Ukraine is to go directly to a Peace Agreement, which would end the war, and not a mere Ceasefire Agreement, which often times do not hold up."

It was a dramatic reversal that laid bare the challenges of dealing with Putin, a cunning adversary, as well as the complexities of a conflict that Trump had repeatedly boasted during his campaign that he could solve within 24 hours.

**Trump's position after the summit with Putin :** Few details have emerged about what the two leaders discussed or what constituted the progress they both touted. The White House did not respond to messages seeking comment Saturday.

While European leaders were relieved that Trump did not agree to a deal that ceded territory or otherwise favored Moscow, the summit allowed Putin to reclaim his place on the world stage and may have bought Russia more time to push forward with its offensive in Ukraine.

"We're back to where we were before without him having gone to Alaska," said Fiona Hill, who served as Trump's senior adviser on Russia at the National Security Council during his first term, including when he last met Putin in Helsinki in 2018.

In an interview, Hill argued that Trump had emerged from the meeting in a weaker position on the world stage because of his reversal. Other leaders, she said, might now look at the U.S. president and think he's "not the big guy that he thinks he is and certainly not the dealmaking genius."

"All the way along, Trump was convinced he has incredible forces of persuasion," she said, but he came out of the meeting without a ceasefire — the "one thing" he had been pushing for, even after he gave the Russian leader the "red carpet treatment."

Trump has "run up against a rock in the form of Putin, who doesn't want anything from him apart from Ukraine," she said. *(Source-AP)*

# Fundraiser launched for NYPD officer Didar

Shah Nawaz



A fundraiser has been launched to support the family of NYPD Officer Didarul Islam after he was killed by mass shooter Shane Tamura at 345 Park Ave.

The GoFundMe aims to raise $90,000 to support Officer Islam's pregnant wife and two young sons. By Saturday, almost 900 people have donated more than $76,000 to help the family.

"Your donations are a powerful reminder of how much New Yorkers value his service and sacrifice," wrote the fundraiser's organizer Tom Grech, who also serves as the president and chief executive officer of the Queens Chamber of Commerce. "Together, we can ensure his family feels the love and support of an entire city." Officer Islam was the first shot and killed among four others when the gunman stormed 345 Park Ave. on July 28. The 36-year-old officer had been serving as a private security detail at the building that day. He spent 3-and-a-half years with the 47th Precinct after immigrating from Bangladesh.

His family remembered him as someone who "always showed up, anytime anyone needed any help."

"The Qur'an says, 'Whoever saves a life saves all of humanity,'" said Governor Kathy Hochul during Officer Islam's funeral on July 31. "This officer saved lives."

Officer Islam was posthumously promoted to the rank of detective during the service. "Everyone we talked with talked about how special he was," Mayor Eric Adams, "and what he represents." *(Source-PIX 11)*



# NYC Restaurant Shooting Leaves 3 Dead, 8 Injured

Ajkal Desk

The shooting broke out just before 3:30 a.m. Sunday, Aug. 17, in Brooklyn, at Taste of the City Lounge on Franklin Avenue in Crown Heights, according to authorities. Officers responding to frantic 911 calls found chaos inside the establishment, with victims ranging in age from 27 to 61, eight of whom were men and three women, NYPD Commissioner Jessica Tisch said at a news conference. The violence followed a dispute among patrons, said Tisch.

Three men — including a 27-year-old and a 35-year-old — were pronounced dead at the scene. The other man's age is not yet known, according to Tisch. Eight others were rushed to local hospitals with injuries described as non-life-threatening. As daylight broke, detectives recovered at least 36 shell casings from inside the lounge and found a firearm discarded at a nearby intersection. Investigators are searching for multiple suspects. Tisch noted that through the end of July, New York City had seen the lowest number of shootings and shooting victims on record. "Something like this is, of course, thank God, an anomaly," Tisch said. "It's a terrible thing that happened this morning. We're going to investigate and get to the bottom of what went down."

# Runa Khan joins cast of 'Cholochittra: The Cinema'

Ajkal Desk



Filmmaker Ali Zulfikar Zahedi is set to bring the lives of silver screen stars to the big screen with his upcoming project "Cholochitra: The Cinema". Actress Runa Khan has joined the cast, taking on the role of a film heroine.

Speaking about signing for "Cholochitra: The Cinema", Runa Khan said, "Discussions about this film began last winter. When Ali Zulfiqar Zahedi narrated the story, I liked it. Later, after going through the screenplay and the character, I decided to sign on. In this film, I will portray the role of an actress. As an artiste, I want to perform in diverse roles, particularly those that reflect reality. I always look forward to such opportunities, and this character is one of them."

The actress further shared that the film will highlight the personal lives of heroines beyond the screen. "The main focus of 'Cholochittra: The Cinema' will be the off-screen life of an actress. Those of us in acting are always seen through our on-screen roles. But we also have personal lives, and that story will be told in this film," she said.

Back in 2007, Runa Khan portrayed a theatre princess in a telefilm directed by Noman Robin. However, this marks the first time she will be seen as a film heroine on screen. "I have never played the role of a film actress before. Around 2007, I worked in a telefilm directed by Roman Robin, where I played a theatre artiste. That was nearly 17–18 years ago. Now, audiences will see me portraying a film heroine. I am eagerly waiting for this work.

I will give my hundred percent effort to bring the character to life. If the audience appreciates it, the work will be successful," she added.

When asked about the shooting schedule, Runa Khan mentioned, "The plan is to start shooting this winter. The director wants everything to be properly arranged before starting. So, it might be slightly delayed."

Meanwhile, Runa Khan has three films awaiting release: Masud Pathik's "Bok", Kaushik Shongkor Das's "Daafon", and Zahid Hossain's "Leela Monthan".

# US halts visitor visas used for medical trips from Gaza

Ajkal Desk



The US State Department announced it was halting all visitor visas for people from Gaza.

The pause was issued to conduct a "full and thorough review of the process and procedures used to issue a small number of temporary medical-humanitarian visas in recent days," the agency said on X.

The decision has drawn condemnation from some Palestinian rights groups. Palestine Children's Relief Fund said in a statement that the decision "will have a devastating and irreversible impact on our ability to bring injured and critically ill children from Gaza to the United States for lifesaving medical treatment".

The State Department's policy shift comes after far right activist Laura Loomer wrote a series of posts on X criticising the visa programme and urging the Trump administration to "shut this abomination down." In subsequent posts on X Saturday, Loomer took credit for the shift and thanked Secretary of State Marco Rubio for temporarily halting the visas. The Palestinian Children's Relief Fund says it has evacuated 169 children from Gaza in 2024 as part of its treatment abroad programme, bringing them to the Middle East, Europe, South Africa, and the US for care.

Nearly two years into a war that followed Hamas' 7 October 2023 attack on Israel, Gaza has seen much of its medical infrastructure damaged and now faces dramatic food shortages.

Humanitarian groups have alleged that an Israeli blockade beginning in March has prevented non-governmental organisations from delivering sufficient food into Gaza. The Israeli government says its rules on aid are intended to prevent the food from being taken by Hamas.

UN-backed food security organisations, humanitarian groups, and journalists reporting within Gaza have warned of famine conditions in Gaza.

In late July, the BBC joined international news outlets Agence France-Presse, the Associated Press, and Reuters in issuing a public statement warning that journalists in Gaza faced starvation.

"For many months, these independent journalists have been the world's eyes and ears on the ground in Gaza. They are now facing the same dire circumstances as those they are covering," the outlets wrote.

In July, US President Donald Trump said there was "real starvation" in Gaza, but his administration has remained solidly behind Israeli Prime Minister Benjamin Netanyahu.

# Nobody has the right to dictate choices: Badhan

Anik Raj

Social media has been abuzz with debate following criticism of artistes who remembered Bangabandhu Sheikh Mujibur Rahman on his death anniversary, August 15. Some protesters went so far as to brand these celebrities as "cultural fascists" for their posts.

Actress Azmeri Haque Badhan, who had also been a prominent presence during the July movement, strongly denounced such attacks. In a Facebook post, she questioned why individuals were attempting to dictate whom others could or could not honour. "Seriously, who gave you the right to control people's choices? Don't try to act like Sheikh Hasina. You saw what happened to her. After her downfall, I thought people would finally learn their lesson. But no, the arrogance continues," she wrote.



Badhan emphasised that paying respect to Sheikh Mujibur Rahman was a matter of personal choice, not one to be policed. "Who are you to dictate what people should or shouldn't do? It's their own choice whom they support — not your decision. People have minds of their own, and if they choose to respect Sheikh Mujibur Rahman, that's their right. Stop trying to brand them as bad people just because it doesn't fit your script," she added.

The actress also dismissed recent rumours surrounding her. She pointed to earlier claims that she had received "200 crores" for supporting the July movement, comparing them to new allegations that artistes were paid "Tk 20,000" to post about Sheikh Mujib. "Really? From 200 crores to 20,000? Is it even possible for someone to take such risks for this kind of money? What a circus," she remarked.

Badhan further warned that attempts to silence or intimidate through misinformation would not succeed. "You cannot control people anymore — not with lies, not with petty rumours, not with empty threats. The world has changed. Social media exists. Globalisation exists. People see through your nonsense," she wrote.

She concluded by highlighting the values of leadership, noting that true leaders inspire, listen, and build trust rather than control. "A true leader doesn't control people — they inspire. A true leader doesn't silence voices — they listen. A true leader doesn't spread baseless gossip — they build trust. Stop living in your illusion of power. Stop dreaming you can pull people like puppets. Those strings are already broken. Wake up before history slaps harder than it already has," she stated.

Badhan ended her post by cautioning that anyone attempting to follow Sheikh Hasina's path would become "another failed copy of her tragedy."

*(Source-Daily Star)*

# USCIS Supports to Denaturalization of Committed Sex Offender

Ajkal Desk




U.S. Citizenship and Immigration Services provided key support in an investigation that led to Carlos Fabian Velez, 54, of San Antonio, pleading guilty to unlawful procurement of citizenship or naturalization.

Velez, a naturalized citizen, knowingly made false statements on his naturalization application, denying prior criminal activity despite evidence showing he had committed possession, receipt, and distribution of child pornography since at least 2014. USCIS collaborated with Immigration and Customs Enforcement Homeland Security Investigations (HSI) to uncover fraud during the naturalization process, confirm Velez's identity through biometric evidence, and establish his criminal history. The investigation was conducted by HSI, the Federal Bureau of Investigation, and the Bexar County Sheriff's Office and was part of an HSI Document and Benefit Fraud Task Force case referred by the FBI. Velez's guilty plea follows his earlier conviction for distribution of child pornography, for which he was sentenced to 210 months in prison. He is now subject to mandatory denaturalization. (USCIS Prss Release)

# 'I work hard on the gift of God': Shah Rukh Khan on nurturing talent

Ajkal Desk

Bollywood superstar Shah Rukh Khan has once again charmed fans with his humility during an online fan interaction. Fresh off his recent National Award win for "Jawan", the actor held an 'Ask Me Anything' (AMA) session on X (formerly Twitter), where he answered questions with his trademark wit and sincerity.

During the session yesterday, a fan asked him whether his celebrated expressions and voice modulation skills were a natural gift or the result of practice. Shah Rukh's reply quickly went viral.

"Talent without hard work is way less than hard work with little talent. I am in the latter category, so I work very hard on the gift of God," he responded.

The remark struck a chord with fans, many of whom praised the actor's down-to-earth attitude despite his decades-long reign as one of cinema's most successful stars. Social media soon buzzed with admiration for his humility and dedication to his craft.

Shah Rukh Khan made his Bollywood debut in 1992 with "Deewana", starring opposite Divya Bharti, which went on to become a box office success. After an illustrious 33-year career, he has now won his first National Award for Best Actor for his performance in the 2024 hit "Jawan". While many fans rejoiced at his achievement, some felt he deserved the honour earlier for standout performances in films like "Swades" and "My Name Is Khan".

Currently, Shah Rukh is busy shooting his next film, "King", directed by Siddharth Anand. The movie will feature his daughter Suhana Khan, along with Abhishek Bachchan, Saurabh Shukla, and Jaideep Ahlawat. Although the cast has not been officially confirmed, reports indicate that Deepika Padukone, Rani Mukerji, Anil Kapoor, Raghav Juyal, and Jackie Shroff are also expected to appear. The film is still in production, and its release date is yet to be announced.



# যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানিতে বাংলাদেশের সাফল্য

৬ পৃষ্ঠার পর

তুলনামূলকভাবে অনেক কম, যা তৈরি পোশাক উৎপাদনের খরচও কমিয়ে আনে। ফলে যুক্তরাষ্ট্রের আমদানিকারকরা প্রতিযোগিতামূলক মূল্যে পণ্য পায়। কিন্তু শুধু কম মজুরি দিয়ে আমরা জয় করতে পারবনা এবং প্রবৃদ্ধি টেকসই করতে পারবনা।

যেহেতু বাংলাদেশ এখন বিশ্বের অন্যতম বৃহৎ তৈরি পোশাক উৎপাদনকারী দেশ এবং আমাদের দক্ষ শ্রমিক, অভিজ্ঞ উদ্যোক্তা এবং আধুনিক কারখানা অবকাঠামো রয়েছে, যা দ্রুত ও বড় পরিমাণে উৎপাদন সম্ভব করে তোলে। এটাকে কাজে লাগিয়ে বেসিক আইটেম নয়, দামি ডিজাইন ও ফ্যাশনেবল পণ্যও তৈরি করার প্রতি জোর দিতে হবে, যা মার্কিন বাজারে ক্রমবর্ধমান চাহিদা পূরণে সহায়ক হবে।

বাংলাদেশের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে পণ্য সরবরাহ করার ক্ষেত্রে। একটি নির্ভরযোগ্য পোশাক সরবরাহকারী দেশ হিসেবে আমরা পরিচিত। সময়মতো পণ্য ডেলিভারি এবং গুণগত মান বজায় রাখা মার্কিন ক্রেতাদের আস্থা অর্জনে সহায়ক হয়েছে। কিন্তু আমাদের আত্মতুষ্টিতে নিমজ্জিত না হয়ে, সামনে এগিয়ে যাবার জন্য আর উন্নত সরবরাহ ব্যবস্থা গড়ে তুলতে হবে। চীনের শ্রম খরচ বৃদ্ধি, ভূরাজনৈতিক চাপ ও মার্কিন-চীন বাণিজ্যযুদ্ধের কারণে অনেক মার্কিন ক্রেতা বিকল্প উৎস খুঁজছে। বাংলাদেশ সেই বিকল্প হিসেবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

চীনের বিনিয়োগ স্থানান্তর এবং মার্কিন ক্রেতাদের বাংলাদেশে পণ্য ক্রয়ের ঝোঁককে কাজে লাগাতে হলে, আমাদের এমন পণ্যের ওপর জোর দিতে হবে, যেগুলো যুক্তরাষ্ট্রের ক্রেতারা বর্তমানে চীন থেকে আমদানি করে থাকে। এই নির্দিষ্ট পণ্যগুলোর উৎপাদন ও রপ্তানির জন্য প্রস্তুতি নিতে পারলে বাংলাদেশ একটি বিকল্প সরবরাহকারী দেশ হিসেবে দ্রুত এগিয়ে যেতে পারবে।

অন্যদিকে, বাংলাদেশকে এমন একটি ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করতে হবে, যেখানে যুক্তরাষ্ট্রের আমদানিকারক ও বিনিয়োগকারীরা কোনও প্রকার জটিলতা বা বাধা ছাড়াই ব্যবসা পরিচালনা করতে পারেন। সহজ ও স্বচ্ছ প্রক্রিয়া নিশ্চিত করলে বিদেশি বিনিয়োগে আস্থা তৈরি হবে।

এর পাশাপাশি, বাংলাদেশ সরকার ও বেসরকারি খাতের উচিত যুক্তরাষ্ট্র থেকে আরও বেশি খাদ্যশস্য ও তুলাআমদানি করা, কারণ এতে করে দ্বিপাক্ষিক বাণিজ্যে ভারসাম্য আসবে এবং বাণিজ্য ঘাটতি হ্রাস পাবে। এটি শুধু সম্পর্ক উন্নয়নেই নয়, বরং দীর্ঘমেয়াদে অর্থনৈতিক স্থিতিশীলতার দিকেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বাংলাদেশ যদি তৈরি পোশাক খাত থেকে ১০০ বিলিয়ন মার্কিন ডলারের রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে চায়, তবে অবশ্যই যুক্তরাষ্ট্রের বাজারে বিশেষ গুরুত্ব দিতে হবে। কারণ, যুক্তরাষ্ট্র এককভাবে বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি গন্তব্য, এবং দেশের মোট রপ্তানি আয়ের প্রায় ১৮ শতাংশই আসে যুক্তরাষ্ট্র থেকে।

এই বাজারে বাংলাদেশের অবস্থান আরও শক্তিশালী করতে হলে, দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও দৃঢ় করতে হবেএবং আলোচনার ক্ষেত্রে কৌশলগত অগ্রগতিআনতে হবে। শুধু রপ্তানি বাড়ানো নয়, বরং যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয় গন্তব্যে পরিণত করাও জরুরি।

আমার কাছে সবচেয়ে অনুপ্রেরণাদায়ী অংশটি হলো শুধু সংখ্যার হিসাব নয়, বরং এর পেছনের মানবিক গল্পগুলো। প্রতিটি বিলিয়ন ডলারের রপ্তানির সঙ্গে জড়িয়ে আছে লাখো শ্রমিকের ঘাম, আছে পরিবারের মুখে হাসি ফোটানোর সংগ্রাম, আছে দেশের অর্থনীতিকে টিকিয়ে রাখার এক অদম্য লড়াই।

বর্তমান তীব্র প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে প্রতিযোগিতা ভয়ংকর। ভিয়েতনাম, চীন, কম্বোডিয়া সবাই লড়ছে একই জায়গায় জায়গা দখলের জন্য। তবু বাংলাদেশ দেখাচ্ছে, প্রতিকূলতা ঠেলে দিয়েও কিভাবে এগিয়ে যাওয়া যায়। এটা আমাদের জন্য শুধু গর্বের নয়, ভবিষ্যতের জন্য দিকনির্দেশনাও বটে।

আমি বিশ্বাস করি, পোশাক খাতের এই অর্জন আমাদের অর্থনীতির ভিত্তি আরও মজবুত করবে। তবে একই সঙ্গে আমাদের ভাবতে হবে, কিভাবে এই প্রবৃদ্ধিকে বহুমুখীকরণ করা যায় । প্রযুক্তি, বৈচিত্র্য আর টেকসই উৎপাদনের দিকে নজর দিয়ে। কারণ ভবিষ্যতের বৈশ্বিক বাজার শুধু সস্তা শ্রমের ওপর নির্ভর করবে না; সেখানে টিকে থাকতে হবে গুণগত মান, দক্ষতা আর টেকসই উন্নয়নের মাপকাঠিতে।

তৈরি পোশাক খাতে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের এই অনন্য অবস্থান একবারে হঠাৎ আসেনি। এটি এসেছে দীর্ঘদিনের পরিশ্রম, অধ্যবসায় এবং আত্মত্যাগের ফসল হিসেবে। তাই এই সাফল্যকে আমরা শুধু অর্থনীতির পরিসংখ্যান দিয়ে মাপব না; এটি হবে আমাদের গর্ব, আমাদের আত্মবিশ্বাস এবং আমাদের ভবিষ্যৎ পথচলার প্রেরণা।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

# ন্যায়পাল: গণতন্ত্রের সুপ্ত শক্তি ও বাংলাদেশের অপূর্ণ স্বপ্ন

১২ পৃষ্ঠার পর

ন্যায়পালের মূল উদ্দেশ্য ছিল প্রশাসনিক কর্মকাণ্ডের উপর স্বাধীন তত্ত্বাবধান নিশ্চিত করা, যাতে ক্ষমতাসীনদের সিদ্ধান্ত নাগরিক অধিকার ক্ষুণ্ন না করে এবং যে কোনো ক্ষমতার অপব্যবহার দ্রুত রোধ করা যায়। এর ফলে, ন্যায়পাল শুধু এক প্রহরী নয়, বরং রাষ্ট্রের নৈতিক বিবেক হিসেবে আত্মপ্রকাশ করে।

এই ধারণা দ্রুত ইউরোপ ও বিশ্বের অন্যান্য প্রান্তে ছড়িয়ে পড়ে। ১৯৬০-এর দশকে নিউজিল্যান্ড এই প্রথা গ্রহণ করে, যা ছিল কমনওয়েলথ দেশগুলির মধ্যে প্রথম। যুক্তরাজ্যে ১৯৬৭ সালে সংসদীয় কমিশনার ফর অ্যাডমিনিস্ট্রেশন নামে ওম্বাডসম্যান প্রতিষ্ঠিত হয়, যা প্রশাসনিক ব্যর্থতা ও জনঅসন্তোষ সমাধানে উল্লেখযোগ্য সাফল্য দেখায়। ভারতের ক্ষেত্রে ১৯৭১ সালে প্রথমবারের মতো লোকপাল বিল সংসদে উত্থাপন করা হয়, এবং বহু বছর পর ২০১৪ সালে লোকপাল আইন কার্যকর হয়। এসব দেশের অভিজ্ঞতা প্রমাণ করে, ন্যায়পাল কার্যকর হলে তা দুর্নীতি দমন, প্রশাসনিক স্বচ্ছতা বৃদ্ধি এবং নাগরিক আস্থা পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

যেখানে সুইডেন, নিউজিল্যান্ড, যুক্তরাজ্য, ভারতসহ বহু দেশে ন্যায়পাল প্রতিষ্ঠিত হয়ে নাগরিকের অধিকার রক্ষার এক বলিষ্ঠ প্রাতিষ্ঠানিক হাতিয়ার হয়ে উঠেছে, সেখানে বাংলাদেশে এর অনুপস্থিতি এক নীরব শূন্যতার সাক্ষ্য বহন করছে। সংবিধানে স্পষ্ট উল্লেখ ও প্রয়োজনীয় আইন পাস থাকা সত্ত্বেও, বাংলাদেশে ন্যায়পাল এখনো কেবল কাগজে সীমাবদ্ধতা প্রমাণ করে, গণতন্ত্রের কেবল আকার থাকলেই তার পূর্ণতা আসে না; প্রয়োজন কার্যকর প্রতিষ্ঠান, যা সেই আকারকে অর্থবহ করে তুলবে।

দক্ষিণ এশীয় প্রেক্ষাপটে তুলনামূলক বিশ্লেষণ

দক্ষিণ এশিয়ার রাজনৈতিক ও প্রশাসনিক বাস্তবতা প্রায় একই রকম–দুর্নীতি, প্রশাসনিক জটিলতা, এবং ক্ষমতার কেন্দ্রীভূত প্রবণতা এখানে সাধারণ সমস্যা। তবুও, অঞ্চলের অন্যান্য দেশ ন্যায়পাল বা সমতুল্য প্রতিষ্ঠান গঠনে বাংলাদেশের তুলনায় এগিয়ে গেছে।

ভারত: বহু বছরের রাজনৈতিক টানাপোড়েন ও নাগরিক আন্দোলনের পর ২০১৪ সালে লোকপাল ও লোকাযুক্ত আইন কার্যকর হয়। যদিও কার্যকারিতা নিয়ে বিতর্ক আছে, তবুও এটি প্রশাসনিক জবাবদিহিতার জন্য একটি নির্দিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি করেছে।

পাকিস্তান: ১৯৮৩ সালে ফেডারেল ওম্বাডসম্যান প্রতিষ্ঠিত হয়, যা সরকারি অফিসগুলির বিরুদ্ধে অভিযোগ তদন্ত করে এবং প্রশাসনিক সংস্কারে ভূমিকা রাখে।

শ্রীলঙ্কা: ১৯৮১ সালে প্রতিষ্ঠিত পার্লামেন্টারি কমিশনার ফর অ্যাডমিনিস্ট্রেশন আজও সক্রিয়ভাবে নাগরিক অভিযোগ শুনে থাকে।

নেপাল: ১৯৯০ সালের সংবিধানে ন্যায়পালের সমতুল্য "পার্লামেন্টারি কমিশনারস্ক ব্যবস্থা প্রবর্তন করা হয়, যা পরবর্তীতে আরও শক্তিশালী করা হয়েছে।

এখানে দেখা যায়, দক্ষিণ এশিয়ার প্রায় সব দেশই কোনো না কোনোভাবে ন্যায়পাল বা সমতুল্য প্রতিষ্ঠান চালু করেছে। বাংলাদেশই একমাত্র দেশ, যেখানে সংবিধান ও আইন থাকা সত্ত্বেও ন্যায়পাল কার্যত অনুপস্থিত। এর ফলে প্রশাসনিক অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে নাগরিকদের একটি গুরুত্বপূর্ণ আইনি ও প্রাতিষ্ঠানিক আশ্রয়স্থল অকার্যকর রয়ে গেছেযা গণতন্ত্রের ভিত দুর্বল করে তুলছে এবং জনআস্থার সংকট বাড়াচ্ছে।

বাংলাদেশের অচলাবস্থা: কারণ ও বাস্তব চিত্র

বাংলাদেশে ন্যায়পাল প্রতিষ্ঠিত না হওয়ার পেছনে চারটি মূল বাধা কাজ করে বলে প্রতীয়মান হয়–

১. রাজনৈতিক সদিচ্ছার অভাব–ক্ষমতায় থাকা পক্ষ প্রায়ই জবাবদিহিমূলক প্রতিষ্ঠানের ভয় পায়।

২. আইন ও প্রশাসনিক কাঠামোর সীমাবদ্ধতা–পুরনো আইন, অস্পষ্ট বিধান, পর্যাপ্ত স্বাধীনতার অভাব।

৩. জনসচেতনতার ঘাটতি–সাধারণ মানুষ ন্যায়পালের ভূমিকা বা প্রয়োজনীয়তা জানেই না।

৪. আমলাতান্ত্রিক প্রতিরোধ–উচ্চপদস্থ প্রশাসনিক কর্মকর্তারা প্রায়ই ন্যায়পালকে নিজেদের ক্ষমতার হুমকি মনে করেন। ফলাফল, দুর্নীতি দমন কমিশন, তথ্য কমিশন, মানবাধিকার কমিশন প্রভৃতি প্রতিষ্ঠান নির্দিষ্ট ক্ষেত্রগুলোতে কাজ করলেও ন্যায়পালের মতো সর্বজনীন নজরদারি ও শক্তিশালী তদন্ত ক্ষমতা তাদের নেই।

রাজনৈতিক বাস্তবতা ও অদূরদর্শিতা

২০০১-২০০৬ সালে বিএনপি নেতৃত্বাধীন সরকার প্রথম উদ্যোগ নেয়, কিন্তু প্রশাসনিক ও রাজনৈতিক জটিলতায় তা থেমে যায়। ২০১০ সালে আওয়ামী লীগ সরকার আইন পাস করলেও আজ অবধি নিয়োগ, বাজেট বরাদ্দ বা কার্যালয় প্রতিষ্ঠা হয়নি। এটি কেবল প্রাতিষ্ঠানিক ব্যর্থতা নয়, গণতান্ত্রিক প্রতিশ্রুতির অবমাননা।

বাস্তব প্রয়োগের সম্ভাবনা

ন্যায়পাল থাকলে-

* জনগণের আস্থা বাড়বে: অভিযোগের ন্যায্য সমাধান হলে মানুষ সরকারের প্রতি আস্থা পুনর্গঠন করবে।
* দুর্নীতি রোধ হবে: আমলাতন্ত্রের মধ্যে একটি স্বচ্ছতার চাপ তৈরি হবে।
* প্রশাসনিক সংস্কার ত্বরান্বিত হবে: ক্ষমতার অপব্যবহার কমবে, সেবার মান উন্নত হবে।
* গণতান্ত্রিক ভিত্তি দৃঢ় হবে: বিরোধী দল ও নাগরিক সমাজ রাষ্ট্রের সঙ্গে স্বাস্থ্যকর সম্পর্ক বজায় রাখতে পারবে।

বাস্তবায়নের কৌশল

ন্যায়পালকে কাগজ থেকে বাস্তবে নামাতে প্রয়োজন-

* সংসদীয় ঐকমত্য গঠন
* আইন আধুনিকীকরণ এবং তদন্ত ক্ষমতা নিশ্চিত করা
* বাজেট ও জনবল বরাদ্দ
* জনসচেতনতা বৃদ্ধির জন্য মিডিয়া ক্যাম্পেইন
* প্রাথমিকভাবে পাইলট প্রকল্প আকারে কার্যক্রম শুরু

সমাপ্তি ভাবনা

ন্যায়পাল শুধুই একটি সাংবিধানিক পদ নয়, এটি ক্ষমতার অপব্যবহার প্রতিরোধের এক নীরব প্রহরী। প্রায় ৪৫ বছর ধরে এটি বাস্তবায়িত না হওয়া কেবল রাজনৈতিক ব্যর্থতা নয়, জনগণের প্রতি অন্যায়। এখন সময় এসেছে রাজনৈতিক সাহস দেখানোর, যাতে ভবিষ্যৎ প্রজন্ম বলতে পারেআমরা ন্যায়পাল পেয়েছিলাম, আর সেই ন্যায়পাল আমাদের গণতন্ত্রকে টিকিয়ে রেখেছিল।

লেখক: লোকমান আহমেদ, আইনজীবী, নিউইয়র্ক।

# সংশয়-শঙ্কা থেকে অশনি সংকেত

১০ পৃষ্ঠার পর

উদ্দেশ্য, তা প্রতিষ্ঠা করেই এনসিপি নির্বাচনে অংশ নেবে। প্রতিশ্রুতি বাস্তবায়ন না হলে কোনো রাজনৈতিক দল ক্ষমতায় যেতে পারবে না।' এনসিপির এই শীর্ষ নেতাও বিদ্যমান ব্যবস্থার অধীনে নির্বাচনকে কার্যত নাকচ করে দিয়েছেন।

সঙ্গত, ইসলামী আন্দোলন বাংলাদেশ ১৩ আগস্ট প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠকে জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকারের নির্বাচনের দাবিটি নতুন করে তুলেছে। এ ছাড়া তারা জুলাই সনদের ভিত্তিতে জাতীয় ও সব স্থানীয় নির্বাচন, সংখ্যানুপাতিক পদ্ধতি প্রবর্তন, আওয়ামী লীগের নিবন্ধন বাতিলসহ বেশ কিছু দাবি জানিয়েছে। এসব দাবিতে তারা অবস্থান নিলে ফেব্রুয়ারির নির্বাচন অনিশ্চিতই হয়ে যায়। একসময়ের কট্টর জামায়াতবিরোধী এই ইসলামি দলটির সঙ্গে সম্প্রতি জামায়াত এবং এনসিপির রাজনৈতিক ঘনিষ্ঠতা লক্ষণীয়।

এগুলো তো অত্যন্ত স্পষ্ট এবং সরাসরি অশনিসংকেত হিসেবে প্রতীয়মান। এ ছাড়া কিছু সংকেত পাওয়া যাচ্ছে পরোক্ষভাবে। এর মধ্যে প্রধান হচ্ছে বিভিন্ন রাজনৈতিক দল ও নেতার মার্কিন রাষ্ট্রদূতের আতিথ্য গ্রহণ বৃদ্ধি পাওয়া। অন্য কিছু দূতাবাসেও তাঁদের যাতায়াতের খবরাখবর প্রায় নিয়মিতই প্রকাশিত হয়। তবে সম্প্রতি সংবিধান সংস্কার কমিশনের সভাপতি এবং জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজের মার্কিন রাষ্ট্রদূতের আতিথ্য গ্রহণ সবারই বিশেষ নজর কেড়েছে। এখন কথা হলো, জুলাই অভ্যুত্থানের মতো একটি গণ- অভ্যুত্থানের পরও যদি আমাদের রাজনৈতিক দলগুলো এবং নেতাদের সংবিৎ না ফেরে, গণতন্ত্র প্রতিষ্ঠার প্রক্রিয়াকে যদি ভিন্ন খাতে প্রবাহিত করার উদ্দেশ্যে জটিল করে তোলা হয়, সেটাও জাতির জন্য অশনিসংকেতই বটে।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

# একপাক্ষিক আইন নয়, নারী-পুরুষ উভয়ের সুরক্ষা দরকার

৬ পৃষ্ঠার পর

নারী-পুরুষ প্রতিযোগী না হয়ে সহযোগী হলে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে। বাংলাদেশের ক্ষেত্রে হচ্ছেও তাই।

তবে প্রত্যেক আলোকের বিপরীতে একটা অন্ধকার দিক থাকে। সেই অন্ধকারে পুরুষ অন্যায়-অবিচারের বলি হচ্ছে। শুধু মানসিকতারদৃঢ়তায় পুরুষ শক্তিশালী না হলে, পুরুষের আত্মহত্যার হার অনেক বেশিহতো। পুরুষের সামর্থ্য নিয়ে কটূক্তি, পুরুষের চরিত্র নিয়ে মনগড়া উক্তি-এসব মানুষ হিসেবে কাউকে দায়মুক্তি দেবে না। নারী ও পুরুষের ক্ষেত্রে আইন ও আদালতের যে একপেশে দৃষ্টিভঙ্গি, তা জাতিকে সামনের দিকে নিচ্ছে না, বরং পিছিয়ে দিচ্ছে।

অপরাধ প্রবণতা নারী ও পুরুষ উভয়ের মধ্যেই আছে। প্রেম-ভালোবাসার সাথে চরিত্রের নৈতিক দিকগুলোও সমানুপাতিক। পূর্বপুরুষরা নারীদের প্রতি অন্যায় করেছে, নির্যাতন করেছে এবং স্বাধীনতা কেড়ে নিয়েছে-এই অভিযোগের ক্ষতিপূরণ নিশ্চয়ই এই প্রজন্ম আদায় করবে না। মানুষ হিসেবে অতে সে নারী কিংবা পুরুষ হোক-যার যেটুকু অধিকার ও স্বাধীনতা, সেটুকুই তার প্রাপ্য। সভ্যতার এই উৎকর্ষে যখন সেটা বাধাগ্রস্ত করা হবে এবং কাউকে একপাক্ষিক সুবিধা দেওয়া হবে, তখন সেটা ক্রোধ ও বিদ্বেষের সৃষ্টি করবে। মানবসভ্যতায় নারী পুরুষের শত্রু হয়ে কিংবা পুরুষ নারীর প্রতিযোগী হয়ে কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাতে পারবে না। পরস্পর পরস্পরের পরিপূরক হলে তবেই উত্তম ও কল্যাণকর কিছুর প্রত্যাশা করা যায়। শিল্পবিপ্লব-পরবর্তী এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সূচনার এই সময়টাতে মানসিক জটিলতা বাড়ছে। কাজেই বিচ্ছেদের হার কমানোর জন্য, নীড়ে শান্তি প্রবাহিত রাখতে নারী ও পুরুষ তথা মানুষের প্রত্যেককে তার অধিকার সীমানায় সুরক্ষিত রাখার জন্য যথাযথ ব্যবস্থা তথা আইন দরকার। যে সমাজে নেশার ছোবলে পুরুষের পাশাপাশি নারীও সংক্রমিত, যেখানে অহিরাদের নেশায় প্রজন্ম উৎফুল্লিত, সেখানে নারী নির্যাতন প্রতিরোধ আইনের সাথে সাথে পুরুষ নির্যাতন রোধ আইন প্রণয়ন করা জরুরি। দুই দশক আগের সমাজের সাথে বর্তমান সমাজকে তুলনা করে বসে থাকলে ভুল হবে। গড় আয়ুতে নারীর চেয়ে পুরুষের প্রায় চার বছর কম বাঁচার কয়েকটি কারণ দেখান। সেখানে গুরুত্বপূর্ণ কারণ হিসেবে ঘরে পুরুষের নির্যাতিত-নিপীড়িত হওয়ার চিত্র ফুটে উঠবে। ভালোদের নিয়ে কোনো সমাজেরই সামান্য অভিযোগ নেই। আইন মূলত ভালোদের জন্য দরকার পড়ে না। যারা বিবেক ও মূল্যবোধহীন, ধর্ম ও আদর্শ থেকে বিচ্যুত, তাদেরকে শৃঙ্খলার মধ্যে রাখতে আইন জরুরি। পুরুষকে সুরক্ষার জন্য শুধু প্রচলিত সাধারণ আইনের প্রতি আস্থা না রেখে বিশেষ আইন প্রবর্তন করা সময়ের দাবি। পারিবারিক শান্তির জন্য নারী ও পুরুষের মধ্যে ভারসাম্য জরুরি। রাষ্ট্র যদি কাউকে বাড়তি সুবিধা দিয়ে রাখে এবং সে যদি মানসিকভাবে অসুস্থ হয়ে সেই সুযোগের অপব্যবহার করে, তবে যে কারো জীবন নরকের পরিণত হওয়ার সময়ের ব্যাপার মাত্র। আশা করি রাষ্ট্রের নীতি-নির্ধারকরা বিষয়টিকে আমলে নেবেন। জাতীয় কবির নারী কবিতার মতো এখন কোনো পুরুষ কবিতা লেখাও জরুরি হয়ে পড়েছে।

# বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের অবদান : কে বেশি লাভবান?

৫ পৃষ্ঠার পর

আন্তর্জাতিক সংস্থার প্রদত্ত বিপুল পরিমাণ অর্থ ও অন্যান্য সাহায্যও লুট করে নিয়ে যায় আমাদের কথিত পরম মিত্র ভারত। বাংলাদেশে ভারতীয় আরদালীদের লুন্ঠনের ব্যাপারে আজিজুল করিম 'হোয়াই সাচ এন্টি-ইন্ডিয়ান ফিলিংস এমং বাংলাদেশীজ' শিরোনামে এক নিবন্ধে ১৯৭৪ সালের ডিসেম্বরে প্রকাশিত ভারতীয় মাসিক 'অনিক'-এর রিপোর্টের উদ্ধৃতি দিয়ে লিখেছে, "ভারতীয় সৈন্যদের লুন্ঠিত মালামালের মূল্য ছিল প্রায় ১৫' কোটি মার্কিন ডলার।"

বাংলাদেশে ভারতীয় আরদালীদের লুন্ঠনের ব্যাপারে 'বাংলাদেশ পাস্ট এন্ড প্রেজেন্ট' পুস্তকে সালাহউদ্দিন আহমেদ লিখেছেন, "যুদ্ধ শেষ হয়ে যাবার পর ভারতীয় সৈন্যরা পার্বত্য চট্টগ্রামে অধিক সময় অবস্থান করতে থাকায় ভারত সমালোচিত হতে থাকে। অভিযোগ করা হয় যে, ভারতীয় সেনাবাহিনী ট্রাক বহরে করে বাংলাদেশ থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র ও সাজসরঞ্জাম সরিয়ে নিয়ে যায়। ফলে ভারত বাংলাদেশকে আত্মমর্যাদাশীল রাষ্ট্রের পরিবর্তে একটি তাঁবেদার রাষ্ট্রে পরিণত করতে চায় এমন একটি আশঙ্কা থেকে বাংলাদেশের প্রতি ভারতীয় নীতির বিরুদ্ধে উত্তেজনা ও সংশয় সৃষ্টি হয়।"

মুক্তিযোদ্ধা ও লেখক জয়নাল আবেদীনের 'র এন্ড বাংলাদেশ' শিরোনামে লেখা একটি বইয়েও বাংলাদেশে ভারতীয় আরদালীদের লুন্ঠনের বর্ণনা দেয়া হয়েছে। বইটিতে তিনি লিখেছেন, "পাকিস্তানি সৈন্যদের আত্মসমর্পণের পর ভারতীয় সৈন্যদের ব্যাপক লুটতরাজ দেখতে পেয়ে ভারতের প্রকৃত চেহারা আমার কাছে নগ্নভাবে ফুটে উঠে। ভারতীয় সৈন্যরা যা কিছু দেখতে পেতো তার উপর হুমড়ি খেয়ে পড়তো এবং সেগুলো ভারতে বহন করে নিয়ে যেতো। লুটতরাজ সহজতর করার জন্য তারা আমাদের শহর, শিল্প স্থাপনা, বন্দর, সেনানিবাস, বাণিজ্যিক কেন্দ্র এমনকি আবাসিক এলাকায় কারফিউ জারি করে। তারা সিলিং ফ্যান থেকে শুরু করে সামরিক সাজসরঞ্জাম, তৈজসপত্র ও পানির ট্যাপ পর্যন্ত উঠিয়ে নিয়ে যায়। লুন্ঠিত মালামাল ভারতে পরিবহনের জন্য হাজার হাজার সামরিক যান ব্যবহার করা হয়।"

বইটির আরেকটি অংশে তিনি লিখেছেন, "বাংলাদেশের মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে ভারত অর্থনৈতিক, সামরিক, কৌশলগত ও আন্তর্জাতিকভাবে ব্যাপক লাভবান হয়েছে। এ কারণে দেশটি তার নিজের স্বার্থে আমাদের মুক্তিযুদ্ধে সম্পৃক্ত হয়, আমাদের স্বার্থে নয়।"

এবার আমি মুক্তিযুদ্ধ পরবর্তী ভারত বাংলাদেশকে কীভাবে শোষণ করছে এবং কী কী সুযোগ সুবিধা ভোগ করছে তার একটি সংক্ষিপ্ত আলোচনায় । ভারত এবং বাংলাদেশের মধ্যে সম্পর্ক ইতিহাস, সংস্কৃতি এবং ভূ-রাজনৈতিক কারণে অত্যন্ত জটিল। তবে, সমালোচকরা বিভিন্ন সময় ভারতকে বাংলাদেশকে শোষণ করার জন্য দায়ী করেছেন। বিশেষত, ভারতীয় রাষ্ট্রের বিশেষ কিছু নীতির কারণে বাংলাদেশের স্বার্থ কখনো কখনো ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বিশ্লেষণে আমরা দেখবো কীভাবে ভারত বাংলাদেশের ওপর বিভিন্নভাবে প্রভাব ফেলছে এবং কিভাবে তাদের থেকে বিশেষ সুবিধা লাভ করছে।

১. পানি সম্পদ এবং নদী ব্যবস্থাপনা

বাংলাদেশের সাথে ভারতের নদী সংক্রান্ত সমস্যাগুলি একটি দীর্ঘকালীন বিষয়। ভারতের নানা প্রকল্প, যেমন ফারাক্কা বাঁধ, বাংলাদেশের নদী ব্যবস্থাকে বিপর্যস্ত করেছে। বাংলাদেশের উত্তরাঞ্চলের তিস্তা, মেঘনা, গঙ্গা ও অন্যান্য নদীর পানি প্রবাহ ভারত নিয়ন্ত্রণে রাখার মাধ্যমে বাংলাদেশের কৃষি ও পরিবেশগত পরিস্থিতি খারাপ করছে। ফারাক্কা বাঁধের কারণে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে পানির সংকট বৃদ্ধি পায়, এবং এতে কৃষি উৎপাদন হ্রাস পায়।

২. বাণিজ্য ও অর্থনৈতিক শোষণ

ভারত ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য সম্পর্কের মধ্যে ভারতে বিপুল পরিমাণ চাহিদা রয়েছে, তবে বাংলাদেশ অনেক সময় ভারতের প্রতি একতরফা নির্ভরশীল। ভারতে বাংলাদেশি পণ্য প্রবাহের তুলনায় ভারতীয় পণ্য বাংলাদেশে প্রবাহিত হয় অনেক বেশি, যার ফলে বাংলাদেশের অভ্যন্তরীণ শিল্প ও কৃষি ক্ষেত্র ক্ষতিগ্রস্ত হয়। আরও উল্লেখযোগ্য বিষয় হলো, বাংলাদেশের বিভিন্ন শিল্প উৎপাদন এবং উৎপাদন খাতে ভারতীয় পণ্য নিম্নমানের মূল্য নিয়ে প্রবাহিত হয়, যা স্থানীয় শিল্পকে দুর্বল করে দেয়।

৩. শ্রমিক সমস্যা এবং শ্রমিক শোষণ

ভারত বাংলাদেশের বহু শ্রমিককে কাজে নিযুক্ত করে, বিশেষত ভারতে ম্যানুফ্যাকচারিং এবং কৃষি খাতে। যদিও এই শ্রমিকরা কাজ পাচ্ছে, তবে তাদের জীবনমান অত্যন্ত নিম্নমানের। তারা ন্যূনতম মজুরি, সুরক্ষিত পরিবেশ এবং মানবাধিকার থেকে বঞ্চিত হয়ে কাজ করছে। বাংলাদেশের শ্রমিকরা ভারতে কম মজুরিতে কাজ করার জন্য ভারতের চাহিদা পূরণ করছে, তবে তাদের কোন সামাজিক নিরাপত্তা নেই।

৪. সীমান্ত সমস্যা

ভারত-বাংলাদেশ সীমান্তে দীর্ঘ সময় ধরে বাংলাদেশের নাগরিকদের জন্য নানা প্রতিবন্ধকতা তৈরি হয়ে থাকে। অবৈধ অনুপ্রবেশ, সীমান্তে চোরাচালান ও সংঘর্ষের কারণে সীমান্তবর্তী এলাকার মানুষের জীবনযাত্রা অনিশ্চিত হয়ে পড়েছে। ভারত বাংলাদেশের সীমান্তে বর্ডার গার্ডদের মাধ্যমে বিভিন্ন ধরনের নির্যাতন চালায়, যার ফলে সীমান্তবর্তী অঞ্চলের মানুষ প্রতিনিয়ত নির্যাতিত হচ্ছে।

৫. রাজনৈতিক প্রভাব

ভারত বাংলাদেশে তার রাজনৈতিক প্রভাব বজায় রাখতে চেষ্টা করছে, বিশেষ করে ভারতের সরকার বাংলাদেশে আসন্ন নির্বাচনে প্রভাব বিস্তার করার চেষ্টা করে থাকে। ভারতের বিভিন্ন কার্যক্রম বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ করতে পারে, যেমন ভারতের সমর্থন বা পছন্দ অনুযায়ী বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর উপর প্রভাব প্রয়োগ করা।

৬. ব্যবসা ও বাণিজ্য চুক্তি

ভারত বাংলাদেশের সাথে বিভিন্ন বাণিজ্য চুক্তি করে থাকে, তবে এসব চুক্তি বাংলাদেশি পক্ষের তুলনায় ভারতের পক্ষে অধিক লাভজনক হয়ে থাকে। ভারতের সাথে অনেক সময় অসম বাণিজ্য চুক্তি হয়, যা বাংলাদেশের জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে। এর ফলে বাংলাদেশের অর্থনীতি ভারতে নির্ভরশীল হয়ে পড়ে।

৭. আন্তর্জাতিক সম্পর্ক এবং কূটনৈতিক প্রভাব

ভারত দক্ষিণ এশিয়ার একটি শক্তিশালী দেশ হিসেবে ভারতের কূটনৈতিক প্রভাব বাংলাদেশের ওপর বিরাট। ভারতের সাথে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখার জন্য বাংলাদেশ নানা সময় তার নিজের স্বার্থ বিসর্জন দেয়। বিশেষ করে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতীয় দৃষ্টিভঙ্গি এবং কাশ্মীর সংকটের মতো বিষয়ে বাংলাদেশের অবস্থান নির্ধারণে ভারতের প্রভাব পড়ছে। ভারত এবং বাংলাদেশের সম্পর্ক একটুকু সহজ নয়, যেখানে একদিকে দুই দেশের মধ্যে ঐতিহাসিক, সাংস্কৃতিক সম্পর্ক রয়েছে, অন্যদিকে ভারতের নানা কার্যক্রম বাংলাদেশকে শোষণ এবং দুর্বল করে তুলছে। এক্ষেত্রে বাংলাদেশের মধ্যে প্রতিবাদ এবং জাতীয় স্বার্থ রক্ষা করতে আরও শক্তিশালী কূটনৈতিক পদক্ষেপ নিতে হবে। অপরদিকে মুক্তিযুদ্ধ পরবর্তী আমাদের শত্রু রাষ্ট্র হিসেবে পাকিস্তান আমাদের কি কি ক্ষতি সাধন করেছে, আমাদের অভ্যন্তরীণ ভূ-রাজনীতিতে কতটা হস্তক্ষেপ করেছে, তার হিসাব কষতে হবে ভবিষ্যৎ নতুন প্রজন্মকে।

লেখক: যুক্তরাষ্ট্র প্রবাসী কলামিস্ট।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

## বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন সা'লাবের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় তিন মাইল দূরত্বে অবস্থিত ছিল। অথবা মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথার কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাইক্লোহাবপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# রিজেকশন ডিসফোরিয়া অজান্তেই এই সমস্যায় ভুগছেন না তো?

খালিদ হাসান

মনে করুন আপনি আপনার বন্ধুকে একটি বার্তা পাঠিয়েছেন। কয়েক ঘণ্টা হয়ে গেছে, কিন্তু কোনো উত্তর আসেনি। বেশিরভাগ মানুষ ভাববেন, 'সে হয়তো ব্যস্ত আছে।'
কিন্তু এডিএইচডি (অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাকটিভিটি ডিজঅর্ডার) নামক মানসিক রোগে আক্রান্ত ব্যক্তিরা বিষয়টিকে অন্যভাবে নেন। তারা ভাবতে পারেন, 'সে নিশ্চয়ই আমাকে অপছন্দ করে!' অথবা 'আমি নিশ্চয়ই বন্ধুত্বটা নষ্ট করে ফেলেছি!'
এই অতিরঞ্জিত এবং তীব্র আবেগপ্রবণ প্রতিক্রিয়াগুলোই 'রিজেকশন সেনসিটিভিটি ডিসফোরিয়া' (আরএসডি)-এর বৈশিষ্ট্য। এটি এখনো পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কোনো আলাদা মানসিক রোগের তকমা পায়নি, তবে সাম্প্রতিক গবেষণা এবং থেরাপি চর্চায় বিশেষত প্রাপ্তবয়স্ক এডিএইচডি রোগীদের মধ্যে এই টার্মটি ক্রমেই গুরুত্ব পাচ্ছে।



আরএসডি: সমালোচনাকে অপছন্দ করার থেকেও বেশি কিছু : প্রত্যেক ব্যক্তিই সমালোচনা বা উপেক্ষা পেলে খারাপ অনুভব করেন। কিন্তু আরএসডি হলো এর চেয়েও গভীর কিছু। এতে জড়িত তীব্র মানসিক অস্বস্তি (ডিসফোরিয়া)। আরএসডি-তে আক্রান্ত ব্যক্তিরা সামান্য মন্তব্য বা মজার ছলের অবহেলাকেও চরম অপমান, লজ্জা কিংবা আত্মসন্দেহ হিসেবে গ্রহণ করেন। উদাহরণস্বরূপ, কেউ যদি বলেন, 'আমি ভেবেছিলাম তুমি এটা এভাবে করবে'ত্ব এমন কথাতেই তাদের মাঝে তীব্র আবেগের সাড়া তৈরি হতে পারে। ফলে অনেকে নিজেকে গুটিয়ে নেন, অতিরিক্তভাবে দুঃখপ্রকাশ করেন বা আত্মরক্ষার্থে রাগের মাধ্যমে প্রতিক্রিয়া দেখান।
যে কারণে মানুষ এডিএইচডি-তে আক্রান্ত হন : এডিএইচডি বলতে সাধারণত মনোসংযোগ বা অতিরিক্ত চঞ্চলতাকে বুঝায়। কিন্তু এডিএইচডি'র একটি বড় উপাদান হলো আবেগ নিয়ন্ত্রণে অসুবিধা। এটি কোনো ব্যক্তিত্বগত দুর্বলতা নয় বরং মস্তিষ্কের কার্যকারিতার পার্থক্য। এরপর ৩৬ পৃষ্ঠায়



## গর্ভাবস্থায় ডায়াবেটিস হলে করণীয় কী?

অধ্যাপক মেজর (অব.) ডা. লায়লা আর্জুমান্দ বানু

গর্ভাবস্থায় ডায়াবেটিস দিন দিন বেড়েই যাচ্ছে। আমাদের দেশের যদিও পরিসংখ্যান সম্পূর্ণভাবে নেই। কিন্তু কয়েকটা জায়গায় পরিসংখ্যান করা হয়েছিল। দেখা গেল যে, ১৩.৫% মহিলারা গর্ভাবস্থায় ডায়াবেটিস নিয়ে ভুগছেন। গর্ভাবস্থায় ডায়াবেটিসের দুটি ব্যাপার আছে। একটা হলো যে, মহিলারা খুবই সচেতন। তারা যখনই শুনে যে, তার ডায়াবেটিস হয়েছে, তখন কিন্তু তারা খুব সচেতন হয়ে যান।
তখন আমাদের কাছে আসেন এবং আমরা যেটা বলি নিয়ম-কানুন, সেই নিয়ম-কানুন বেশ ভালভাবে মানেন। আর কিছু রোগী আছে যারা একেবারেই সচেতন না। তারা মনে করে যে, কি আর হবে, কিছুই হবে না। পরে দেখা যায় যে তাদের বাচ্চাদের হয়তো বা কোনো জন্মগত জটিলতা বা জন্মগত ত্রুটি নিয়ে জন্মগ্রহণ করে।
ডায়াবেটিস এবং প্রেগনেন্সি অথবা গর্ভাবস্থায় ডায়াবেটিস দুটো দু রকম হতে পারে। একটা হলো যে রোগীর আগে থেকেই ডায়াবেটিস আছে। আরেকটা হলো যে, রোগী গর্ভাবস্থায় আসার পরে ডায়াবেটিস ধরা পড়েছে। সেখানে কিছু কিছু ঝুঁকি থাকে। যেমন তার বংশগত ইতিহাস থাকতে পারে, পারিবারিকভাবে আগে থেকেই ডায়াবেটিস থাকতে পারে। তার হয়তো কয়েকটি গর্ভপাত হয়েছে এর আগে। অনেক বড় বাচ্চা ডেলিভারী করতে গিয়ে হয়তো মারা গেছে। বারবার গর্ভপাত হয়।
এছাড়াও তার উচ্চরক্তচাপ, প্রি-একলাম্পসিয়া নানা সমস্যা দেখা যায়। এ সমস্ত ঝুঁকি যাদের থাকে, তাদের আমরা মনে করি, ওই সময়টায় ডায়াবেটিস ছিল। হয়তো তখন ধরা পড়েনি। দেখা গেল হয়তো বাচ্চাটা আর বেঁচে নেই বা বেঁচে থাকতে পারলো না। কাজেই আমরা রোগীদের সবসময় বলি যে, আপনারা যেটা প্রি-প্রেগনেন্সি কাউন্সিলিং একটা কথা আছে: সেটা হলো যে, যদি কোন মহিলা মনে করেন যে, তিনি গর্ভধারণ বা প্রেগনেন্সি নিতে চান, তাহলে অবশ্যই তাকে ডাক্তারের কাছে আসতে হবে।
বিশেষত যদি তার ডায়াবেটিস থাকে, আর ডায়াবেটিস না থাকলেও, ডাক্তারের কাছে আসলে ভাল। আগের থেকে পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যাবে যে, তার ডায়াবেটিস আছে কি-না। থাকলেও কি অবস্থায় আছে। কন্ট্রোলে আছে কি-না। কারণ, দেখা গেছে যে, ডায়াবেটিস যদি কন্ট্রোলে থাকে তাহলে কিন্তু একজন মহিলার একদম সুস্থ বাচ্চা হতে পারে, এবং তার কোনরকম জটিলতা দেখা যায় না।
কাজেই ডায়াবেটিস কন্ট্রোল করাটাই হচ্ছে আমাদের আজকের মুল উপাদান। কাজেই যখনই প্রয়োজন প্রি-প্রেগনেন্সি কাউন্সিলিং এর কোন বিকল্প নেই। গর্ভাবস্থার পূর্বে তার সচেতনতা, তার ডাক্তারদের কাছে আসা এবং ডাক্তার সবকিছু পরীক্ষা করে বলবে যে, হ্যাঁ, সে এখন বাচ্চা নিতে পারে। এটা গেল একটা অবস্থা। কাজেই তাকে আমরা এরপর ৩৬ পৃষ্ঠায়

## রুগ্ন ও আগা ফাটা চুলের পরিচর্যা

অধ্যাপক ডা. এস এম বখতিয়ার কামাল



চুলের আগা একবার কেটে গেলে তা স্বাভাবিকরূপে ফিরিয়ে আনতে অনেকে চুলের যে অংশটুকু কেটে গেছে সেই অংশ কেটে ফেলেন। কিন্তু অনেক সময় নারীদের ক্ষেত্রে তা সম্ভব হয়ে উঠে না। চুলের চিকিৎসাবিদ্যায় বিশেষভাবে লক্ষ্য করে দেখা যায়, সাধারণত মেয়েরাই চুল নিয়ে বেশ চিন্তায় থাকেন এবং তারা চিন্তা করতে করতে আরও চুল হারিয়ে ফেলেন। মূলত তারা নিয়মিত ঘুমাতে যান না, খাবার-দাবার নিয়মিত খান না এমনকি ভিটামিন জাতীয় খাবারও কম খান। মূলত সুন্দর জীবনযাপন না করার কারণে অনেকের অকালে চুল রুগ্ন, আগা ফাটা ও খুশকির সমস্যা দেখা দেয়।
খুশকি যে চুলের জাতশত্রু তা অনেকেই জানেনই না। চুলকে পরিষ্কার রাখা ও খুশকিমুক্ত রাখতে পারলে অনেকের চুল এমনিতেই ভালো থাকে। তারপর পরিপাটি ও সুন্দর চুলের জন্য নিতে হয় প্রতিরোধ ব্যবস্থা। চুলের আগা ফাটার সবচেয়ে কার্যকর সমাধান হলো, তেল ও মেডিকেটেড শ্যাম্পু। তেল চুলে পুষ্টির যোগান দেয়। তাই নিয়মিত চুলে তেল দিতে হবে।
এক্ষেত্রে আমরা সবাই সাধারণত নারিকেল তেল ব্যবহার করে থাকি। এ ছাড়াও জলপাই-তেল, বাদাম-তেল বা তিলের-তেল ব্যবহার করা যায়। এ সময় তেল খুব ভালোভাবে মাথার ত্বকে মালিশ করার পাশাপাশি চুলেও লাগাতে হবে। ভালো ফলাফল পেতে সপ্তাহে ৩ দিন চুলে তেল লাগানো উচিত। চুলের রুক্ষতার কমাতে এবং আগা কেটে যাওয়ার প্রবণতা রোধ করতে, প্রতিদিন শ্যাম্পু করা বাদ দিতে হবে। কারণ চুল ধোয়ার ফলে, মাথার ত্বকের তেলও ধুয়ে যায়। তাই সপ্তাহে ২ থেকে ৩ বারের বেশি শ্যাম্পু করা উচিত নয়।
শ্যাম্পুর রাসায়নিক উপাদানও চুলের ক্ষতির কারণ হতে পারে। আর শ্যাম্পু ব্যবহারের ক্ষেত্রে, শ্যাম্পুতে সালফেটের পরিমাণ লক্ষ্য করতে হবে। সালফেট হলো ডিটারজেন্ট তৈরির প্রধান একটি উপাদান যা প্রচুর ফেনা তৈরি করে। সালফেট চুলের কিউটিকলের আর্দ্রতা কেড়ে নেয়। ফলে রুক্ষ ও নিষ্প্রাণ হয়ে চুলের আগা ফাটার পরিমাণও বেড়ে যায়। হারবাল শ্যাম্পুতে সাধারণত সালফেট থাকে না অথবা কম পরিমাণে থাকে। তাই চুল ধোয়ার জন্য হারবাল শ্যাম্পু বেছে নেয়া ভালো। মনে রাখতে হবে, বারবার শ্যাম্পু করলে চুলের ক্ষতি ছাড়া উপকার হয় না। চুলের সঠিক পরিচর্যা করার জন্য ভালো ব্র্যান্ডের বা চিকিৎসকের পরামর্শক্রমে শ্যাম্পু ব্যবহার করা ভালো। শ্যাম্পু করার পর যে পানিতে মাথা ধোয়া হয় তাও অনেক সময় ক্ষতি করে চুলের। বিশেষ করে পানির ক্লোরিন এর জন্য দায়ী। এই ক্লোরিনযুক্ত পানি প্রতিদিন ব্যবহারের ফলে চুলের ডগা ফেটে যায়।
তাই এই পানি ব্যবহারের আগে পানিকে যদি এরপর ২৭ পৃষ্ঠায়



## শিশুর ঠাণ্ডা-সর্দিতে কী করবেন

প্রফেসর ডা. প্রণব কুমার চৌধুরী

বাচ্চা বয়সে প্রায় আট বা ততোধিকবার ঠাণ্ডা-সর্দির পাল্লায় পড়ে শিশু। শিশু বয়সে ডাক্তার দেখানোর প্রধান কারণ এটি। বেশির ভাগ ক্ষেত্রে চারপাশের বাতাসে ভেসে থাকা ভাইরাসজনিত কারণে বা আশপাশে হাতে লাগে এমন সব বস্তুর সংস্পর্শ থেকে ঠাণ্ডা-সর্দির শুরু।
এর প্রেসক্রিপশন সরল-সোজা-
* সময়ে সেরে উঠবে
* বিশ্রাম দরকার

উপসর্গ ও লক্ষণ
* নাক জ্যাম ভাব, সর্দি ঝরা-প্রথমে জলের মতো, পরে তা ঘন হলুদাভ বা সবুজ রঙের হয়ে উঠতে পারে।
* খুশখুশ গলা বা গলা ব্যথা
* হাঁচি, কাশি
* মাথা ব্যথা
* সামান্য জ্বর
* ক্লান্তি ভাব
* খিদের অনীহা

কী করা যায় শিশুর অস্বস্তি লাগলে-
* প্যারাসিটামল
* তাপ বা বাষ্প নাক দিয়ে টানা
* নাসারন্ধ্র খোলা রাখতে লবণ-জল বা স্যালাইন
* জলের ড্রপস ব্যবহার
* নাকের ঘন সর্দি বাল্ব সিরিঞ্জ দিয়ে বের করে আনা-যদি প্রয়োজন হয়
* প্রচুর পরিমাণে তরল খাবার, বুকের দুধ, ফলের রস খাওয়ানো। ক্যাফেইনযুক্ত পানীয়-নৈবচ নৈবচ
* কফ-কাশির সিরাপ কখনো না দেওয়া: বিশেষত দুই বছরের নিচে। বরং চিকিৎসকের পরামর্শ নিতে হবে
* কখনো শিশুকে অ্যাসপিরিনজাতীয় ওষুধ দেওয়া যাবে না

মেডিক্যাল ব্যবস্থাপনা
* যদি ঠাণ্ডা-সর্দির প্রকৃতি আরো খারাপ হয়ে যাচ্ছে বা এক সপ্তাহে তা কমে আসেনি
* ঠাণ্ডা-সর্দি, কাশি যদি পোলেন, ধুলাবালি, পশুর লোম-এসবে হয়ে থাকে
* ভাঙা কাশি এবং সঙ্গে শ্বাসে শাঁই আওয়াজ
* বেশি মাত্রার জ্বর। শিশুকে বেশ অসুস্থ দেখাচ্ছে
* গলা ব্যথার কারণে শিশু যদি খেতে বা পানীয় পান করতে না পারে
* অতিশয় মাথা ব্যথা

প্রতিরোধমূলক ব্যবস্থা
* শিশুকে ঠাণ্ডা-সর্দিতে আক্রান্ত বা ধূমপানরত এমন কারো কাছাকাছি থাকতে বারণ করা
* অন্য শিশুর সঙ্গে খেলার পর বা নাক ধরার পর সময়মতো হাত ধুইয়ে দেওয়া
* সর্দি বা হাঁচি-কাশি টিস্যু বা রুমালে মুছে নেওয়া, কখনো হাত দিয়ে নয়
* কাশ দেহের সুস্থতা রক্ষার এক রিফ্লেক্স, যা শ্বাসনালির পথ মুক্ত রাখতে সাহায্য করে।
কাশি যদি মারাত্মক রকমের হয়, কিংবা দীর্ঘদিন চলতে থাকে তবেই তার চিকিৎসা করিয়ে নেওয়ার প্রয়োজন। বেশির ভাগ কাশি হয়ে থাকে ভাইরাসজনিত কারণে। এসবের জন্য বেশি কিছু না করাই উত্তম, যা কয়েক দিনের মধ্যে এমনিতেই সেরে যায়।

কী করা উচিত
যদি শিশুর কাশ কর্কশ, ভাঙা ভাঙা শোনায় তাহলে স্টিম-ইনহেলেশন করানো, ২০ মিনিটের মতো, গরম বাষ্প শ্বাসের সঙ্গে টেনে নিতে বলা
* প্রচুর তরল পান করানো।
জুস বানিয়ে খাওয়ানো। এরপর ৩৬ পৃষ্ঠায়

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## ফোবানার পর্দা উঠছে শেরাটন নায়াগ্রা ফলসে

১ পৃষ্ঠার পর

ফোবানার এই সম্মেলনকে ঘিরে সাজসাজ রব পড়েছে। তিনদিনের এই কনভেনশনে অংশগ্রহণ করবেন যুক্তরাষ্ট্র ছাড়াও অন্যান্য দেশ থেকে আমন্ত্রিত অতিথিগণ। সম্মেলনে নেতৃত্ব দেবেন স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যবসায়ি শাহ নেওয়াজ। এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী আজম, ফোবানার কর্মকর্তা আবু জুবায়ের দারা, মোহাম্মদ হোসেন খান, মইনুল হক চৌধুরী, শিয়াদ আহমেদ, আলী ইমাম মজুমদার, ফিরোজ আহমেদসহ অনেকে উপস্থিত থাকবেন বলে জানা গেছে। এবারের ফোবানায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ থেকে বিশিষ্ট ডাক্তার ড. নসিম উল্লাহ খান। স্পেশাল গেস্ট হিসেবে থাকবেন গোলাম মুর্তোজা ও ড. বদরুল খান। ফেডারেশন অব বাংলাদেশি এসোসিয়েশনস ইন আমেরিকা উদ্যোগে আয়োজিত এবারের ফোবানায় জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করবেন। সম্মেলনে কোন এন্ট্রি ফি লাগবে না স্টল বুকিং এর ব্যাপারে ৩৪৭ ৪০৫ ১০৯৩ নম্বরে যোগাযোগ করার পরামর্শ দেয়া হয়েছে।

## আমেরিকাবিরোধী কর্মকাণ্ড থাকলেই ভিসা নয়

১ পৃষ্ঠার পর

নীতিমালায় বলা হয়েছে, অভিবাসন কর্মকর্তারা এখন আবেদনকারীদের 'আমেরিকাবিরোধী কর্মকাণ্ড বা সন্ত্রাসী সংগঠনের সঙ্গে কোনো ধরনের সম্পৃক্ততা' বা ইহুদিবিদ্বেষী কার্যকলাপের কোনো প্রমাণ' আছে কি না, তা খতিয়ে দেখতে পারবেন। নীতিমালায় বলা হয়েছে, অভিবাসনের আবেদন পরীক্ষা-নিরীক্ষায় সামাজিক যোগাযোগমাধ্যম যাচাই-বাছাইয়ের নিয়ম ট্রাম্প প্রশাসন কর্তৃক ইতিমধ্যে জুন মাসে চালু করা হয়েছিল। এটি এখন আরও বিস্তৃত করে 'আমেরিকাবিরোধী কার্যকলাপের' অনুসন্ধানের বিষয়গুলোও অন্তর্ভুক্ত করা হবে।

এটি যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতিমালা কঠোর করার ক্ষেত্রে ট্রাম্প প্রশাসনের সর্বশেষ পদক্ষেপ। এ ধরনের অনেক নতুন পদক্ষেপে অভিবাসী ও বিদেশি শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রে আসার ক্ষেত্রে নিরুৎসাহিত করবে বলে ধারণা করা হচ্ছে।

একজন কর্মকর্তা সোমবার জানিয়েছেন, এ বছর ছয় হাজারের বেশি শিক্ষার্থীর ভিসা বাতিল করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। আর গত জুনে পররাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছে, শিক্ষার্থী ভিসার আবেদনকারীদের 'আমাদের নাগরিক, সংস্কৃতি, সরকার, প্রতিষ্ঠান বা রাষ্ট্রের মূলনীতিগুলোর প্রতি বিরূপ মনোভাব' আছে কি না, তা দূতাবাস ও কনস্যুলেটগুলোকে যাচাই করে দেখতে হবে। মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে ইউএসসিআইএসের মুখপাত্র ম্যাথু ট্রাজেজার বলেন, 'যারা এই দেশকে ঘৃণার চোখে দেখে এবং আমেরিকাবিরোধী মতাদর্শ প্রচার করে, তাদেরকে আমেরিকার সুবিধা দেওয়া উচিত নয়।'

ম্যাথু ট্রাজেজার আরও বলেন, আমেরিকাবিরোধী মনোভাব নির্মূল করতে নীতিমালা ও পদ্ধতি বাস্তবায়নে অভিবাসন সংস্থা প্রতিশ্রুতিবদ্ধ এবং যত দূর সম্ভব পূর্ণ মাত্রায় কঠোর পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই-বাছাইয়ের পদক্ষেপগুলো বাস্তবায়নকে সর্বান্তকরণে সমর্থন করে।

## ট্রাফিক আইন লঙ্ঘনেই ৭ হাজার ডিপোর্ট

১ পৃষ্ঠার পর

আবেদন পেন্ডিং থাকার পরও ইমিগ্রান্টদের সামান্য অপরাধে গ্রেফতার করে ডিপোর্ট করা হচ্ছে। ট্রাফিক আইন অমান্য কিংবা আগাছা পরিষ্কার না করার মতো অপরাধেও অবৈধ ইমিগ্রান্টদের গ্রেফতার ও আইস পুলিশের হাতে তুলে দেয়ার ঘটনা ঘটছে। ট্রাম্প প্রশাসনের অধীনে হাজার হাজার অভিবাসী পরিবারের জন্য এই ঝুঁকি আরও বেড়েছে। কারণ কর্মকর্তারা খুব কম বা কোনও অপরাধমূলক ইতিহাস নেই এমন ব্যক্তিদের নির্বাসনের প্রচেষ্টা করছেন।

দ্য মার্শাল প্রজেক্টের তথ্যানুসারে, যাদের সবচেয়ে গুরুতর অপরাধ ছিল ট্রাফিক লঙ্ঘন - যেমন লাইসেন্স ছাড়া গাড়ি চালানো - তাদের নির্বাসিত ব্যক্তির মাসিক সংখ্যা গত ছয় মাসে তিনগুণেরও বেশি বেড়েছে। মে মাসে ছিল তা ৬০০ জনে। ২০২৫ সালেই ট্রাফিক লঙ্ঘনের শিকার ১,৮০০ জনেরও বেশি লোককে ডিপোর্ট করা হয়েছে।

জানুয়ারী থেকে মে মাসের মধ্যে ডিপোর্ট করা ১২০,০০০ জনেরও বেশি লোকের দুই-তৃতীয়াংশেই কোনও অপরাধমূলক দোষী সাব্যস্ত হয়নি। আরও ৮% এর জন্য, তাদের রেকর্ডে থাকা একমাত্র অপরাধ ছিল মার্কিন যুক্তরাষ্ট্রে অবৈধ প্রবেশ। মাত্র প্রায় ১২% এমন অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল যা হয় হিংসাত্মক বা সম্ভাব্য হিংসাত্মক ছিল। এই সংখ্যাগুলি কর্মকর্তাদের অব্যাহত দাবির বিরোধিতা করে যে অভিবাসন প্রয়োগকারী সংস্থা "সবচেয়ে খারাপের মধ্যে সবচেয়ে খারাপ অপরাধীদের উপর মনোযোগ দিচ্ছে।

ট্রাম্পের কিছু উপদেষ্টা প্রকাশ্যে বলেছেন, প্রশাসনের লক্ষ্য প্রতিদিন ৩ হাজার অবৈধ অভিবাসী গ্রেফতার করবে আইস পলিশ। তবে আদালতে, অভিবাসন কর্মকর্তারা এমন কোটা থাকার বিষয়টি অস্বীকার করেছেন।

ইমিগ্রান্ট আইনজীবিদের অভিমত, বেশি লোককে বহিষ্কার করার এই চাপের ফলে জাতিগত প্রোফাইলিং বৃদ্ধি পাচ্ছে। তাদের আইনি অবস্থা পরীক্ষা করার জন্য ছোটখাটো ট্রাফিক লঙ্ঘনের জন্য আরও বেশি কৃষ্ণাঙ্গ ড্রাইভারকে আটক করা হচ্ছে। বিশটি রাজ্য সম্প্রতি এমন আইন পাস করেছে যা অভিবাসন প্রয়োগে স্থানীয় পুলিশের সম্পৃক্ততা বৃদ্ধি করে। ক্রমবর্ধমান সংখ্যক পুলিশ বিভাগ নিয়মিত ট্রাফিক স্টপের মতো এনকাউন্টারের সময় ফেডারেল অভিবাসন আইন প্রয়োগের জন্য হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের সাথে চুক্তি স্বাক্ষর করছে।

মিয়ামি-ভিত্তিক অলাভজনক সংস্থা আমেরিকানস ফর ইমিগ্রান্ট জাস্টিসের মামলা এবং অ্যাডভোকেসির পরিচালক পল আর. শ্যাভেজ বলেছেন, আমরা শুনতে পাই লোকদের ছোটখাটো কারণে আটক করা হয়েছে। যেমন গাড়ির একটি ভাঙা আয়না, হলুদ রেখা অতিক্রম করা, অথবা জানালা খুব বেশি অন্ধকার। এই খুব ছোটখাটো কারণে লোকেদের গ্রেপ্তার করা হয়। কারাগারে আনা হয়। আঙুলের ছাপ নেওয়া হয় এবং তারপর আইস পুলিশে হস্তান্তর করা হয়।"

## বিএনপির জনসমর্থন ১৬ শতাংশ, জামায়াতের ৩১ শতাংশ-কতটা বিশ্বাসযোগ্য

৭ পৃষ্ঠার পর

বিএনপি ২০০৮ সালের নির্বাচনে সব থেকে কম আসন পেয়েছিল। সেবারও বিএনপির ভোট ৩২ দশমিক ৮ শতাংশ ছিল। এখন সেটা বাড়ার কথা। না বাড়লেও অঙ্কেরহারে কমার কথা নয়। চাঁদাবাজি ও দখলের কারণে বিএনপির জনপ্রিয়তায় ধস নেমেছে-এটা বিশ্বাসযোগ্য নয়। আমাদের রাজনীতির অর্থনীতি স্থানীয় পর্যায়ে চাঁদাবাজি ও দখলের সঙ্গে জড়িত। দুঃখজনক হলেও বাস্তবতা যে রাজনৈতিক সংস্কৃতি এই অনিয়মের ওপর নির্ভরশীল। এর বিশাল এক সুবিধাভোগী শ্রেণি আছে সমাজে। যদিও এটা গ্রহণযোগ্য নয়। এই ব্যবস্থার পরিবর্তন আনতে হবে আমাদের। কিন্তু এর কারণে জনপ্রিয়তায় ভয়াবহ ধস নামার কথা নয়। আমাদের রাজনীতিতে দলের প্রতি অন্ধবিশ্বাসের একটি বিষয় আছে।

আবার আরেকটা জরিপে দেখা যাচ্ছে, ৩১ দশমিক ৫৬ শতাংশ মানুষ জামায়াতে ইসলামীকে সমর্থন করে। এটা কি কোনো বিশ্বাসযোগ্য জরিপের ফলাফল হতে পারে?

৮ মার্চ ২০২৫ এ জরিপটি প্রকাশিত হয়। ইনোভিশন কনসাল্টিং পরিচালিত এই জরিপের কাজের প্রচারণা ও নীতি বিষয়ক কার্যক্রমে সহায়তা প্রদান করে বাংলাদেশ রিসার্চ অ্যানালাইসিস অ্যান্ড ইনফরমেশন নেটওয়ার্ক (ব্রেইন) এবং ভয়েস ফর রিফর্ম নামের এক্টিভিস্টদের একটি সংগঠন। (৯ মার্চ, দৈনিক নিউজ)।

আওয়ামী লীগ দেশ থেকে পালিয়ে গেছে ফ্যাসিবাদ ও গণহত্যার দায় মাথায় নিয়ে। বিভিন্ন স্থানে দখল, চাঁদাবাজির কারণে বিএনপিরও জনপ্রিয়তা কমে গেছে। তাই বলে জামায়াতের প্রতি সমর্থন ৩১ শতাংশ মানুষের! এটা বাস্তব সম্মত নয়।

জামায়াত একটি ক্যাডারভিত্তিক রাজনৈতিক দল। তাদের নিজস্ব নিয়মকানুন আছে। তারা সমাজের ভেতর আরেকটি সমাজ গঠন করেছে। এই দলের একজন কর্মীর জীবন জামায়াতের চক্রের মধ্যেই থেকে যায় আজীবন। এই ধরনের দলের হুট করে জনসমর্থন কমেও না, বাড়েও না।

আমার ধারণা, ৩১ দশমিক ৫৬ শতাংশ জনসমর্থনের বিষয়টি জামায়াত নিজেও বিশ্বাস করে না। ১৫ থেকে ২০ শতাংশ জনসমর্থন থাকলেই জামায়াত সংসদে অনেক শক্তিশালী অবস্থানে চলে যাবে এবং কোনো প্রশ্ন ছাড়াই জামায়াত নির্বাচনে যেতে রাজি হবে বলে আমার বিশ্বাস। বিএনপি ও জামায়াতের জনসমর্থনের হিসাব নিয়ে ইনোভিশন কনসাল্টিংয়ের জরিপের সঙ্গে বিআইজিডির জরিপের ফলাফল মিলে না। আকাশ-পাতাল তফাত।

বিআইজিডির প্রথম জরিপে জামায়াতের প্রতি সমর্থন ছিল ১১ শতাংশ, এবার হয়েছে ১০ শতাংশ। দুই জরিপের পার্থক্য হচ্ছে যথাক্রমে ২০ ও ২১ শতাংশ। ইনোভিশন কনসাল্টিংয়ের জরিপ অনুসারে বিএনপির প্রতি জনসমর্থন ৪১ দশমিক ৭ শতাংশ। আবার বিআইজিডির জরিপে গত বছরের হিসাবে সর্বোচ্চ ১৬ শতাংশ মানুষ বিএনপির প্রতি সমর্থন জানিয়েছে।

## হাঁস-পাথরে রাজনীতির টরেটক্কা

১২ পৃষ্ঠার পর

সহায়তা চেয়েছিলেন? সেখানে ব্যর্থ হলে তার প্রধান উপদেষ্টার সহায়তা চাওয়ার কথা। এ-বিষয়ক কোনো তথ্য নেই। প্রশ্ন তো এসেই যাচ্ছে, পাথর লুট ঠেকাতে ব্যর্থতা পরিবেশ উপদেষ্টার না পুরো সরকারের। পাথর উপদেষ্টার বাড়ি ওই কোয়ারি এলাকার আশপাশেই। দেশে বছরের একটা সময় জাটকা সংরক্ষণের জন্য নদীতে মাছ ধরা বন্ধ থাকে। কিন্তু সব নদীতে বন্ধ থাকে না। সিলেটের বিভাগীয় কমিশনার প্রশ্ন তুলেছেন, সারা দেশে পাথর তোলা গেলে সিলেটে কেন যাবে না। দেশের বিভিন্ন এলাকার একই ইস্যু হলেও নানা কারণে ভিন্নতা থাকে। পাথর কিন্তু পাথরঘাটা বা দেশের সব এলাকায় মেলে না। হাঁস বা নির্বাচন সবার জন্যই।

দেশে যখন নির্বাচন নিয়ে হরেক কথামালা, জুলাই ঘোষণা নিয়ে অতৃপ্তি, সনদের অপেক্ষা তখন হাঁস-পাথরেই ঝুলে থাকাও একটা কাজ। কৌতূহলের বিষয় হলো, যেসব রাজনৈতিক দল জুলাই ঘোষণাপত্র নিয়ে খুব সোচ্চার ছিল, এটি প্রকাশের পর তারা হতাশা ব্যক্ত করেছে, আর যেসব দল ঘোষণাপত্র নিয়ে একদিন তেমন উৎসাহ দেখায়নি, তারা অকুণ্ঠচিত্তে স্বাগত জানিয়েছে।

৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থানের বার্ষিকীতে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস ২৮ অনুচ্ছেদের ঘোষণাপত্র পাঠ করেন এবং গণঅভ্যুত্থানকে রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতির ঘোষণা দেন। ঘোষণাপত্র ব্যাখ্যা-বিশ্লেষণের ক্ষেত্রে রাজনীতিকদের দলীয় ও ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি থাকতে পারে; কিন্তু ইতিহাসের কঠিন সত্য অস্বীকার বা অগ্রাহ্য করার সুযোগ নেই। ঘোষণাপত্রের বিচারে আমাদের রাজনৈতিক নেতাদের দলীয় দৃষ্টিভঙ্গি ও আগামী ভোটের হিসাব-নিকাশ থাকা অস্বাভাবিক নয়। এরকম একটা সময়ে পাথর-হাঁসে সময় পার করা কি স্বাভাবিক? শীত-গরম, রোদ-বৃষ্টি তফাত নেই। যানজটহীন আলোকিত মহলে ৩০০ ফিটের আধুনিক প্রশস্ত সড়কের পাশে বালু নদের জলাধারায় চাইলেই আকাশ দেখা যায়। জলাধার থেকে ভেসে আসা হাওয়ায় গলা ছেড়ে গানও ধরা যায়। সেখানে মাটির চুলায় রান্না হয় দেশি হাঁস। এ হাঁসের মাংসের জন্যই বিখ্যাত নীলা মার্কেট এলাকা। প্রতিদিন বিকেল থেকে হাঁসের মাংস-চিতই পিঠা, সামুদ্রিক মাছ, গরম মিষ্টির মতো হরেক রকম খাবারের মেলা বসে সেখানে। হাঁসের পাশাপাশি নীলা মার্কেটের মিষ্টিরও চাহিদা রয়েছে। নীলা মার্কেটে মুখরোচক হরেক পদের খাবার থাকলেও দূর-দূরান্ত থেকে শুধু মাটির চুলায় লাকড়ি দিয়ে রান্না করা হাঁসের মাংস খেতে যাওয়ার হাল ফ্যাশনে ভোররাতে মাঝেমধ্যে শামিল হন উপদেষ্টা আসিফ মাহমুদও। ঘটনার অনিবার্যতায় তিনি তা নিজেই জানিয়েছেন।

লেখক: সাংবাদিক-কলামিস্ট; ডেপুটি হেড অব নিউজ, বাংলাভিশন।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# যৌবনকাল কিভাবে কাটানো উচিত

মুহাম্মদ ইকরামুল ইসলাম



একটি উন্নত দেশ ও আদর্শ জাতি গঠনে বড় ভূমিকা ও অবদান রাখে দেশের যুবসমাজ। তাদের সুচিন্তা ও সুষ্ঠু মনন গঠনের মধ্য দিয়ে একটি দেশ তার লক্ষ্যে পৌঁছাতে শক্তি ও সাহস পায়। সুশীল সমাজ ও স্বনির্ভর রাষ্ট্র গঠনে যুবশক্তির প্রয়োজনীয়তা অপরিসীম। এ জন্য যৌবনকালকে ইসলাম অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছে। যৌবনকাল কীভাবে কাটানো উচিত, তা নিয়ে লিখেছেন- মুহাম্মদ ইকরামুল ইসলাম

আল্লাহর আনুগত্য করা : মানুষের জীবনের শ্রেষ্ঠ সময় হলো, যৌবনকাল। যৌবনে মানুষ অসাধ্য সাধনে আত্মনিয়োগ করতে পারে। রাসুল (সা.) যৌবনকালকে গনিমত মনে করতেন। আমর ইবনে মায়মুন আল আওদি (রা.) বলেন, রাসুল (সা.) জনৈক ব্যক্তিকে উপদেশকালে বলেন, 'পাঁচটি বিষয়কে পাঁচটি বিষয় আসার আগে গনিমত মনে করো: বার্ধক্যের আগে যৌবনকে, অসুস্থতার আগে সুস্থতাকে, দারিদ্র্যের আগে স্বচ্ছলতাকে, কর্মব্যস্ততার আগে অবসরকে এবং মৃত্যুর আগে জীবনকে।' (সুনানে বায়হাকি : ১০২৪৮)। তা ছাড়া যৌবনে আল্লাহর ইবাদত ও আনুগত্যে কাটানোর অনেক গুরুত্ব, আলাদা তৃপ্তি ও মূল্যায়ন রয়েছে। রাসুল (সা.) বলেন, 'যেদিন আল্লাহর রহমতের ছায়া ছাড়া আর কোনো ছায়া থাকবে না, সেদিন সাত শ্রেণীর ব্যক্তিকে আল্লাহতায়ালা তার নিজের ছায়ায় আশ্রয় দেবেন। এর মধ্যে একজন সেই যুবক, যার জীবন গড়ে উঠেছে তার প্রতিপালকের ইবাদতে।' (বোখারি : ৬৬০)।

সর্বদা আল্লাহর ওপর ভরসা রাখা : বর্তমানে যুবকদের বড় একটা অংশ বেকার ও হতাশার জীবনযাপন করছে। আল্লাহর ইবাদত-আনুগত্য ও তার প্রতি পূর্ণ আস্থা ও ভরসা ছাড়া পার্থিব নানা উপায়-উপকরণের মাধ্যমে নিজেদের কাঙ্ক্ষিত ও উন্নত ক্যারিয়ার গড়তে যখন ব্যর্থ, তখন তাদের জীবনে নেমে আসে হতাশা ও অমানিশার অন্ধকার। ইসলাম তাদেরকে এ অবস্থা থেকে উঠে এসে আল্লাহর প্রতি পূর্ণ আস্থা ও ভরসা রাখা এবং তার সাহায্য কামনার নির্দেশ দিয়েছে। আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) বর্ণনা করেন, একদিন তিনি বাহনে রাসুল (সা.)-এর পেছনে ছিলেন। তখন রাসুল (সা.) তাকে বললেন, 'হে তরুণ! আমি কিছু কথা শেখাব, তুমি আল্লাহর নির্দেশ সংরক্ষণ করবে। তোমাকেও তিনি সংরক্ষণ করবেন। তুমি আল্লাহর নির্দেশনা পালন করবে, তুমি তাকে তোমার সামনে পাবে। কারও কাছে সাহায্য চাইতে হলে আল্লাহর কাছে চাও। জেনে রেখো, পুরো জাতি তোমার উপকার করতে চাইলেও আল্লাহ তোমার জন্য যতটুকু লিখে রেখেছেন, ততটুকু হবে। তারা তোমার ক্ষতি করতে চাইলেও আল্লাহ তোমার জন্য যতটুকু লিখে রেখেছেন, ততটুকু হবে। কলম তুলে নেওয়া হয়েছে এবং পৃষ্ঠাগুলো শুকিয়ে গেছে।' (তিরমিজি : ২৫১৬)।

সুন্দর চরিত্র গঠনে প্রয়াসী হওয়া : পারিপার্শ্বিক নানা কারণে যুবসমাজ আজ বড় হুমকির মুখে। ক্রমে তাদের চিন্তা-ভাবনা ও কল্পনাগুলো বিকারগ্রস্ত হয়ে পড়ছে। কুচিন্তা ও খারাপ অভ্যাস তাদের মাঝে দানা বাঁধতে শুরু করেছে। পারস্পরিক ভ্রাতৃত্বের বন্ধন, অপরের প্রতি অনুগত ও শ্রদ্ধাবোধ কমে আসছে। চারিত্রিক পদস্খলন ঘটেছে চরম আকারে। ইসলাম অপরাপর সুন্দর ও উত্তমের শিক্ষা ও নির্দেশ দেয়। উত্তম চরিত্র মানুষকে আল্লাহর প্রিয় করে তোলে। রাসুল (সা.) বলেন, 'আল্লাহর কাছে সবচেয়ে প্রিয় মানুষ তারা, যারা উত্তম চরিত্রের অধিকারী।' (জামিউস সগির : ২১৮)। আবু দারদা (রা.) এক হাদিসে বর্ণনা করেন, রাসুল (সা.) বলেন, 'কেয়ামতের দিন মোমিনের দাঁড়িপাল্লায় উত্তম চরিত্রের চেয়ে ভারী আর কিছু হবে না। কেননা, আল্লাহতায়ালা অশ্লীল কটূভাষীকে ঘৃণা করেন।' (তিরমিজি : ২০০২)। মুসলিম যুবকের উচিত, উত্তম চরিত্র গঠনে প্রয়াসী হওয়া। আর এ জন্য এরপর ৩৬ পৃষ্ঠায়



মক্কা শরিফের জুমার খুতবা

# ধৈর্য আল্লাহর মহাদান



শায়খ ড. মাহের আল মুআইকিলি

আল্লাহতায়ালা আইয়ুব (আ.)-এর পরীক্ষা নিয়েছেন। তার শরীরে ঘা হয়েছে। সম্পদ বিনষ্ট হয়েছে। সন্তানদের মৃত্যু হয়েছে। হৃৎপিণ্ড আর জিহ্বা ছাড়া শরীরের কোনো অঙ্গ আক্রান্ত হতে বাকি ছিল না। তিনি ধৈর্য ধরেছেন। আল্লাহর কাছে প্রতিদানের আশা রেখেছেন। আল্লাহর স্মরণ থেকে কখনও উদাসীন হননি। এভাবে অসুস্থতায় কেটে গেছে আঠারোটি বছর। সঙ্গীরা বিরক্ত হয়েছে। আপনজন সঙ্গ ত্যাগ করেছে। একজন স্ত্রী ছাড়া তার পরিচর্যার মতো কেউ ছিল না। তিনি তার যত্ন নিয়েছেন। পুরনো দয়ার হক আদায় করেছেন। স্ত্রীও ছিলেন ধৈর্যশীলা, রবের কাছে প্রতিদান প্রত্যাশিনী। আইয়ুব (আ.)-এর সম্পদ, সন্তান ও ক্ষমতা না থাকা সত্ত্বেও তিনি তাকে ছেড়ে যাননি।

আল্লাহর নবী আইয়ুব (আ.)-এর এ বিপদ সব সচেতন ধৈর্যশীল ও উপদেশ গ্রহণকারী বান্দার জন্য অনুপম সান্ত্বনা। লাঞ্ছিত করা ছাড়াই কখনও আল্লাহতায়ালা নেককার বান্দার পরীক্ষা নেন। কিন্তু এ পরীক্ষায় প্রতিদানের আশায় বান্দা ধৈর্যধারণ করে জান্নাতের সর্বোচ্চ স্তরে নিজের স্থান করে নেয়। মুসআব ইবনে সাদ তার পিতার সূত্রে বর্ণনা করেন; তিনি বলেন, আমি জিজ্ঞেস করলাম, 'হে আল্লাহর রাসুল! কোন ধরনের মানুষ সবচেয়ে কঠিন পরীক্ষার সম্মুখীন হয়?' রাসুল (সা.) বললেন, 'আল্লাহর নবীরা, এরপর নেককার বান্দারা, এভাবে পর্যায়ক্রমে ব্যক্তির দীনদারির স্তর অনুযায়ী সে পরীক্ষার সম্মুখীন হয়। কেউ দীন পালনে অধিক নিষ্ঠাবান হলে, তার ওপর পরীক্ষাও বেশি আসে। আর কারও দীনদারিত্বের শৈথিল্য থাকলে, তার পরীক্ষাও শিথিল হয়। বান্দার ওপর যত বিপদ আসতে থাকে (তার পাপ মোচন হতে থাকে), একপর্যায়ে একেবারে পাপমুক্ত অবস্থায় সে ভূপৃষ্ঠে বিচরণ করে।' (মুসনাদে আহমদ)। আল্লাহতায়ালা বলেন, 'আমার বান্দা আইয়ুবের কথা স্মরণ করো, যখন সে তার রবকে আহ্বান করে বলেছিল, (হে আমার রব!) শয়তান তো আমাকে যন্ত্রণা ও কষ্টে ফেলেছে। আমি তাকে বললাম, তুমি ভূমিতে পদাঘাত করো। এ তো গোসলের সুশীতল পানি ও সুপেয় পানীয়। আমি তাকে তার পরিবার-পরিজন ফিরিয়ে দিলাম। দিলাম তাদের সমপরিমাণ আরও। এটি ছিল আমার পক্ষ থেকে অনুগ্রহ ও বুদ্ধিমানদের জন্য এরপর ৩৮ পৃষ্ঠায়



# সম্পদের যথাযথ মূল্যায়নের গুরুত্ব

হুমাইদুল্লাহ তাকরিম

দুনিয়ার জীবনে চলতে গেলে সম্পদের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এটা আল্লাহর অনন্য ব্যবস্থাপনা। তিনিই একে আমাদের জীবনের বাহ্যিক অবলম্বন বানিয়েছেন। এর সঠিক ও যথার্থ ব্যবহার যদি না করা হয়, তাহলে একদিকে যেমন তাঁর দেওয়া নেয়ামতের প্রতি অকৃতজ্ঞতা হবে, আবার আমাদের পার্থিব জীবনের অবলম্বনও নষ্ট হবে। আল্লাহ বলেন, 'তোমরা যদি (আমার নেয়ামতের) কৃতজ্ঞতা আদায় কর, তাহলে আমি অবশ্যই তোমাদের আরও বাড়িয়ে দেব। আর যদি অকৃতজ্ঞ হও, তাহলে (জেনে রেখ) আমার শাস্তি অবশ্যই অত্যন্ত কঠিন।' (সুরা ইবরাহিম : ৭)। কৃতজ্ঞতা আদায়ের জন্য এ বিশ্বাস ধারণ করা যেমন জরুরি, আমার এ সম্পদ আমার আল্লাহ আমাকে দয়া করে দান করেছেন, তেমনি এর ব্যয়ক্ষেত্রও হতে হবে আল্লাহর বিধানমাফিক। অপ্রয়োজনে যেমন এ সম্পদ উড়ানো যাবে না, তেমনি অবৈধ প্রয়োজনেও তা ব্যয় করা যাবে না। নেয়ামতের কৃতজ্ঞতা আদায় করতে হলে উভয় দিকই অবশ্যই লক্ষ্য রাখতে হবে।

আল্লাহ সম্পদের প্রকৃত মালিক : দুদিনের এ জীবনে আল্লাহ আমাদেরকে খুবই সামান্য কিছু সম্পদের মালিক বানিয়েছেন। জগতের সেরা ধনী যে, সে-ই বা কতটুকু সম্পদের অধিকারী? সচেতন এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City আগস্ট ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৩ | ৪:৫৩ | ৬:১৫ | ১২:৫৯ | ৪:৪৪ | ৭:৪২ | ০৯:০৩ |
| ২৪ | ৪:৫৫ | ৬:১৬ | ১২:৫৮ | ৪:৪৩ | ৭:৪০ | ০৯:০১ |
| ২৫ | ৪:৫৬ | ৬:১৬ | ১২:৫৮ | ৪:৪২ | ৭:৩৯ | ০৮:৫৯ |
| ২৬ | ৪:৫৭ | ৬:১৭ | ১২:৫৮ | ৪:৪২ | ৭:৩৭ | ০৮:৫৭ |
| ২৭ | ৪:৫৮ | ৬:১৮ | ১২:৫৭ | ৪:৪১ | ৭:৩৬ | ০৮:৫৬ |
| ২৮ | ৫:০০ | ৬:১৯ | ১২:৫৭ | ৪:৪০ | ৭:৩৪ | ০৮:৫৪ |
| ২৯ | ৫:০১ | ৬:২০ | ১২:৫৭ | ৪:৩৯ | ৭:৩৩ | ০৮:৫২ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## রুক্ষ ও আগা ফাটা চুলের পরিচর্যা

২২ পৃষ্ঠার পর

সম্ভব হয় ফুটিয়ে ঠান্ডা করে নেবেন। বাইরে বের হলে সূর্যের তাপ যেন চুলের ক্ষতি করতে না পারে সেজন্য সহজ সমাধান ছাতা ব্যবহার করা। চুলের আগা ফেটে গেলেই বুঝতে হবে চুলের প্রচুর ক্ষতি হয়েছে। এক্ষেত্রে চুলের আগা কেটে ফেলার চেষ্টা করবেন। আগা কাটার একটি নির্দিষ্ট নিয়ম আছে এবং সেটা দক্ষ হাতেই করতে হবে। এ ধরনের হেয়ার কাটকে স্প্লিটেন্ড কাট বলে। এ হেয়ারকাটে চুল কখনই ছোট হবে না। শুধুমাত্র নির্দিষ্ট নিয়মের মাধ্যমে চুলের ফাটা আগাগুলো আলাদা করে কেটে নেয়া হয়। এই একটা কাটিং চুলের পুরানো উজ্জ্বলতা ফিরিয়ে দিতে সক্ষম। এ ছাড়া চুলের রুক্ষতাও কমে যাবে এবং চুল পরার হাত থেকেও রেহাই পাওয়া যায়।

**চুলে যত্নে কিছু বাড়তি করণীয়:**

নিয়মিত চুলে ব্রাশ করুন। ধীরে ধীরে চুল আঁচড়ান। খেয়াল রাখুন আঁচড়ানোর সময় চুল যেন না ছিঁড়ে। হেয়ার স্প্রে বেশি ব্যবহার করবেন না। প্রচুর পরিমাণে প্রোটিনযুক্ত খাবার খান। খাদ্যে ভিটামিন বি কমপ্লেক্স, ভিটামিন সি, ভিটামিন ই যেন অবশ্যই থাকে। রুক্ষ চুলে শ্যাম্পু করার অন্তত এক ঘণ্টা আগে তেল লাগান। শ্যাম্পু করার পর গোড়া বাদ দিয়ে কন্ডিশনিং করতে ভুলবেন না। চুল প্রতিদিন ৫০ থেকে ১০০ বার ব্রাশ করুন। এতে রক্ত সঞ্চালন ভালো হবে ও চুল চকচকে হবে। শ্যাম্পু করার পর অবশ্যই ব্যবহৃত ব্রাশ, চিরুনি পরিষ্কার করে নিন। অনেক বেশি জেল চুলের ক্ষতি করে। চুল জোরে আচড়াবেন না, পরিষ্কার চিরুনি ব্যবহার করবেন। মনে রাখবেন আপনার চিন্তামুক্ত জীবন, সুন্দর জীবনযাপন ও পুষ্টিযুক্ত খাবার ও প্রতিদিন প্রচুর পানি পান আপনার চুলকে সুস্থ রাখবে ইনশাআল্লাহ।

লেখক: হেয়ার ট্রান্সপ্লান্ট ও ডার্মাটো সার্জন।

## নিউইয়র্কের বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের মামলা

৩ পৃষ্ঠার পর

'শিকারের মাঠে' পরিণত করার অনুশীলনের একটি তিরস্কার ছিল। তিনি বৃহস্পতিবারের মামলাটিকে 'ভিত্তিহীন এবং তুচ্ছ' বলে অভিহিত করেন। উল্লেখ্য যে আইনটি ফেডারেল আদালত বা অভিবাসন আদালতে প্রযোজ্য নয়।

হোয়েলম্যান এক বিবৃতিতে বলেন, 'এমন এক সময়ে যখন আইস কর্মকর্তারা নিউইয়র্ক স্টেটে ঘোরাফেরা করছেন এবং কোনও যথাযথ প্রক্রিয়া ছাড়াই নিউইয়র্কবাসীদের বেআইনিভাবে আটক করছেন, আইনটি ন্যায়বিচারের অ্যাক্সেস এবং বিচারিক প্রক্রিয়ায় অংশগ্রহণকে রক্ষা করে।

আমি আত্মবিশ্বাসী যে এই মামলাটি সংক্ষিপ্তভাবে খারিজ হয়ে যাবে তবে নিউইয়র্কে আইনের শাসনের দুর্বলতাকে ক্ষুণ্ন করার জন্য ট্রাম্প প্রশাসনের ক্রমবর্ধমান নির্লজ্জ প্রচেষ্টায় আমি হতবাক হয়েছি'।

বিচার বিভাগের মামলায় বলা হয়েছে যে আদালতগুলিতে বা তার কাছাকাছি গ্রেপ্তারকারী অফিসার এবং জনসাধারণের জন্য নিরাপদ কারণ ভবনগুলিতে প্রবেশের আগে ব্যক্তিদের অস্ত্র এবং নিষিদ্ধ দ্রব্যের জন্য পরীক্ষা করা হয়।

নিউইয়র্ক গভ. ক্যাথি হোকুল বৃহস্পতিবার ওয়াশিংটনে ডেমোক্র্যাটিক গভর্নরদের একটি দলের মধ্যে ছিলেন। তিনি ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষের সাথে সহযোগিতা সীমিত করার নীতি নিয়ে কংগ্রেসের প্রশ্নের মুখোমুখি হয়েছেন। একজন মুখপাত্র বলেছেন যে রাজ্য মামলাটি পর্যালোচনা করছে, তবে এটি যুক্তরাষ্ট্রীয় সম্পদের অপচয় বলে মনে হচ্ছে।

ই-মেইলের মাধ্যমে মুখপাত্র জেন ডি অ্যামেলিয়া বলেন, 'এটা গুরুত্বপূর্ণ যে সাক্ষী, ভুক্তভোগী এবং সাধারণ মানুষ আমাদের আদালত ব্যবস্থাকে কাজে লাগাতে পারে এবং আমাদের আদালত ও অন্যান্য রাষ্ট্রীয় সুবিধাগুলিতে নিরাপদ বোধ করতে পারে। যারা অপরাধ করে তাদের জন্য নিউইয়র্কে কোনও আশ্রয়স্থল নেই। নিউইয়র্ক রাজ্য আমাদের রাজ্য থেকে দোষী সাব্যস্ত অপরাধীদের অপসারণে ফেডারেল কর্মকর্তাদের সাথে সহযোগিতা করে।







## পাসপোর্টবিহীন প্রবাসীরাও ভোটার হতে পারবেন

১ পৃষ্ঠার পর

বর্তমান সরকার সিদ্ধান্ত নিয়েছে। প্রবাসীদের ভোটার নিবন্ধনে পাসপোর্ট সংক্রান্ত জটিলতা দূর করেছে নির্বাচন কমিশন (ইসি)। এখন থেকে পাসপোর্ট না থাকলেও প্রবাসীরা ভোটার হতে পারবেন। বুধবার ২০ আগস্ট ইসির এনআইডি অনুবিভাগের পরিচালক (নিবন্ধন ও প্রবাসী) খান আবি শাহনূর খানের সই করা সংশোধিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) থেকে এ তথ্য জানা গেছে। এসওপি অনুযায়ী, কোনো প্রবাসীর পাসপোর্ট না থাকলে সংশ্লিষ্ট দেশে বসবাসরত এনআইডিধারী তিনজন প্রবাসীর প্রত্যয়নপত্র জমা দিলেই তিনি ভোটার হিসেবে নিবন্ধিত হতে পারবেন। এই ভোটার আইডি পেতে কতিপয় ন্যূনতম শর্ত পূরণ ও ডকুমেন্টস দাখিল করতে হবে।

আসিল বাংলাদেশি পাসপোর্টের কপি/মেয়াদোত্তীর্ণ বাংলাদেশি পাসপোর্টের কপি/বিদেশি পাসপোর্টের কপি, বাংলাদেশি জন্ম নিবন্ধন সনদের কপি (অনলাইন ভেরিফায়েড) ও পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি। এ ছাড়া আবেদনকারীর পিতামাতার এনআইডির কপি/বাংলাদেশি অনলাইন জন্ম নিবন্ধন সনদের কপি/বাংলাদেশি মৃত্যু সনদের কপি (মৃত হলে)/ পাসপোর্টের কপি/ওয়ারিশ সনদের কপি/বাংলাদেশের বাসিন্দা মর্মে নাগরিক সনদের কপি/দ্বৈত নাগরিকত্ব সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। শিক্ষা সনদের কপি, ড্রাইভিং লাইসেন্স/টিআইএন (প্রযোজ্য ক্ষেত্রে), নিকাহনামা (বিয়ের সনদ) এবং স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে),আবেদনকারীর নাগরিকত্ব সনদ (কাউন্সিলর, চেয়ারম্যান/মেয়র/সিইও/প্রশাসক কর্তৃক) (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনপত্র, পাসপোর্টের কপি, পাসপোর্ট না থাকলে ৩ জন এনআইডিধারীর প্রত্যয়নপত্র, ছবি এবং জন্ম সনদ বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে। বর্তমানে ১০ দেশের ১৬টি স্টেশনে দূতাবাসের মাধ্যমে ভোটার কার্যক্রম পরিচালনা করছে সংস্থাটি। দেশগুলো হলো-সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, যুক্তরাজ্য, ইতালি, কুয়েত, কাতার, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া ও কানাডা। এসব দেশ থেকে প্রায় ৫০ হাজার আবেদন পড়েছে। যুক্তরাষ্ট্রে এখনও ভোটার আইডি প্রদান প্রক্রিয়া শুরু হয়নি। নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট আজকালকে বলেছে, টেকনিক্যাল প্রস্তুতি শুরু হয়েছে। আনুষ্ঠানিক শুরু জাতিসংঘ অধিবেশন শেষে শুরু করা যাবে। তা অক্টোবর নাগাদ হতে পারে।

## ৯৭ লাখ টাকা বাজেটের সিনেমার আয় ১০৪ কোটি

৪৬ পৃষ্ঠার পর

সিনেমার ৮০ শতাংশ শুটিং হয়েছিল বৃষ্টিতে। এই সিনেমার মাধ্যমে বলিউড প্রেয়াত গায়ক সোনু নিগম, কুনাল গানজাওয়ালা এবং উদিত নারায়ণ কর্নাটকে জনপ্রিয়তা অর্জন করেন।

দর্শকরা চাইলে সিনেমাটি এখনো দেখে নিতে পারবেন। ওটিটি প্ল্যাটফর্ম জিওহটস্টারে দেখা যাবে এটি।

## সম্পদের যথাযথ মূল্যায়নের গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

বা অবচেতনভাবে দৃশ্যমান ও অদৃশ্যমান যত নেয়ামত আমরা ভোগ করি, কারো পক্ষে কি এর এক ক্ষুদ্র অংশেরও বিনিময় আদায় করা সম্ভব? জগতের যা কিছু, সবই তো আল্লাহর। তিনিই প্রকৃত মালি। ঈমানদার যে কেউ এ বিশ্বাস পোষণ করে। অল্প সময়ের জন্য তিনি কিছু সম্পদের বাহ্যিক মালিকানা আমাদের দান করেছেন। এ মালিকানা পরিবর্তনও হয়। এক হাত থেকে আরেক হাতে যায়। পথের ভিখারি রাজা হয়। রাজা সর্বস্ব হারিয়ে পথে নামে। চারপাশে এ বাস্তবতা দেখার পরও আমরা মালিকানাধীন সম্পদকে প্রকৃত অর্থেই আমাদের সম্পদ মনে করে ভুল করি। এ থেকেই সৃষ্টি হয় অপচয়ের মানসিকতা। আমার টাকা আমার ইচ্ছামতো খরচ করব, এতে কার কী বলার আছে! অথচ আল্লাহ সতর্ক করেছেন, 'তোমরা তাদেরকে (অর্থাৎ তোমাদের মালিকানাধীন দাস-দাসীদের) আল্লাহর সম্পদ থেকে দান কর; যা তিনি তোমাদের দান করেছেন।' (সুরা নুর : ৩৩)। এ আয়াতের প্রেক্ষাপট ও আলোচ্য বিষয় ভিন্ন। তবে আল্লাহ মানুষকে যে সম্পদ দান করেছেন, এ আয়াতে তা 'আল্লাহর সম্পদ' বলে আলোচিত হয়েছে। কথায় কথায় আমরাও বলি, এসব আল্লাহর দান, আল্লাহর দেওয়া সম্পদ। কিন্তু শুধু মৌখিক স্বীকার নয়, বরং মোমিন হিসেবে এর প্রতি আন্তরিক বিশ্বাস থাকাও অপরিহার্য। এ সম্পদ একদিকে যেমন আল্লাহর নেয়ামত, আবার তা আমাদের হাতে আল্লাহর পক্ষ থেকে আমানতও। তাই এর যথাযথ ব্যবহার না করলে, অযথা-অপ্রয়োজনে নষ্ট করলে, অপচয় করে বেড়ালে আমানতের খেয়ানতকারী হিসেবে জবাবদিহিতার মুখেও পড়তে হবে। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'কেয়ামতের দিন কিছু বিষয় সম্পর্কে জিজ্ঞাসিত হওয়ার আগে কোনো বান্দার পা-ই নড়বে না। তা হলো- তার জীবন সে কীসে ব্যয় করেছে, তার জ্ঞান অনুসারে সে কী আমল করেছে, তার সম্পদ সে কোত্থেকে উপার্জন করেছে এবং কোথায় ব্যয় করেছে আর তার শরীর কীসে নষ্ট করেছে?' (তিরমিজি : ২৪১৭)।

## বঙ্গবন্ধু এবং শেখ মুজিব

৫ পৃষ্ঠার পর

ব্যবস্থা কায়েম করার জন্য সর্বোতভাবে একজন ব্যর্থ শাসক। কাজেই শেখ মুজিবের রাজনীতির মূল্যায়ন করতে হলে দুইটি অধ্যায়কে বিবেচনায় নিয়েই করতে হবে। স্বাধীনতা পূর্বকালের বঙ্গবন্ধু বলেই যেমন তার স্বৈর শাসন বৈধ হয়ে যায় না তেমনি দেশ পরিচালনায় ব্যর্থ হয়েছিলেন বলেই তার স্বাধীনতার জন্য ভূমিকা বা অবদান মুছে যায় না। যারা শেখ মুজিবের রাজনীতির শুধুমাত্র একটামাত্র দিক বিবেচনায় নিয়ে তার সার্বিক মূল্যায়ন করেন তারা হয় দলকানা অথবা মতলববাজ।

আওয়ামী লীগের কাছে তিনি সকল ভুলের ঊর্ধ্বে একজন মহামানব। বিরোধীদের কাছে জাতির পিতা নন বা একজন খলনায়ক। আওয়ামী লীগের কাছে তার স্বাধীনতা পরবর্তী ভূমিকার জন্য কোন অনুশোচনা নাই, বিরোধীদের কাছে স্বাধীনতা আন্দোলনে তার নেতৃত্বের কোন মূল্য নাই। উভয় মূল্যায়নই সত্যের অপলাপ, পক্ষপাতদুষ্ট। আওয়ামী লীগের ব্যাপারটা বোধগম্য, কারণ মুজিব ছিলেন তাদের নেতা। স্বাধীনতার পর থেকে দলটা তাকে দলীয় নেতা বানিয়েই রেখেছে, জাতির নেতার অবস্থানটা ধরে রাখতে দেয় নাই। পক্ষান্তরে যারা স্বাধীনতা অর্জনে শেখ মুজিবের সকল অবদান এবং ভূমিকা অস্বীকার করে তাকে একজন ভিলেন বানাতে চায় এরা মূলতঃ '৭১এর মুক্তিযুদ্ধ এবং এ যুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার বিরোধী শক্তি। এরা ছিল এক পাকিস্তানের পক্ষে। পাকিস্তান ভাঙার জন্য তারা এককভাবে শেখ মুজিবকে দায়ী করে (অথচ বাস্তবতা হচ্ছে পাকিস্তান ভাঙার জন্য যদি কোন মামলা হয় তার এক নম্বর আসামী হবেন নিয়াজুল আলম খান)। ৫৪ বছর পরে শেখ মুজিবের বিরুদ্ধে এই মহলের যে আক্রমন তা এই রাগ এবং ক্ষোভ থেকে। নতুন প্রজন্মের অনেককে বিশেষ করে জেন জি'র একটা অংশকে দেখা যায় শেখ হাসিনার স্বৈর শাসনের সাথে শেখ মুজিবকে মিলিয়ে ফেলে। অথচ এরা শেখ মুজিবকে দেখে নাই, তার সম্পর্কে জানেও না। এদের মধ্যে যারা হালে রাজনীতিতে যুক্ত- অনেকেই মাদ্রাসাভিত্তিক শিক্ষা ব্যবস্থা থেকে উঠে এসেছে। এদের মন মানসিকতা গড়ে উঠেছে ওস্তাদদের কাছ থেকে নিয়তঃ 'পাকিস্তান ছিল মুসলমানদের দেশ, এটা ভাঙা অন্যায় হয়েছে' '৭১এ বাংলাদেশ বানানো ঠিক হয় নাই' ইত্যাকার সবক শিখতে শিখতে। ফলে এদের কাছে মুক্তিযুদ্ধ মুক্তিযোদ্ধারা এবং শেখ মুজিব একজন জাতীয় ভিলেন।

শেখ মুজিব চলে গেছেন সেই পচাত্তর সালে। তার অন্যায় অপকর্ম বা সরকার পরিচালনায় ব্যর্থতা দুঃশাসনের দায় চুকিয়ে গেছেন সপরিবারে প্রাণ দিয়ে। শেখ হাসিনার ১৬ বছরের স্বৈর শাসনের সাথে তার কোন সম্পর্কই নাই, তারপরও ৩২ নম্বরে তার বাড়ী বুলডোজার দিয়ে গুড়িয়ে দেওয়া হয় সেই '৭১এর পরাজয়ের আক্রোশ থেকে। টুঙ্গীপাড়ায় গিয়ে তার কবর তুলে ফেলার উদ্যোগ নেওয়া হয় পাকিস্তান ভেঙে যাওয়ার ক্ষোভ থেকে। ১৫ই আগস্ট ৩২ নম্বরে গিয়ে শ্রদ্ধা জানাতে সরকারের পক্ষ থেকে নিষেধাজ্ঞা জারী করা হয় ভয় থেকে- যদি মুজিব উঠে আসেন! যদি আর একবার স্বাধীনতার ডাক দেন!

লেখক: সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষক।

## ড. ইউনূস এখন কী করবেন

১০ পৃষ্ঠার পর

সাদৃশ্য আছে। বিষয়টি গভীরভাবে অনুধাবন করলে চোখে পানি চলে আসে। আমরা এখন একটি অদ্ভুত ধূসর সময় পার করছি। পুরনোকে ভেঙে নতুন গড়ার খেলা সবাই খেলছি ঠিকই, কিন্তু কোনটা পুরনো, কোনটা নতুন তা বুঝতে বুঝতেই সময় পার হয়ে যাচ্ছে। বর্তমান অস্থিরতা আমাদের ব্যক্তি, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক জীবন নানাভাবে স্পর্শ করছে। যত দিন যাচ্ছে, ব্যক্তিস্বার্থ আমাদের গ্রাস করছে। আদর্শহীন বর্তমান আমাদের অক্টোপাসের মতো গিলে খাচ্ছে। সন্তান পিতা-মাতাকে আইডল মনে করতে পারছে না। আলোকিত মানুষের অভাব সব ক্ষেত্রে অনুভূত হচ্ছে। নীতিহীন রাজনীতিতে চন্দনের মতো সুবাসিত নেতার সংকটও দিন দিন তীব্র হচ্ছে। এমন একটা কঠিন সময়ে নির্বাচন প্রতিহত করার ষড়যন্ত্র নতুন সংকট তৈরি করবে।

চন্দনগাছ আমাদের জীবন কতটা প্রভাবিত করতে পারে, তা দুই বন্ধু উপলব্ধি করতে পেরেছিলেন। দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ের ছাত্র। একজন ইতিহাসের, অন্যজন বোটানির। একদিন ইতিহাসের বন্ধু বোটানির বন্ধুকে বলল, 'আমি চন্দনগাছ চিনি না। আমাকে চন্দনগাছ দেখাও।' তারপর দুই বন্ধু মিলে একদিন বোটানিক্যাল গার্ডেনে গেল। একটি শ্বেতচন্দন গাছের নিচে দাঁড়িয়ে বোটানির বন্ধু বলল, 'এই হলো চন্দন গাছ, এটা হলো শ্বেতচন্দন। তবে আরেক রকম চন্দন আছে, সেটা হলো রক্তচন্দন বা লাল চন্দন। লাল চন্দনের গাছ খুব কম দেখা যায়। তবে আমাদের দেশে শ্বেতচন্দন গাছ অনেক স্থানেই আছে। ইদানিং এটি বাণিজ্যিকভাবেও চাষ করা হয়। চন্দন অতি মূল্যবান গাছ।' ইতিহাসের বন্ধু চন্দনগাছ স্পর্শ করল, গাছের নিচে পড়ে থাকা পাতা নাকের কাছে নিয়ে গন্ধ শোঁকার চেষ্টা করল। গাছের কাণ্ডে নাক লাগিয়ে গন্ধ নেওয়ার চেষ্টা করল, কিন্তু না, কোনো গন্ধ পেল না। অবশেষে হতাশ হয়ে সে বলল, 'না, আমি হতাশ হলাম। আমি তো ভেবেছিলাম চন্দনগাছের পাতা, কাণ্ড থেকে সুঘ্রাণ পাওয়া যাবে। সে জন্যই তো এত আগ্রহ নিয়ে এলাম।' হতাশ বন্ধুকে সান্ত্বনা দিয়ে বোটানির বন্ধু বলল, 'শোনো, চন্দনের সঙ্গে আমাদের জীবনের অনেক গুরুত্বপূর্ণ সম্পর্ক আছে, যা শুনলে তোমার চোখে পানি চলে আসবে। চন্দনগাছ যখন জীবিত থাকে তখন আমাদের ছায়া দেয়। চন্দনগাছের ছায়া খুব শীতল। আর এ গাছ যখন কাঠ হয়- অর্থাৎ যখন কাটা হয়, যখন এ জীবিত গাছ মরে কাঠ হয়ে যায় তখন সুবাস ছড়ায়। এ ছাড়া চন্দন যে কত কাজে লাগে, বলে শেষ করা যাবে না। ঠিক আমাদের পিতা-মাতা, অভিভাবকদের মতো। আমাদের পিতা-মাতা, অভিভাবকরা যখন জীবিত থাকেন, তখন আমাদের ছায়া দিয়ে রাখেন। তাঁদের ছায়ায় আমরা নিরাপত্তায় নিশ্চিত শীতলতায় থাকি। আর যখন তাঁরা মারা যান তখন তাঁদের সুখ্যাতি, পরিচয়, মায়া-ভালোবাসার সুবাসে আমরা বেঁচে থাকি। তাঁরা হন আমাদের জীবনপথের পাথেয়। সে কারণে যাদের পিতা-মাতা জীবিত আছেন, তাদের উচিত পিতা-মাতার সেবাযত্ন করা। পিতা-মাতার ছায়া আরো বেশি গ্রহণ করা। আর যাদের পিতা-মাতা বেঁচে নেই, তাদের উচিত পিতা-মাতার আদর্শ ধারণ করে পথচলা। একইভাবে পিতা-মাতা বা অভিভাবকের আদর্শও হওয়া উচিত চন্দনের মতো সুবাসিত। তাঁরা না থাকলেও তাঁদের সুবাস যেন থাকে। চন্দন অত্যন্ত দামি গাছ ও কাঠ। আমাদের যাঁরা পিতা-মাতা, অভিভাবক তাঁরা এমন দামি যেকোনো কিছুর বিনিময়েই তাঁদের মূল্য দেওয়া সম্ভব নয়। মূল্য নন তাঁরা কোনো কিছুরই সঙ্গে।' বোটানির বন্ধুর কথা শুনে নিজের অজান্তেই চোখ থেকে পানি পড়ছিল ইতিহাসের বন্ধুর। মাত্র দুই মাস আগে সে তার পিতাকে হারিয়েছে। পিতার কথা মনে করে সে চন্দনগাছ জড়িয়ে ধরে হাউমাউ করে কাঁদতে থাকল। সঙ্গী বোটানির বন্ধুও তাকে জড়িয়ে ধরে কাঁদতে লাগল। কারণ সে যখন ছোট তখন তার পিতার মৃত্যু হয়। আর গত বছর সে তার মাকে হারিয়েছে। দুই বন্ধুই তাদের প্রিয় চন্দন গাছটি হারিয়েছে। তারা এখন তাদের হারানো চন্দনের সুবাস নিয়েই চলছে।

আমাদের চলতি অস্থির ও বন্ধ্যা সময়ে দুজন মানুষই চন্দনের চেয়ে বেশি দামি। জাতির ক্রান্তিকালে এ দুজনই আমাদের একমাত্র ভরসা। একজন ড. মুহাম্মদ ইউনূস এবং অন্যজন বেগম খালেদা জিয়া। গত ২২ জুন পর্যন্ত তথ্যানুযায়ী আওয়ামী লীগসহ নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৫১ এবং নিবন্ধনের জন্য আবেদন করেছে ১৪৩টি দল। এ বিপুলসংখ্যক রাজনৈতিক দলের মধ্যে কজন নেতা চন্দনের মতো দামি হতে পারছেন বা পারবেন বলা মুশকিল।

লেখক : নির্বাহী সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com



মহিলাদের জন্য মহিলা গাইডের সুব্যবস্থা আছে

KARNAFULLY TRAVEL INC.

# EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025

| JFK-JEDDAH | MADINA-JFK | TOTAL DAYS |
|---|---|---|
| 19TH NOV | 29TH NOV. | 9 DAYS (2 Jummah Makka & Madina) |

## PACKAGE INCLUDES

1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *





## KARNAFULLY TRAVEL INC.

37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372

Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933

karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


Galaxy media
PRESENTS
ASIF
AKBAR
& ATIYA ANISHA
USA HERITAGE TOUR
TITLE SPONSOR:
GOLDEN AGE
HOME CARE
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
CALL FOR BOOKING:
929-538-7903
Want to book them
in your city?
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
WEEKLY INQILAB


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
Online Partner
Magazine Partner
LOOK@ME


GOLDEN AGE HOME CARE
GOLDEN A
HOME CA
PCA HOME CARE সেবা
আমাদের স
আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.
Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ঽ স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com






# বাংলাদেশি আমেরিকান সোসাইটির বনভোজন



৬২ পৃষ্ঠার পর

সদস্যদের পরিবারে। সকাল সাড়ে ১০টা থেকে আসা শুরু হয় অতিথিদের। নির্মল পরিবেশে নাস্তা ও চা দিয়ে সবাইকে আপ্যায়িত করা হয়। অত্যন্ত চমৎকার এক পরিবেশে, নির্মল আবহাওয়ায় আয়োজিত এই অনুষ্ঠান ছিল অন্য যে কোন বনভোজনের চেয়ে আলাদা। বাংলাদেশ ও আমেরিকার অসংখ্য পতাকা দিয়ে সাজানো ছিল পুরো ভেন্যুটি। প্রধান ফটকে সামনে ছিল দুই দেশের নানা আকারের পতাকার সৌন্দর্যময় এক সন্নিবেশ। সংগঠনের প্রেসিডেন্ট মোহাম্মদ আলী, যিনি বাংলাদেশ সোসাইটিরও সাধারণ সম্পাদক, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কাজী সেলিম খানকে আহবায়ক করে গঠিত কমিটি অত্যন্ত নিষ্ঠা ও আতিথেয়তার মধ্যদিয়ে দিনটি অতিবাহিত করে।

বনভোজনের জন্য গঠিত আহবায়ক কমিটি মধ্যে দায়িত্বরত ছিলেন কাজী সেলিম খান- আহবায়ক, শেখ আল আমিন- সদস্য সচিব, ছিদ্দিক খান- প্রধান সমন্বয়কারী, কাজী জামান মিটু- সমন্বয়কারী, আমিনুর রহমান রুবেল- যুগ্ম আহবায়ক, মীর জাকির- যুগ্ম সচিব। সংগঠনের সভাপতি মোহাম্মদ আলী ও সাধারণ সম্পাদক আমিন মেহেদি বাবু সার্বক্ষণিক তদারকি করেন। বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম এবং তাঁর কার্যকরি কমিটির নেতৃবৃন্দের মধ্যে মহিউদ্দিন দেওয়ান, কমিউনিটি এক্টিভিস্ট আহসান হাবিব, শামসুল হক, কমিউনিটি এক্টিভিস্ট জয় চৌধুরী, আবদুর রহিম হাওলাদার, ফারুক হোসেন মজুমদার, আবু নাসের, হাসান মাহমুদ, তারিক আলম, মিয়া মোহাম্মদ দুলাল, মোহাম্মদ আবেদ, বদরুল আলম বাদল, মোহাম্মদ ইমদাদুল হক, মো: মিলন মোল্লা, নুসরাত বনি, মোহাম্মদ আমিন,







বদরুল খান বাদলসহ আরও অনেকে সপরিবারে উপস্থিত ছিলেন। খাবার পর্ব শেষহতে বনভোজন কমিটির আহবায়ক কাজী জামান মিটু পুরনো দিনের সঙ্গীত পরিবেশন করে উপস্থিতিকে মুগ্ধ করেন। বাইরের কোন শিল্পীকে আমন্ত্রণ না জানিয়ে নিজেদের এই পরিবেশনা প্রশংসিত হয়েছে। রশি টানাটানি প্রতিযোগিতায় আয়োজক পক্ষকে অতিথি পক্ষ পরাজিত করেন। এছাড়া দম্পতিদের মধ্যে দূর থেকে স্ত্রীর নিক্ষেপ করা কাঁচা ডিম স্বামীকে ধরার এক কঠিন প্রতিযোগিতায় নারীদের কর্মদক্ষতা ফুটে উঠে। স্ত্রীর নিক্ষেপ করা ডিম



কেচ ধরতে না পারলে তা ভেঙে পড়ার ভয় ছিল সব প্রতিযোগির মধ্যে। এই প্রতিযোগিতায় তিনি জোড়া দম্পতিকে পুরস্কৃত করা হয়। র‍্যাফেল ড্র অনুষ্ঠানে নিউইয়র্ক ঢাকা নিউইয়র্ক ফ্লাইট টিকিটসহ অনেক আকর্ষণীয় পুরস্কার নিয়ে বিজয়ীরা আনন্দমুখর এক পরিবেশের স্মৃতি নিয়ে ঘরে ফেরেন।








## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# নিউইয়র্ক প্রবাসী উল্লাপাড়া উপজেলা এসোসিয়েশনের বনভোজন ২৪ আগস্ট

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক প্রবাসী উল্লাপাড়া উপজেলা এসোসিয়েশন অব ইউএসএ ইনক এর বার্ষিক বনভোজন আগামী ২৪ আগস্ট রোববার ব্রুকলেনের ফেরিপয়েন্ট (ভেরাযানো ব্রীজের নীচে) পার্কে অনুষ্ঠিত হবে। হান্নান হালিমের নেতৃত্বাধীন এ বনভোজনকে সফল করার জন্য আনজিল আহমেদ আরিফকে আহবায়ক ও শামসুল আরেফিনকে সদস্য সচিব করে পিকনিক কমিটি গঠিত হয়েছে। তাদের সহযোগিতা করছেন সংগঠনের সভাপতি হান্নান আলী ও সাধারণ সম্পাদক আব্দুল হালিম। প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান সমন্বয়কারি হিসেবে রয়েছেন যথাক্রমে নাহিদুল গনি টিপু ও নূর মোহাম্মদ সরকার।
এ বনভোজনে প্রধান অতিথি ও বিশেষ হিসেবে উপস্থিত থাকতে সম্মতি দিয়েছেন আতিউর রহমান সেলিম, রাফেল তালুকদার, কামরুজ্জামান কামরুল, মোহাম্মদ আলী, আব্দুর রউফ লেবু ও শামীম আহমেদ।

## গর্ভাবস্থায় ডায়াবেটিস হলে করণীয় কী?

২২ পৃষ্ঠার পর

প্রথমেই আমরা অল্প মাত্রায় ইনসুলিন দিয়ে দেখি যে ইনসুলিনে কন্ট্রোল হচ্ছে কি-না। অনেক সময় তিন দিন পর পর তাকে পরীক্ষা করতে হয়। অথবা যখন তার ডায়াবেটিস কন্ট্রোল থাকে, তখন অনেক সময় আমরা কিন্তু তাকে এক সপ্তাহ অথবা দুই সপ্তাহ পরে ডায়াবেটিস বা রক্তের সুগার পরীক্ষা করাই।
কিন্তু সবসময় মনে রাখতে হবে যে, নিয়মিত ডাক্তারের কাছে আসতে হবে এবং ইনসুলিন নেয়াটা রেগুলার নিতে হবে। তার ব্লাড সুগার বা রক্তের শর্করাটা মাপতে হবে। এখানে একটা জিনিস আমরা বুঝি যে, অনেক সময় রোগীরা ডাক্তারের কাছে আসার আগে খুব বেশি কন্ট্রোল করে আসে। দেখা যায় যে তার ব্লাড সুগার বা রক্তের শর্করা একেবারেই স্বাভাবিক। সে জন্য আমরা একটা টেস্ট করি, হিমোগ্লোবিন A1C। এই হিমোগ্লোবিন A1C করলে বুঝা যায়, গত তিন মাসে রোগীর কি রকম ব্লাড সুগার ছিল। কাজেই এটা একটা ব্যবস্থা। এছাড়া আমরা এতক্ষণ যেটা বললাম, খাদ্যের নিয়ন্ত্রণ সেটা হচ্ছে, মেডিকেল নিউট্রিশন থেরাপী MNT। এছাড়া তাকে আমরা একটা খাদ্য তালিকা ঠিক করে দেই রোগীর ওজন অনুযায়ী। সে কয়বার খাবে। ডায়াবেটিসে কিন্তু একটু ঘনঘন খেতে হয়। মেইন খাবার যেটা সেটা তিন বেলা খাবে আর এছাড়াও তিনবেলা স্ন্যাকস্ খেতে হয়।
এমনকি ঘুমের আগেও তাকে একটা হালকা খাবার খেতে হয়। যাতে তার হাইপো না হয়। হাইপো মানে হলো, রক্তের সুগারটা কমে যাওয়া। কারণ হাইপো হলে যেটা হয়, বাচ্চা ও মা দুইজনেরই মারাত্মক অবস্থা হয়। কাজেই আমরা তাদের সচেতন করে দেই। তারপর তাদের আমরা একটু হাটাহাটি করতে বলি। হালকা ব্যায়াম করতে পারে সে। এবং তার অন্যান্য যে ওষুধ যেমন আয়রন, ক্যালশিয়াম এগুলো তার রেগুলার খেতে হবে। এবং ঘনঘন ডাক্তারের কাছে আসার কথা আমরা এজন্য বলি, যে তার বাচ্চার কোনো অসুবিধা আছে কি-না। একটা হলো যে, এসমস্ত রোগীদের গর্ভপাত বেশি হয়। কাজেই গর্ভপাত যাতে না হয় তাই আগে থেকেই তাকে চিকিৎসা দেই।
দেখা যায় যে, রোগীর পেটে বাচ্চাটিরও অনেক ওজন হয়ে গেছে। যেটাকে আমরা বলি, ম্যাক্রোসোমিয়া। নুদু, নাদুসনুদুস বাচ্চা দেখতে সবারই ভালো লাগে। কিন্তু সেটা যদি ডায়াবেটিসের কারণে হয়, তাহলে কিন্তু সেটা ভালো না। কাজেই বাচ্চার ওজনও যাতে নিয়ন্ত্রণে থাকে, সেজন্য আমরা চিকিৎসা দেই। এছাড়াও মাঝে মাঝে তার ইউরিন পরীক্ষা করতে হয় এবং তাদের ব্লাড প্রেসারটা যেন বেশি না হয় সেটা খেয়াল রাখতে হবে।
অনেক সময় দেখা যায় যে, প্রি-এক্লামশিয়া অথবা এক্লামশিয়া এই সময় বেশি হতে পারে। এখন এই সমস্ত রোগীদের ব্যাপারে একটা কথা হলো যে, অনেক সময় রোগীর ব্লাড সুগারটা কন্ট্রোলে না থাকে তখন, আমরা ৩৭ সপ্তাহ হয়ে গেলে পরে, যদি বাচ্চার ওজন ২.৫ কেজির উপরে হয়ে যায়, তখন আমরা বাচ্চাকে ডেলিভারী করিয়ে দিই। কারণ এই শেষের দিকে, অনেক সময়, বাচ্চা পেটের মধ্যে মারা যেতে পারে। যদি ডায়াবেটিসটা কন্ট্রোলে না থাকে।
আর যদি ডায়াবেটিস খুব চমৎকার কন্ট্রোলে থাকে, তাকে ইনসুলিন নিতে দেয়া হয়। তাহলে সে চল্লিশ সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে পারে। স্বাভাবিক ডেলিভারী অবশ্যই হতে পারে।
লেখক: অধ্যাপক মেজর (অব.) ডা. নায়লা আর্জুমান্দ বানু, চিফ কনসালটেন্ট, অবস্ অ্যান্ড গাইনি, ল্যাবএইড, ঢাকা।

## শিশুর ঠাণ্ডা-সর্দিতে কী করবেন

২২ পৃষ্ঠার পর

তবে সোডাযুক্ত বা সাইট্রিক পানীয় না খাওয়ানো ভালো, তা গলার ক্ষত আরো বাড়িয়ে দেবে
* শিশুর নাক পরিষ্কার রাখতে লবণ-জলের নাকের ড্রপস ব্যবহার করা যায়
* শিশুকে কখনো কাশির ড্রপস বা সিরাপজাতীয় মেডিসিন না খাওয়ানো

মেডিক্যাল ব্যবস্থাপনা যদি-
* প্রচণ্ড কাশি, দমকায় দমকায় কাশি ও বুকে শাঁইশাঁই আওয়াজ
* শিশু ধুলাবালি, ফুলের রেণু-এসব জাতীয় কিছুর সংস্পর্শে এসে কাশিতে পড়ে এবং এই কাশি একনাগাড়ে যদি তিন মাসের বেশি স্থায়ী হয়, যা প্রতিবছর একই সময়ে দেখা দেয়
* শ্বাসকষ্ট বা দ্রুত শ্বাস
* কাশির সময় বা পরে ঠোঁট, জিভ নীলচে বর্ণ ধারণ করছে

প্রতিরোধমূলক ব্যবস্থা
* শিশু যদি অ্যাজমা বা অ্যালার্জিতে ভোগে, তাহলে চিকিৎসকের প্রেসক্রিপশনমতো ব্যবস্থাপনা
* সর্দিতে আক্রান্ত বা ধূমপায়ী ব্যক্তিকে সর্বদা এড়িয়ে চলা
* শিশু যেন ডিপথেরিয়া, টিটেনাস, হুপিং কাশির টিকা ও বুস্টার ডোজ সময়মতো নিয়ে নেয়
* শিশুর যেন হাত ধোয়ার অভ্যাস গড়ে ওঠে
* শিশু সব বমি করে দিচ্ছে, কিছুই পেটে রাখতে পারছে না

রোগ প্রতিরোধক ব্যবস্থা
* লক্ষণ দেখা দিলে চিকিৎসকের পরামর্শ গ্রহণ, রোগীকে পরিবারের অন্য সদস্যদের থেকে আলাদা রাখা
* রোগীর কফ, কাশি, থুতু, গুটিগুলোর ওপর থেকে খসে পড়া চামড়ার টুকরা ও ব্যবহৃত জামাকাপড় অন্য শিশুর সংস্পর্শ থেকে দূরে রাখা এবং সাবান-পানি দিয়ে জীবাণুমুক্তকরণ
* বিশেষজ্ঞদের পরামর্শক্রমে পক্সের সংস্পর্শে আসার ৭২ ঘণ্টার মধ্যে ভেরিসেলা জস্টার ইমিউনোগ্লোবুলিন প্রয়োগ
* আক্রান্ত ব্যক্তির শরীরে র‍্যাশ দেখা যাওয়ার দুই দিন পূর্ব থেকে র‍্যাশ বেরোনোর তিন থেকে সাত দিন পর্যন্ত রোগ জীবাণু ছড়াতে সক্ষম। এ কারণে বিদ্যালয়গামী শিশুর র‍্যাশ দেখা যাওয়ার ন্যূনতম ছয় দিন পর্যন্ত স্কুলে না যাওয়া
* চিকেন পক্স প্রতিরোধে ভ্যাকসিন পাওয়া যায়, যা ৯৫ থেকে ৯৮ শতাংশ কার্যকর। ১২ মাস থেকে ১২ বছর বয়সের শিশুকে যখনই সম্ভব এই টিকা দিয়ে দেওয়া উচিত। সাধারণভাবে এক ডোজ টিকায়ই কাজ হয়।
১৩ বছরের বেশি বয়সীর ক্ষেত্রে ৬ থেকে ১০ সপ্তাহ বিরতিতে দ্বিতীয় ডোজ দেওয়া ভালো। রোগ প্রতিরোধ ক্ষমতা সাধারণভাবে টিকা দেওয়ার দুই সপ্তাহ পরে অর্জিত হয়। চিকেন পক্স টিকা যথেষ্ট নিরাপদ, পার্শ্বপ্রতিক্রিয়াও নগণ্য
* একবার এই রোগ হয়ে গেলে শরীরে যে ইমিউনিটি জন্মায় তাতে দ্বিতীয়বার এই রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা নেই বললেই চলে।
লেখক : সাবেক বিভাগীয় প্রধান, শিশুস্বাস্থ্য বিভাগ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল।

## রিজেকশন ডিসফোরিয়া : অজান্তেই এই সমস্যায় ভুগছেন না তো?

২২ পৃষ্ঠার পর

গবেষণায় দেখা গেছে, এডিএইচডি রোগীদের মস্তিষ্কে অ্যামিগডালা (আবেগ সংকেত সনাক্তকারী) এবং প্রিফ্রন্টাল কর্টেক্স (আবেগ নিয়ন্ত্রণকারী) এর মধ্যে সমন্বয়ের ঘাটতি থাকে।
ফলে আবেগগুলো আরও বেশি তীব্রভাবে অনুভূত হয় এবং তা কাটিয়ে উঠতে সময় লাগে। ২০১৮ সালের একটি গবেষণায় এই ইমোশন কন্ট্রোল সিস্টেমের ভারসাম্যহীনতা স্পষ্টভাবে তুলে ধরা হয়, যা ব্যাখ্যা করে কেন এডিএইচডি রোগীদের আবেগপূর্ণ প্রতিক্রিয়াগুলো এত তীব্র হয়।
গবেষণায় কী পাওয়া গেছে?
২০২৪ সালের এক গবেষণায় দেখা গেছে, এএইচডি-এর উপসর্গযুক্ত শিক্ষার্থীদের মাঝে 'প্রত্যাখ্যান সংবেদনশীলতা' উল্লেখযোগ্যভাবে বেশি। সমালোচনার ভয়, নেতিবাচক মূল্যায়নের আতঙ্ক তাদের মধ্যে প্রবল।
২০১৮ সালের অন্য একটি গবেষণায় দেখা গেছে, কিশোর বয়সের এডিএইচডি রোগীরা সমবয়সীদের প্রশংসা বা সমালোচনার প্রতি অতিমাত্রায় সংবেদনশীল। তাদের মস্তিষ্কের প্রতিক্রিয়ায় বোঝা গেছে, এমনকি নিরপেক্ষ সামাজিক বার্তাগুলোও তারা আবেগপূর্ণভাবে গ্রহণ করেন।
এই রোগে আক্রান্ত অনেক কিশোর-কিশোরী, তরুণ-তরুণী 'তাকে আর পছন্দ করবে না' ভেবে অন্যের সিদ্ধান্ত মেনে নেয়। এই আতঙ্ক থেকেই আক্রান্ত ব্যক্তি প্রায়ই নিজের বিরুদ্ধে গিয়ে অন্যদের ইচ্ছা মেনে নেন, যার পরিণতি হয় অনুশোচনা আর আত্মগ্লানিতে। এই ধরণের কার্যক্রম মানসিকভাবে অত্যন্ত ক্লান্তিকর এবং তা আত্মবিশ্বাসহীনতা ও মানসিক স্বাস্থ্য সমস্যায় পরিণত হতে পারে।
প্রাপ্তবয়স্করাও এর বাইরে নন। ২০২২ সালের এক গবেষণায় দেখা গেছে, এডিএইচডি আক্রান্ত প্রাপ্তবয়স্করা সাধারণ বা গঠনমূলক সমালোচনাকেও নিজেদের ব্যর্থতা, অযোগ্যতা ও অপমান হিসেবে অনুভব করেন।
একজন উচ্চমেধাসম্পন্ন, পঞ্চাশোর্ধ নারীর এডিএইচডি সনাক্তের পর বলেছিলেন, 'আরএসডি সম্পর্কে জানাটা যেন আমার জীবনের হারানো টুকরোটা খুঁজে পাওয়া।'
একটি সামান্য অফিসিয়াল অভিযোগেই তিনি গভীর আত্ম-সন্দেহে নিমজ্জিত হতেন, ভাবতেন 'আমি হয়তো খুব বেশি করে ফেলছি'। এমন অনুভূতি তার দীর্ঘদিনের আবেগপ্রবণ প্রতিক্রিয়ার অংশ হয়ে গিয়েছিল।
কী করলে সাহায্য মিলতে পারে?
আপনি যদি আপনার ভেতর আরএসডি লক্ষণগুলো অনুভব করেন, তাহলে জেনে রাখুনতআপনি শুধু একা নন, অনেকেই এ সমস্যায় ভুগছেন। ভেঙে পড়ার কোনো কারণ নেই। কিছু কৌশলের মাধ্যমে আপনি এই সমস্যা থেকে উৎরাতে পারবেন।
অস্ট্রেলিয়ার সাউদার্ন কুয়েনসল্যান্ড বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের খণ্ডকালীন প্রভাষক ও মনোবিশেষজ্ঞ ভিক্টোরিয়া বার্কলে-টিমিন 'আরএসডি' সমস্যা মোকাবিলা করার জন্য কিছু কৌশল মেনে চলার পরামর্শ দিয়েছেন।
অনুভূতিটিকে একটি নাম দিন: 'এটা রিজেকশন সংবেদনশীলতা মনে হচ্ছে'ডএভাবে ভাবলে আবেগ কিছুটা প্রশমিত হয়।
প্রতিক্রিয়ার আগে থামুন: ধীরে শ্বাস নেওয়া, উল্টোভাবে ১০ থেকে ১ গোনা বা বাইরে গিয়ে দাঁড়ানোডএসব শরীরকে স্থির করতে সাহায্য করে। গবেষণায় প্রমাণিত, গভীর শ্বাস নেওয়া এবং ইন্দ্রিয়-ভিত্তিক গ্রাউন্ডিং কৌশল নার্ভাস সিস্টেমকে শান্ত করে, পরিষ্কারভাবে ভাবতে সহায়তা করে।
মনের গল্পকে চ্যালেঞ্জ করুন: আরএসডি সমস্যায় ব্যক্তিরা ঘটনার পর নিজের অজান্তেই মনের মধ্যে অনেক গল্প বা কাহিনী বানিয়ে ফেলেন, যা তাদের মানসিক অবস্থার অবনতির জন্য দায়ী। এক্ষেত্রে নিজেকে জিজ্ঞেস করুনডআর কী কী সত্য হতে পারে?' বা 'এই অবস্থায় বন্ধুকে কী বলতাম?'
থেরাপি নিন: বেশি জটিলতায় ভুগলে এডিএইচডি ও আরএসডি বিষয়ে বিশেষজ্ঞ বা মনোবিশেষজ্ঞের কাছ থেকে থেরাপি নিতে পারেন।
শিশুদের ছোটবেলা থেকেই শেখান: এডিএইচডি আক্রান্ত শিশুদের আবেগের ভাষা, সীমানা নির্ধারণ ও সহনশীলতা শেখানো গেলে ভবিষ্যতের আরএসডি হালকাভাবে মোকাবেলা করা সম্ভব। বাবা-মা শিশুদের ভালো বিকাশের জন্য 'রেইজিং চিলড্রেন নেটওয়ার্ক' 'দ্য হোল-ব্রেন চাইল্ড' বা সহায়ক বাংলা কোনো বই পড়তে পারেন।
পরিবার-বন্ধুবান্ধবরা যা করবেন: আপনি যদি এডিএইচডি আক্রান্ত কারো সঙ্গে থাকেন বা কাজ করেন, তাহলে স্পষ্ট, নরম ও সদয়ভাবে কথা বলুন। ঠাট্টা বা অস্পষ্টতা এড়িয়ে চলুন। একটু বাড়তি স্পষ্টতা তাদের মানসিক অবস্থাকে অনেক জটিল করে তুলতে পারে।
রিজেকশন সেনসিটিভিটি ডিসফোরিয়া কোনো দুর্বলতা নয়। এটি মস্তিষ্কের আবেগ ও সামাজিক সংকেত প্রসেস করার এক ভিন্ন ধরন। যথাযথ বোঝাপড়া, সঠিক কৌশল এবং সহানুভূতির মাধ্যমে এটিকে নিয়ন্ত্রণে আনা সম্ভব এবং জীবন আরও সহজ ও আনন্দময় করে তোলা যায়।

## যৌবনকাল কিভাবে কাটানো উচিত

২৫ পৃষ্ঠার পর

আল্লাহর কাছে দোয়া করা। রাসুল (সা.) সর্বোত্তম চরিত্রের অধিকারী হওয়া সত্ত্বেও সুন্দর চরিত্র গঠনের জন্য আল্লাহর কাছে দোয়া করতেন। আয়েশা (রা.) সূত্রে বর্ণিত: তিনি বলেন, রাসুল (সা.) দোয়া করতেন, 'হে আল্লাহ! আমার চরিত্রকে সুন্দর করুন, যেমনিভাবে আপনি আমার শারীরিক গঠনকে সুন্দর করেছেন।' (মুসনাদে আহমদ : ৩৮২৩)।
পরিবারের সঙ্গে সময় কাটানো : এ কথা নির্দ্বিধায় বলা যায়, বিজ্ঞান ও প্রযুক্তির এই উৎকর্ষতা আমাদের জীবনমান উন্নত ও সমৃদ্ধ করলেও কেড়ে নিয়েছে অনেক কিছু। পরিবার ও মা-বাবার সঙ্গে সন্তান ও অনুজদের দীর্ঘ গ্যাপ ও দূরত্ব এর মধ্যে অন্যতম। অথচ সন্তানের নৈতিকতা ও শিষ্টাচার শিক্ষার আদর্শ পাঠশালা হলো পরিবার। পরিবারের সঙ্গে সন্তানের ঘনিষ্ঠতা যত বেশি হবে, অপরাধে জড়িয়ে পড়ার সম্ভাবনাও তত কমে আসবে। সন্তানের প্রতি পরিবারের যেমন কিছু দায়িত্ব আছে, তেমনি পরিবারের প্রতিও সন্তানের কিছু কর্তব্য রয়েছে। মালেক ইবনে আল হুওয়াইরিস (রা.) সূত্রে বর্ণিত: তিনি বলেন, আমরা সমবয়সী কয়েকজন যুবক একবার রাসুল (সা.)-এর কাছে এলাম। এরপর তার কাছে প্রায় ২০ দিন অবস্থান করলাম। তিনি ছিলেন অত্যন্ত দয়ালু ও স্নেহপরায়ণ। তিনি লক্ষ করলেন, আমরা হয়তো পরিবারের সঙ্গে সাক্ষাৎ করতে চাইছি। তিনি জিজ্ঞেস করলেন, 'তোমাদের কে কে আত্মীয়-স্বজন ছেড়ে এসেছ?' আমরা তাকে বললাম। অতঃপর তিনি বললেন, 'তোমরা পরিবারের কাছে ফিরে যাও। তোমাদের পরিবারের সঙ্গে সময় কাটাও। তাদের শিক্ষা দাও। আল্লাহর আদেশ-নিষেধ জানাও। আর নামাজের সময় যেন তোমাদের একজন আজান দেয়। অতঃপর তোমাদের কোনো প্রবীণ ব্যক্তি যেন তোমাদের ইমাম হন।' (বোখারি : ৬৩১)।
নেশাদ্রব্য পরিহার করা : এ কথা তিক্ত হলেও সত্য, বর্তমানে যুবকদের বৃহৎ একটা অংশ নানা জাতীয় মাদকে আসক্ত হয়ে পড়েছে। মাদক গ্রহণের ফলে মানুষের মস্তিষ্কের স্বাভাবিকতা ও সক্রিয়তা নষ্ট হয়ে যায়। শরীরের স্বাভাবিক কর্মক্ষমতা হারিয়ে ফেলে। স্নায়ুগুলো দুর্বল হয়ে পড়ে। একসময় মানবজীবনকে মৃত্যুমুখে ঠেলে দেয়। এ জন্য মাদক গ্রহণকে ইসলামে বড় অপরাধ তথা হারাম হিসেবে চিহ্নিত করা হয়েছে। আবদুল্লাহ ইবনে উমর (রা.) সূত্রে বর্ণিত: রাসুল (সা.) বলেন, 'প্রত্যেক নেশাদ্রব্যই মাদক। আর প্রত্যেক নেশাদ্রব্যই হারাম।' (মুসলিম : ২০০৩)। মাদকদ্রব্য গ্রহণকারীর শাস্তি সম্পর্কে জাবের (রা.) সূত্রে বর্ণিত হাদিসে রাসুল (সা.) বলেন, 'প্রত্যেক নেশাদ্রব্য হারাম। আল্লাহতায়ালার ওয়াদা, যে ব্যক্তি নেশাদ্রব্য পান করবে, আল্লাহতায়ালা অবশ্যই তাকে তীনাতুল খাবাল পান করাবেন।' সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, 'হে আল্লাহর রাসুল! তীনাতুল খাবাল কী?' তিনি বললেন, 'জাহান্নামিদের ঘাম অথবা জাহান্নামিদের পুঁজ।' (মুসলিম : ২০০২)। এ ছাড়া আনাস (রা.) সূত্রে বর্ণিত এক হাদিসে মাদকের সঙ্গে সংশ্লিষ্ট দশজন ব্যক্তিকে রাসুল (সা.) অভিসম্পাত করেছেন; তারা হলো- 'মাদক তৈরি করা যার পেশা, যে নিজের জন্য মাদক তৈরি করে, যে মাদক গ্রহণ করে, যে বহন করে, যার জন্য বহন করা হয়, যে পরিবেশন করে, যে বিক্রি করে, যে মাদকের মূল্য খায়, যে মাদক ক্রয় করে এবং যার জন্য ক্রয় করা হয়।' (তিরমিজি : ১২৯৫)।
একজন যুবক যখন মাদকাসক্ত হয়ে পড়ে, তখন সে তার কর্তব্যজ্ঞান ও স্বাভাবিকতা হারিয়ে ফেলে। অলীক এক কল্পনা ও স্বপ্নসমুদ্রে ভাসতে থাকে। কাঙ্ক্ষিত বস্তুটিকে সে তার পেশীশক্তির বলে অর্জন করতে ক্ষিপ্ত হয়ে ওঠে। নানা অপরাধ-অপকর্মে জড়িয়ে পড়ে। হীন স্বার্থ হাসিলের জন্য অন্যকে হত্যা করতে দ্বিধা করে না। আবার স্বার্থ হাসিলে ব্যর্থ হলে নিজের প্রাণ কেড়ে নিতেও কুণ্ঠিত হয় না। সে আল্লাহতায়ালার এ কথা ভুলে যায়, 'হে নবী! আপনি বলুন, আমার নামাজ, আমার কোরবানি, আমার জীবন ও আমার মরণ- এ সব বিশ্বজগতের পালনকর্তা আল্লাহর জন্য নিবেদিত।' (সুরা আনআম : ৬২)।
জীবন ও যৌবনের সৌন্দর্য : জীবন ও যৌবনের প্রকৃত সৌন্দর্য ফুটে ওঠে আল্লাহর আনুগত্য, রাসুল (সা.)-এর আদর্শ অনুসরণের পাশাপাশি সৃষ্টির প্রতি দয়া ও ভালোবাসার মাধ্যমে। আবু হুরায়রা (রা.) সূত্রে বর্ণিত: রাসুল (সা.) বলেন, 'হে আবু হুরায়রা! আল্লাহভীরু হও, তুমি মানুষের মধ্যে সবচেয়ে ইবাদতকারী হিসেবে গণ্য হবে। আল্লাহপ্রদত্ত রিজিকে সন্তুষ্ট হও, সবচেয়ে ধনী হবে। তুমি নিজের ও পরিবারের জন্য যা পছন্দ করো, তা অন্য মুসলমান ও মোমিনের জন্য পছন্দ করো। নিজের জন্য যা অপছন্দ করো, তা অন্যের জন্য অপছন্দ করো। তাহলে তুমি পরিপূর্ণ মোমিন বলে গণ্য হবে। প্রতিবেশীর সঙ্গে সুন্দরভাবে থাকো, তুমি পরিপূর্ণ মুসলমান বলে গণ্য হবে। বেশি হাসা পরিহার করো। কারণ, বেশি হাসা অন্তর মৃত হওয়ার মতো।' (তিরমিজি : ২৩০৫)।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

**Address:**
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

### এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## 'আমাকে শরীরের কথাও শুনতে হবে'

৪৬ পৃষ্ঠার পর

কারণে তিনি এখন বেছে বেছে সিনেমা করতে চান। সম্প্রতি এক সাক্ষাৎকারে সামান্থা জানিয়েছেন, তিনি এখন ক্যারিয়ারের পাশাপাশি নিজের ফিটনেস ও মানসিক স্বাস্থ্যের দিকে মনোযোগ দেবেন। শুধু যে কাজগুলো তার মনের মতো হবে, শুধু সেই সিনেমাগুলোতেই কাজ করবেন। সামান্থা বলেন, 'আমি এমন কিছু কাজ করবো যা করতে আমি অত্যন্ত আগ্রহী। সেইসাথে আমার শারীরিক ও মানসিক ফিটনেস নিয়েও সচেতন থাকবো। আমি এমন অনেক কাজ করেছি ক্যারিয়ারে, যা করতে মোটেও প্রস্তুত ছিলাম না। এখন থেকে আমি সেই কাজগুলোই করবো যা আমার স্বপ্নের প্রজেক্ট হবে।'

তিনি আরও বলেন, 'আমি এখন একসাথে পাঁচটি সিনেমার বেশি শুটিং করি না। একটি জিনিস বুঝতে পেরেছি, আমাকে শরীরের কথাও শুনতে হবে। তাই আমি যে পরিমাণ কাজ করতাম তা কমিয়ে নিয়েছি। তবে এখন যেসব কাজ করি, সেখানে নিজের সামর্থ্যের পুরোটা কাজে লাগাই।' বলা প্রয়োজন, সামান্থা বর্তমানে 'রক্তিত ব্রহ্মাণ্ড: দ্য ব্লাডি কিংডম'-এ আদিত্য রায় কাপুরের বিপরীতে কাজ করছেন। সিনেমাটি ২০২৬ সালে মুক্তি পাবে। সূত্র: পিঙ্কভিলা

## আমার সব প্রযোজক আ. লীগের, তাই হাতে কাজ নেই : বাঁধন

৪৬ পৃষ্ঠার পর

জড়িত। তারা আর আমার সঙ্গে কাজ করতে চান না। ভারতীয় একটা পণ্যের বিজ্ঞাপনের ব্যাপারে কথা হয়েছিল, তারাও "না" করে দিয়েছে।' কেন? উত্তর জানা। তবু জানতে চাইলে বাঁধন বলেন, 'আমি বাংলাদেশের পক্ষে কথা বলেছি, তাই ভারতীয় পণ্যের বিজ্ঞাপন থেকে আমাকে বাদ দেওয়া হয়েছে। যদিও তারা আমাকে অন্য যুক্তি দেখিয়েছেন। তারা বলেছেন, জরিপে নাকি এসেছে আমাকে কেউ চেনে না। আর আমার সব প্রযোজক আওয়ামী লীগের সঙ্গে জড়িত। তারা এখন আর আমাকে নিতে চান না। তাই আমার হাতে কোনো কাজ নেই। সাদও (আব্দুল্লাহ মোহাম্মদ) তার নতুন কাজে আমাকে নেয়নি। সে তার মতো কাজ করছে, আমি আমার মতো। আমার হাতে এখন তাই কোনো কাজ নেই।'

## শাহরুখপুত্র আরিয়ানের প্রথম ছবি

৪৬ পৃষ্ঠার পর

ব্যক্তিত্ব, রসবোধ ও প্রেজেন্টেশন দিয়ে সবাইকে চমকে দিয়েছেন আরিয়ান। তার একটি ইমেজ গড়ে উঠেছিল এতোদিন, কখনো তাকে হাসতে দেখা যেত না। কিন্তু এদিন একেবারেই ভিন্ন মানুষ হয়ে সবার সামনে আসেন আরিয়ান। শুধু বাবার মতো দেখতে নন, পেয়েছেন বাবার সেন্স অব হিউমারও। বাবা ছেলে নিজেরাই নিজেদের খামতি বের করে হাসলেন, সমালোচক ও নিন্দুকদের খোঁচা দেওয়ার সুযোগই দিলেন না।

## বিচারক কেন 'মামু', আদালতে তলব দুই অভিনেতাকে

৪৬ পৃষ্ঠার পর

সুন্দরলাল ত্রিপাঠী চরিত্রে অভিনয় করেছিলেন। 'জলি এলএলবি ৩' ২০১৩ সালে মুক্তিপ্রাপ্ত 'জলি এলএলবি' এবং ২০১৭ সালের 'জলি এলএলবি ২'-এর পরবর্তী কিস্তি। প্রথম পর্বে ছিলেন আরশাদ ওয়ারসি ও অমৃতা রাও, দ্বিতীয় পর্বে অক্ষয় কুমার ও হুমা কুরেশি। সব কিছু ঠিকঠাক থাকলে, 'জলি এলএলবি ৩' মুক্তি পাবে আগামী ১৯ সেপ্টেম্বর। তবে আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে সিনেমাটির ভবিষ্যৎ।

## ধৈর্য আল্লাহর মহাদান

২৫ পৃষ্ঠার পর

উপদেশ।' *(সুরা সোয়াদ : ৪১-৪৪)।*

সবরের ফজিলত : ধৈর্যধারণ অত্যন্ত ফজিলতপূর্ণ আমল। এটি উন্নত চরিত্রের নিদর্শন। ধৈর্য ঈমানের অর্ধেক। ঈমানের দুটি ভাগ, একভাগ ধৈর্য, আরেকভাগ কৃতজ্ঞতা জ্ঞাপন। ধৈর্যধারণের গুরুত্ব ও তাৎপর্যের কারণে কোরআনুল কারিমে নব্বইয়ের অধিক স্থানে এর আলোচনা এসেছে। কখনও আল্লাহতায়ালা একে নামাজের সঙ্গে যুক্ত করে উল্লেখ করেছেন, তিনি বলেন, 'তোমরা নামাজ ও ধৈর্যের মাধ্যমে সাহায্য প্রার্থনা করো।' *(সুরা বাকারা : ৪৫)।* কখনও ধৈর্যশীলদের প্রতি ভালোবাসা ব্যক্ত করেছেন। এরশাদ হয়েছে, 'নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের ভালোবাসেন।' *(সুরা আলে ইমরান : ১৪৬)।* কখনও বিশেষ সঙ্গদানের সুসংবাদের মাধ্যমে ধৈর্যশীলদের ধন্য করেছেন। কোরআনে এসেছে, 'নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।' আবার কখনও ধৈর্যশীলদের জন্য অবারিত প্রতিদান ঘোষণা করেছেন। আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চয় ধৈর্যশীলদের অবারিত প্রতিদান দেওয়া হবে।' *(সুরা যুমার : ১০)।*

আল্লাহতায়ালা ধৈর্যশীলদের এমন তিনটি বিষয়ের সঙ্গে বিশিষ্ট করেছেন, যা অন্য কারও ক্ষেত্রে করেননি। তিনি তাদের জন্য অনুগ্রহ, রহমত ও হেদায়েতের সুসংবাদ দিয়েছেন। আল্লাহতায়ালা বলেন, 'তুমি ধৈর্যশীলদের সুসংবাদ দাও; যারা বিপদ এলে বলে, নিশ্চয়ই আমরা আল্লাহর এবং তাঁরই কাছে ফিরে যাব। তাদেরই জন্য রয়েছে তাদের রবের পক্ষ থেকে রাশি রাশি অনুগ্রহ ও দয়া। তারাই হবে সুপথপ্রাপ্ত।' *(সুরা বাকারা : ১৫৫-১৫৭)।* ধৈর্যের সবটুকুই কল্যাণকর। আল্লাহতায়ালা বলেন, 'যদি তোমরা ধৈর্যধারণ করতে, তা তোমাদের জন্য কল্যাণকর হতো।' *(সুরা নাহল : ১২৬)।* বিপদ একসময় চলে যায়, থেকে যায় ধৈর্যের প্রতিদান, আল্লাহর ভালোবাসা, তাঁর বিশেষ সঙ্গ। কখনও বিপদ স্থায়ী হয়, ব্যক্তির মৃত্যুর কারণ হয়; কিন্তু ধৈর্যের কারণে সে এমন জান্নাতের অধিকারী হয়, যার পরিধি আসমান-জমিনের চেয়েও বেশি।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।
বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com





মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

## ভোটের আগে রাজনৈতিক মেরুকরণ শুরু

৬৪ পৃষ্ঠার পর

জামায়াতের সঙ্গে জোট গঠনের আগ্রহী নয়। এনসিপি জোটের রাজনীতির প্রশ্নে সবচেয়ে বেশি পিছিয়ে। এদিকে, ফেব্রুয়ারিতে নির্বাচনকে সামনে রেখে অন্তর্বর্তী সরকার এবং নির্বাচন কমিশন প্রবাসী বাংলাদেশীদের ভোটাধিকার দেবার যে সিদ্ধান্ত নিয়েছে তা নিয়ে সর্বত্র ব্যাপক কৌতুহল দেখা দিয়েছে। এই সিদ্ধান্তে প্রবাসী বাংলাদেশীরা খুবই খুশি হলেও তারা এই প্রক্রিয়া সম্পর্কে বিশদ জানতে আগ্রহী। অপরদিকে, জুলাই সনদ নামের সংস্কার ডকুমেন্ট নিয়ে দলগুলো এখনও একমত হয়নি। আগামী নির্বাচনে ৩০০ আসনের প্রায় সব আসনে একাধিক প্রার্থী রয়েছে বিএনপি'র। দলের জন্যে ত্যাগী এবং যোগ্য প্রার্থী যেমন আছেন; তেমনি সুযোগ সন্ধানী এবং হঠাৎ এসে প্রার্থী ঘোষণা করেও অনেকে প্রায় নির্বাচনী এলাকায় প্রচার শুরু করে দিয়েছেন। অনেকে মনে করেন, এই পরিস্থিতির কারণে বিএনপি'র প্রার্থীদের নিজেদের মধ্যে তীব্র লড়াই শুরু হয়েছে। বিদ্রোহী প্রার্থী বেশি হওয়ার আশঙ্কায় ঘর সামলাতে হিমশিম খাচ্ছে দলটি। তার ওপর বিএনপি'র একটি জোট আছে। জামায়াত বাদে জোটের সকল দলই বিএনপি'র সঙ্গে নির্বাচনী জোট করতে আগ্রহী। ইসলামী দলগুলোকে নিয়ে পৃথক জোট করতে কাজ শুরু করেছে জামায়াতে ইসলামী। তবে একমাত্র চরমোনাই পীর ছাড়া কোনও ইসলামী দলই জামায়াতে ইসলামীর সঙ্গে জোট করে ভোট করতে চায় না। ইসলামী দলগুলোর বিএনপি'র সঙ্গে জোট করতে চায়।

জুলাই অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণরা নতুন রাজনৈতিক দল গঠন করেছে যার নাম ন্যাশনাল সিটিজেন পার্টি তথা এনসিপি। এনসিপি কোনও জোটে যাবে নাকি এককভাবে নির্বাচনে অংশ নেবে সেটা এখনও স্পষ্ট নয়। দলটির নেতারা বলছেন, তারা ভেতরে ভেতরে ভোটের প্রস্তুতি নিচ্ছে।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রবাসীরা কীভাবে ভোট দেবেন সে ব্যাপারে গাইডলাইন প্রকাশ করেছে নির্বাচন কমিশন। পাসপোর্ট না থাকলেও ভোটার হতে পারবেন প্রবাসী বাংলাদেশিরা। সেক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে বসবাসকারী এনআইডিধারী তিনজন প্রবাসীর কাছ থেকে 'বাংলাদেশি নাগরিক মর্মে প্রত্যয়নপত্র' জমা দিতে হবে। বুধবার এ সংক্রান্ত পরিপত্র জারি করেছে নির্বাচন কমিশন (ইসি)। প্রবাসী বাংলাদেশি ভোটারদের জন্য পোস্টাল ব্যালট পদ্ধতি চালুর উদ্যোগের মধ্যে এ সুযোগ দিল কমিশন। ইসির এ নির্দেশনা সংক্রান্ত চিঠি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং রাষ্ট্রদূত ও হাইকমিশনারদের কাছে পাঠানো হয়েছে।

পরিপত্রে প্রবাসীরা ভোটার হতে চাইলে প্রয়োজনীয় দলিলপত্রের সঙ্গে মেয়াদ সংবলিত বাংলাদেশি পাসপোর্টের কপি অথবা মেয়াদোত্তীর্ণ পাসপোর্টের কপি বা দ্বৈত নাগরিকদের ক্ষেত্রে বিদেশি পাসপোর্টের কপি জমা দিতে হবে। ওইসব তথ্য-উপাত্তের ভিত্তিতে তারা ভোটার হতে পারবেন। প্রবাসীদের ভোটার হতে যেসব কাগজপত্র দিতে হবে, তার মধ্যে রয়েছে- অনলাইনে পূরণ করা আবেদনপত্র (ফরম-২ক), পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি, আবেদনকারীর বাবা-মায়ের এনআইডির কপি, বাংলাদেশি অনলাইন জন্ম নিবন্ধন সনদের কপি, শিক্ষা সনদের কপি, আবেদনকারীর নাগরিকত্ব সনদ (কাউন্সিলর, চেয়ারম্যান/মেয়র/সিইও/প্রশাসক কর্তৃক), সংশ্লিষ্ট ঠিকানা সংবলিত ইউটিলিটি বিলের কপি/হোল্ডিং ট্যাক্স রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে)। এসব দলিলাদি নিবন্ধন কেন্দ্রে জমা দেওয়া সম্ভব না হলে, আবেদনকারীর পক্ষে বাংলাদেশে অবস্থানরত প্রতিনিধির মাধ্যমে এসব দলিল তদন্ত কর্মকর্তা বা নিবন্ধন কর্মকর্তার (সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার) কাছে জমা দেওয়া যাবে।

এদিকে, জুলাই সনদ নিয়ে বেশি জটিলতা দেখা দিয়েছে। যদিও একথা স্পষ্ট হচ্ছে যে, আগস্টে হচ্ছে না জুলাই সনদ। জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে চ্যালেঞ্জ রয়ে গেছে। এ ব্যাপারে রোববার বিশেষজ্ঞদের সঙ্গে বৈঠক করবে আলী রিয়াজের সমন্বয়ে গঠিত ঐকমত্য কমিশনার। তারপর একটা সিদ্ধান্তে পৌঁছাতে চেষ্টা করবেন তারা।

## ভাসানী ফাউন্ডেশনের আন্তর্জাতিক সম্মেলন ২৭ সেপ্টেম্বর

৩ পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মহিমুদ্দীন নাসের। সভায় সেমিনারের বিভিন্ন উপ কমিটি গঠন করা হয়। সভায় ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তা ও সদস্যগণ উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত মোতাবেক নিউইয়র্ক সিটির কুইন্সে মওলানা ভাসানী স্মরণে সেমিনার আয়োজন করা হবে। প্রাথমিকভাবে সেমিনারের ভেন্যু হিসেবে সেন্ট জন ইউনিভার্সিটির মিলনায়তন অথবা গুলশান টেরেস অথবা জুইশ সেন্টারে (পাওয়া সাপেক্ষ) আয়োজিত হবে। সেমিনারে আমন্ত্রিত অতিথি থাকবেন বাংলাদেশের বিশিষ্ট রাজনীতিক, ডাকসু ও চাকসু'র সাবেক ভিপি মাহমুদুর রহমান মান্না, লন্ডনে বসবাসরত ভাসানী গবেষক ড. সাইফী উদ্দিন, কানাডায় বসবাসরত ভাসানী গবেষক ড. আবিদ বাহারসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সভায় উপরোক্ত সেমিনার আয়োজন উপলক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। কমিটির আহ্বায়ক গিয়াস আহমেদ, যুগ্ম আহ্বায়ক কাজী আজম ও মোশাররফ হোসেন সবুজ, সদস্য সচিব শাহাব উদ্দীন সাগর, যুগ্ম সদস্য সচিব ফরিদ আলম, অভ্যর্থনা উপ কমিটির আহ্বায়ক মোস্তফা করিম কবির, যুগ্ম আহ্বায়ক ডা. নার্গিস রহমান ও অধ্যাপক ওসমান, প্রচার ও প্রকাশনা উপ কমিটির আহবায়ক ইমরান আনসারী, সদস্য সচিব অধ্যাপক সৈয়দ আজাদ, অর্থ বিষয়ক উপ কমিটির আহবায়ক আব্দুল নবুর, সাংস্কৃতিক উপ কমিটির আহ্বায়ক এন আমীন, আপ্যায়ন উপ কমিটির আহ্বায়ক নাজমুল আলম শ্যামল।

কমিটির প্রধান সমন্বয়কারী মোহাম্মদ হোসেন খান, যুগ্ম সমন্বয়কারী আব্দুর রহিম হাওলাদার, সমন্বয়কারী বেলাল হোসেন, এম এ সাদেক ও দেলোয়ার হোসেন শিপন।

সভায় ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তা ও সদস্যদের মধ্যে ইঞ্জি. আবদুল সোবহান, সাঈদ তারেক, আব্দুর রহিম হাওলাদার, মীর মশিউর রহমান, এবিএম ওসমান গণি, দেলোয়ার হোসেন, এম এ সাদেক, মির্জা এ আজম, সায়ন সোহেল আহমেদ, ফারুক হোসেন মজুমদার, মোহাম্মদ আব্দুল সোবহান, সালাহউদ্দিন আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

## মেধাবী বাংলাদেশি চিকিৎসক আরমানের অকাল ইন্তেকাল

৩ পৃষ্ঠার পর

মরহুম মুস্তফা জামান আব্বাসীর দৌহিত্র আরমানের মা সামিরা আব্বাসী বর্তমানে ফ্লোরিডার মায়ামিতে বসবাস করছেন। শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সামিরা আব্বাসী ও ইঞ্জিনিয়ার খালেদ সোবহানের দুই সন্তানের একজন ছিলেন আরমান।

আরমান সোবহান ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী। মাত্র চৌদ্দ বছর বয়সে তিনি একটি বই প্রকাশ করেন। পরবর্তীতে উচ্চশিক্ষার জন্য ভর্তি হন বিশ্বখ্যাত কর্নেল বিশ্ববিদ্যালয়ে। তিনি মেডিকেল স্কুল কৃতিত্বের সাথে পড়াশোনা শেষ করেন এবং প্রকাশ করেন একাধিক গবেষণাপত্র। সম্প্রতি নিউইয়র্কের সেন্ট জোন্স রিভারসাইড হাসপাতালে ইন্টারনাল মেডিসিনে রেসিডেন্ট ফিজিশিয়ান হিসেবে যোগ দেন। চিকিৎসা পেশায় তিনি বিশেষভাবে কার্ডিওলজিতে দক্ষতা অর্জনের স্বপ্ন দেখতেন। চিকিৎসাশাস্ত্রের বাইরে আরমান ছিলেন একজন সংগীতশিল্পী। বহুমাত্রিক প্রতিভার জন্য পরিবার, বন্ধুবান্ধব ও সহকর্মীদের কাছে তিনি ছিলেন সবার প্রিয়।

নিয়মিত কোন যোগাযোগ বন্ধ হয়ে গেলে উদ্বিগ্ন পরিবার খোঁজ তার করতে থাকে। গত ১৭ আগস্ট মঙ্গলবার তাঁর বাসায় গিয়ে মৃত অবস্থায় পাওয়া যায় আরমানকে।

## ব্রুকসে প্রবাসী রজত পালের মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

সদস্য শাহ জামাল হোসেন, কামরুল করিম, বাংলাদেশ সোসাইটি অব ব্রুকসের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান ও যুক্তরাজ্য প্রবাসী সাকির আহমেদ চৌধুরী মনির প্রমুখ। উপস্থিত নেতৃবৃন্দ কানাডা প্রবাসী রজত পাল ও যুক্তরাজ্য প্রবাসী সাকির আহমেদ চৌধুরী মনিরকে স্বাগত জানান এবং শত ব্যস্ততার মাঝেও সংক্ষিপ্ত সময় দেওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়াও সময় স্বল্পতার কারণে জিল্লুর আলাম চৌধুরী চেমন, জামাল হোসেন চেরাগ, সাধু দেব, ইমরুল কায়েস, জায়েদ হোসেন সহ অন্যান্যদের সাথে মোবাইল ফোনে শুভেচ্ছা বিনিময় করেন। পরে মধ্যাহ্ন ভোজে সবাই অংশগ্রহণ করেন।

উল্লেখ্য তিনি এক সংক্ষিপ্ত সফরে স্ত্রী ও কন্যা কে নিয়ে যুক্তরাষ্ট্রে বেড়াতে আসেন এবং এ সময়ে তিনি বোস্টন, নিউ জার্সি ও নিউইয়র্কে বসবাসরত নিকট আত্মীয় ও শ্রীমঙ্গল এলাকার পরিচিত ব্যক্তিদের সাথে দেখা সাক্ষাৎ করেন ও বিভিন্ন পর্যটন কেন্দ্র পরিদর্শন করেন।

## পোস্টাল সার্ভিসে নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু

৩ পৃষ্ঠার পর

৯০% স্থায়ী হয়ে গেছেন এবং ভালো অবস্থানে আছেন। বিগত প্রায় ২ বৎসর নিয়োগ বন্ধ থাকার পর গত ০৮/১৫/২০২৫ইং উল্লেখিত পজিশন ওপেন করা হয়েছে এবং নিয়োগ চলিতেছে।

১৭৯২ সালে ডাক পরিষেবা আইন পাসের মাধ্যমে ডাকঘর বিভাগ তৈরি করা হয়। ১৮৭২ সালে এটিকে মন্ত্রিপরিষদ স্তরের বিভাগে উন্নীত করা হয় এবং ১৯৭০ সালের ডাক পুনর্গঠন আইনের মাধ্যমে এটিকে একটি স্বাধীন সংস্থা হিসেবে মার্কিন ডাক পরিষেবায় রূপান্তরিত করা হয়।

১৭৭৫ সালে বেঞ্জামিন ফ্রাঙ্কলিন প্রথম পোস্টমাস্টার জেনারেল নিযুক্ত হওয়ার পর থেকে প্রায় ২৫০ বছরে, আমেরিকার সাথে ডাক পরিষেবা বৃদ্ধি পেয়েছে এবং পরিবর্তিত হয়েছে, ক্রমবর্ধমান জনসংখ্যার আরও ভাল পরিষেবা প্রদানের জন্য সময়ের সাথে নতুন প্রযুক্তি গ্রহণ করেছে

মার্কিন ডাক পরিষেবা ইউএসপিএ প্রায় ৫,৮৪,০০০ জনকে নিয়োগ করে। এই কর্মীবাহিনীতে বিভিন্ন ধরণের ভূমিকা রয়েছে, যেমন ডাক বাহক, ডাক কেরানি এবং ডাক বাছাইকারী। ইউএসপিএস হল মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম বেসামরিক কেন্দ্রীয় কর্মীবাহিনীগুলির মধ্যে একটি। পোস্টাল ডিপার্টমেন্ট যুক্তরাষ্ট্রের একটি অন্যতম লোকবল সমেত বৃহত্তর প্রতিষ্ঠান। যেখানে প্রায় ৬ লক্ষ লোক বিভিন্ন পজিশনে কাজ করে।

অত্যন্ত আনন্দের বিষয় এই যে,২০১৬ সালের পূর্বে মাত্র হাতে গনা কয়েকজন বাংলাদেশী পোস্টাল ডিপার্টমেন্টে কাজ করতেন। ২০১৬ ইং সনে জব রেডি এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেচ নামে একটি রেজিস্টার্ড প্রতিষ্ঠান সকল সরকারি ও বেসরকারি জবের পাশাপাশি নিয়মিত পোস্টাল জব এর বিজ্ঞপ্তি আজকাল পত্রিকায় প্রকাশ করতে থাকেন। খোঁজ নিয়ে জানা যায়, অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা এমডি আলী যাকে সবাই আলী ভাই হিসাবে জানেন। ২০২৫ইং পর্যন্ত অত্র প্রতিষ্ঠান হতে প্রায় ৩০০০ (তিন হাজার) বাংলাদেশী নিউইয়র্ক এর ম্যানহাটন, ব্রুকলিন, লং আইল্যান্ড, আলবানী, বাফেলো, রোচেস্টার ও অন্যান্য স্টেট এর পেনসিলভানিয়া, মিশিগান, টেক্সাস, ফ্লোরিডা, নিউজার্সি, কানেক্টিকাট কাজ করছেন।

বাংলাদেশিদের মধ্যে বেশিরভাগ সিটি ক্যারিয়ার , মেইল হ্যান্ডলার, মেইল প্রসেসিং ক্লার্ক ও উইন্ডো ক্লার্ক পদে কাজ করছেন। অত্র পজিশন এর প্রারম্ভিক বেতন ২৩.৪৮ প্রতি ঘন্টা। ২ বৎসর পর স্থায়ী করা হয়। তখন বেতন ২৭.২৮ প্রতিঘন্টা। পদের যোগ্যতাঃ সিটিজেন/গ্রীন কার্ড (৫ বৎসরের রেসিডেন্স) এবং ভালো স্কোর নিয়ে অনলাইন পরীক্ষায় পাশ করতে হয়।

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

• Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)



## বরিশাল সিটি ও সদর সোসাইটির বনভোজন অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

আনুষ্ঠানিক ঘোষণার মধ্য দিয়ে উদ্বোধন করেন, এসময় বরিশাল সিটি ও সদরের বিশিষ্ঠ ব্যক্তিবর্গের মধ্য উপস্থিত ছিলেন পিকনিক কমিটির আহ্বায়ক-সৈয়দ রাব্বী, সদস্য সচিব জাহাংগীর কবীর, কোষাধ্যক্ষ-সাদি, সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত শওকত মির্জা, সৈয়দ তুহিন, মুনির হোসেন, শাহীন, হালিম, রেজা, বুলেট, নিয়াজ, জাহাংগীর, পুষান, বেলায়েত, মুরাদ, শাহাবুদ্দিন, সোহেল , হোসেন, আহ রব, আতিক, শফিক আকবর, মিজানুর, রহমান, মারুফ ও পারভেজ মিয়া। সমন্বয়কারী ছিলেন- জেড এইচ হাওলাদার, এ্যাড আতাউর রহমান, দেলোয়ার হোসেন, জিয়াউদ্দিন হাসান কবীর, আহ রব, মঞ্জুর মোর্শেদ, সৈয়দ কে হাসান, কেয়া ওয়াদুদ, ফারজিন। গান পরিবেশনা করেন আল-আমিন বাবু।
সব পর্ব- সকালের নাস্তা, দুপুরের খাবার, বিকালের ঝাল-মুড়ি, চা অতপুরবাসে সবাই উপভোগ করেছে। বিশেষ অতিথি হিসেবে- ১ম পুরুস্কার বিতরণ করেন বিশিষ্ট চিকিৎসক ডাঃ রুমানা সবুর, ডাঃ সবুর, উপদেষ্টা-জনাব সবুজ ওয়াদুদ, কাজী বাচ্চু, অ্যানিমেটিকান ইঞ্চ এর বিশিষ্ট ব্যবসায়ী মীর
সাব্বির আহমেদ। বিকাল ৬.০০ টায় আহ্বায়ক সৈয়দ রেজা অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। প্রেস বিজ্ঞপ্তি



## ব্রংকস বাংলাদেশ এসোসিয়েশনের অভিষেক অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

করতে গঠিত অভিষেক কমিটিতে মোজাফফর হোসেন আহবায়ক, সেলিম রেজা প্রধান সমন্বয়কারি ও এস রহমান সদস্য সচিবের দায়িত্ব পালন করেছেন। সংগঠনের বিদায়ী সভাপতি কামাল উদ্দীন এতে সভাপতিত্ব করেন। সঞ্চালনায় ছিলেন এ ইসলাম মামুন ও কামরুজ্জামান শামীম। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক সাংসদ এমএম শাহিন, কমিউনিটি একটিভিস্ট এম এস মজুমদার, জাকির চৌধুরী সিপিএ, সিপিএ আহাদ, শেখ মামুন, আবু সালেহ সাদ, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, রেজোয়ানা রাজ্জাক সেন্টু, ইমরান রন শাহ, ইব্রাহিম বাবো ভূইঁয়া, আক্তারুজ্জামান হ্যাপি, শেখ জামাল হোসেন,শামীম আহমেদ,নুরুল ইসলাম, সরোয়ার চৌধুরী, হাসান আলী, মামুন রহমান, মাহবুব জুয়েল, আরিফ রেজা, কাজি সুজন ও বায়েজিদ রহমান। রুপশোনা মির্জার সংগীত পরিবেশনা ও ডিনারের মধ্যদিয়ে অভিষেক অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।








জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services
Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561



Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate



এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



TOYOTA, LEXUS, Mercedes-Benz, Ford, BMW, LAND ROVER, MITSUBISHI, VW, HYUNDAI, SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

Tel: 718-786-6677 / 718-361-6432

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.



# নিউইয়র্কে কমলগঞ্জ সোসাইটির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসরত মৌলভীবাজার জেলার ঐতিহ্যবাহী কমলগঞ্জ উপজেলাবাসীদের মধ্যে একতা ভ্রাতৃত্ব বন্ধনের সেতু নির্মানের লক্ষে গঠিত কমলগঞ্জ প্রবাসীদের সংগঠন কমলগঞ্জ সোসাইটি ইউএসএ ইনকের বার্ষিক বনভোজন ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গত ১৭ই আগষ্ট রোববার ব্রুকলেন কেরী পয়েন্ট পার্কে শতাধিক মানুষের উপস্থিতে বনভোজনটি কমলগঞ্জবাসীর এক





মিলন মেলায় পরিণত হয়। নিউইয়র্ক ও নিউ জার্সির বিভিন্ন এলাকায় বসবাসকারীরা অংশগ্রহন করেন। দ্বিতীয় বারের মতো অনুষ্ঠিত বনভোজনটি সবার আন্তরিক সহযোগিতায় সফলভাবে সম্পন্ন হয়। এর আগে সকালে শিশু কিশোর ও নবীন প্রবীন বনভোজনে আগতদেরকে সকালের নাস্তায় আপ্যায়ন করা হয়।

সংগঠনের সভাপতি মিয়া মোহাম্মদ আবজালের সভাপতিত্বে ও সাধারন সম্পাদক মতি লাল দেব রায়ের সঞ্চালনায় আগত অতিথিদের নিয়ে আনুষ্ঠানিকভাবে বেলুন উড়িয়ে শুভ উদ্বোধন করেন পিকনিকের গ্রান্ড স্পন্সর তোফায়েল আহমেদ চৌধুরী।



অনুষ্ঠানে বক্তব্য রাখেন কমলগঞ্জ সরকারী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক মোঃ আব্দুল বাছিত ও ট্রাস্টি বোর্ড সদস্য মোহাম্মদ রহমান ফরিদ। উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটি অব ব্রুকলের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাবেক সভাপতি ড. ওয়াজেদ এ খান, প্রবীন সাংবাদিক নাজমুল আহসান, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সভাপতি




ফজলুর রহমান প্রমুখ।

কমলগঞ্জ সোসাইটি ইউএসএ ইনক কমিটির মোহাম্মদ আব্দুল শহীদ, আব্দুল শহীদ, জিতেন্দ্র ভৌমিক, শ্যামল পাল, মইন উদ্দীন, অনিতা সিনহা, রিপন দেব, সুরজিৎ পাল, রাজি হোসেন, সাঈদ আলমগীর, এস্টোরিয়া ট্রাভেলস এর নজরুল ইসলাম, মোহাম্মদ ইউনুস, লিপ্তা চক্রবর্তী, সত্যজিত সিনহা, বাবর ভূইয়া, মোহাম্মদ রফিকুর, পিকনিক সাব কমিটি তুহিন খান, সৈয়দ আলমগীর, রিটন সরকার, মহসিন আহমেদ, রায়াত মাহির, মিজান চৌধুরী, সৈয়দ মহিবুল হাসান, বেলাল আহমেদ। বনভোজনে সকল বয়সের জন্য খেলাধূলার আয়োজন করা হয়। মূল আকর্ষণ ছিল র‍্যাফেল ড্র। দুপুরে মিলন মেলায় অংশগ্রহনকারী সকলকে মধ্যাহ্ন ভোজে আপ্যায়ন করা হয়।

সবশেষে বিভিন্ন খেলাধূলায় অংশগ্রহনকারী ও র‍্যাফেল ড্রয়ে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

# গোল্ড স্যান্ডস'র উদ্যোগে পাঁচ দিনব্যাপী মেজবানি

৬২ পৃষ্ঠার পর

গ্রুপ ইনকরপোরেশন, নিউ ইয়র্ক-এর ডিরেক্টর এম সাজ্জাদ রহমান খান এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন। তিনি আরো জানান, এই মেজবানিতে নিউ ইয়র্ক এ বসবাসরত সকল প্রবাসীরা সাদরে আমন্ত্রিত। প্রবাসীদের উপস্থিতিতে গোল্ডস্যান্ডস পরিবারকে আরো অনুপ্রাণিত করবে। উল্লেখ্য গোল্ডস্যান্ডস বর্তমানে বাংলাদেশে তাদের রিয়েল স্টেট ব্যবসা পরিচালনা করছে। তারই ধারাবাহিকতায় আমেরিকাতে প্রবাসীদের কষ্টার্জিত উপার্জনের এবং নিশ্চিত বিনিয়োগের মাধ্যমে হালাল ইনকাম এর পথ সুগম করার লক্ষ্যে তাদের এই প্রয়াস বলে জানা যায়। ৫ দিনব্যাপী মেজবানি দাওয়াত উপলক্ষ্যে রয়েছে বিশাল ছাড়। যেমন : কক্স বাজারের কলাতলীতে হোটেল সে-স্যান্ডস এ ১৮ তলা বিল্ডিং, ৪০০ রুম বিশিষ্ট ৩ বিঘা জমির উপর (মেরিন ড্রাইভ সংলগ্ন) সাব কবলা মালিকানায় ডাউন পেমেন্ট ছাড়া শুধুমাত্র ৩৩৩ ডলার মাসিক কিস্তিতে ২৫ টি শেয়ার এর মালিকানা গ্রহণের সুযোগ এছাড়াও রয়েছে পূর্বাচল আমিন সিটিতে ৩ কাঠা জমির প্লট, কোনো ডাউন পেমেন্ট ছাড়া শুধু মাত্র ৩৩৩ ডলার মাসিক কিস্তিতে মালিকানা গ্রহণের সুবর্ণ সুযোগ। এগুলি ছাড়াও কক্সবাজারসহ সারা বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে রয়েছে তাদের অসংখ্য আকর্ষণীয় এবং লাভজনক প্রজেক্ট। জ্যাকসন হাইটস এর ৩৭-৩৯ ৭৭ স্ট্রিট (৩য় তলায়) গোল্ডস্যান্ডস-এর নিজস্ব অফিসে এসে বিস্তারিত জানতে অনুরোধ করা হয়।

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam
পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.
Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment



CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com



দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**



## নিউজার্সিতে হিন্দু সম্প্রদায়ের তীর্থযাত্রা সম্পন্ন

৬২ পৃষ্ঠার পর

ধ্বনিত-প্রতিধ্বনিত হতে থাকে 'হরে কৃষ্ণ, হরে কৃষ্ণ, হরে রাম, হরে রাম', আর তা অপূর্ব এক সুর মূর্ছনার সৃষ্টি করে। ভক্তবৃন্দের সম্মিলিত কোরাসে হরিনাম সংকীর্তনের সুললিত সুর, 'হরে কৃষ্ণ, হরে কৃষ্ণ, হরে রাম, হরে রাম' এ অদ্ভুত এক ভালো লাগায় আচ্ছন্ন হয়ে পড়ে সবার মনপ্রাণ। তীর্থযাত্রার আয়োজকদের সূত্রে জানা গেছে, তিন হাজার একর জমির ওপর প্রতিষ্ঠিত প্রাকৃতিক রূপের লীলাভূমি, ধর্মীয় পীঠস্থান 'নতুন বৃন্দাবন' এ পুণ্যার্থীরা গিয়েছিলেন অমৃতের সন্ধান পেতে। "নতুন বৃন্দাবন"এ পুণ্যার্থীরা মাল্য জপ, পুজার্চনা, কীর্তন, ভজন, হরিনাম সংকীর্তনের মাধ্যমে নতুন বৃন্দাবন পরিভ্রমণ, প্রসাদ গ্রহণসহ বিভিন্ন ধর্মীয় কার্যক্রমে অংশগ্রহণ করেন।

"তীর্থ পরিক্রমা পুণ্য অর্জনের একটি অন্যতম মাধ্যম। মনে ধর্মভাব জাগলে নৈতিকতার বহিঃপ্রকাশ এমনিতেই ঘটে, আর তাতে উপকৃত হয় সমাজ, সংসার। সামাজিক উন্নয়ন নিশ্চিত করতে হলে তীর্থভ্রমণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এই উপলব্ধি থেকেই তীর্থভ্রমণের আয়োজন জানান আয়োজকদের অন্যতম আটলান্টিক সিটির পুলিশ কর্মকর্তা সুমন মজুমদার। গত ২০ আগস্ট বুধবার পুণ্যার্থীরা নতুন বৃন্দাবন থেকে ফিরে আসেন। ওইদিন সকালে নতুন বৃন্দাবনের ব্রহ্মচারি শুভানন্দ দাস তীর্থযাত্রীদের বিদায় জানান।

কৃষ্ণভক্ত তৃপ্তি সরকার, দীপঙ্কর মিত্র, আল্পা মিত্র, প্রদীপ দে, মেরি দে, সুনীল দাস, সরোজ দাস, সজল চক্রবর্তী, দীপা দে, সুপ্রীতি দে প্রমুখের যথাযথ কর্মোদ্যোগে তীর্থযাত্রা নির্বিঘ্নে সম্পন্ন হওয়ায় পুলিশ কর্মকর্তা সুমন মজুমদার সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।



## নারায়ণগঞ্জ জেলা সমিতির বনভোজন

৬৪ পৃষ্ঠার পর

নেতৃত্বে ও প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং আগত মেহমানদের উপস্থিতিতে বনভোজনের কার্যক্রম ও উদ্বোধন ঘোষণা করা হয়। এ সময় বিশেষ অতিথিদের মধ্যে যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নুরুজ্জামান মন্টু, এ কে এম নুরুল হক, নূর বাবুল, মনিরুজ্জামান সেলিম, মোহাম্মদ ফারুক হোসেন, মোহাম্মদ আলী হোসেন, বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান, প্রফেসর রফিকুল ইসলাম, মোহাম্মদ চঞ্চল, আহবায়ক মোঃ আনিসুর রহমান, প্রধান সমন্বয়কারী মোস্তফা জামাল (শামীম), সদস্য সচিব রিফাত জামাল মাহিন প্রমুখ। সকলের নাম্বা পরিবেশন ও উদ্বোধনের পর যথারীতি খেলা-ধুলা ও সংস্কৃতি পর্ব শুরু হয়। তারপর দুপুরের খাবার পরিবেশনের সাথে সাথে বনভোজনে আগত অতিথিরা যার যার মতো সবুজ প্রাঙ্গনে আনন্দ-ফুর্তিতে মেতে উঠেন। সবচেয়ে আকর্ষণীয় বিষয় ছিল র‍্যাফেল ড্র ও পুরস্কার। শেষ পর্বে খেলাধুলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ ও র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। এদিনের বনভোজন অনুষ্ঠান থেকে সভাপতি হুমায়ুন কবির সুমন আগামী ২০২৬-২০২৭ সালের জন্য নারায়ণগঞ্জ জেলা সমিতি অব উত্তর আমেরিকা ইনক্ এর সভাপতি হিসাবে মোস্তফা জামাল (শামীম) এর নাম ঘোষণা করেন।

## হাটবাজারের স্থলে আসছে আড্ডা রেস্টুরেন্ট



৬৪ পৃষ্ঠার পর

রিনোভেশন কাজ শেষ হবে সেপ্টেম্বর নাগাদ। বেজমেন্টে থাকবে সর্বাধুনিক পার্টি হল। সাউন্ড সিস্টেম ও লাইটিং সুবিধা সহ ২ শতাধিক মানুষের বসার ব্যবস্থা থাকবে। প্রথম তলায় রেস্টুরেন্টে ২ স্তরে বসার আয়োজন থাকছে। বলা যায়, কিছুটা সাজাই রেস্টুরেন্টের আদলে। তবে রেস্টুরেন্টের ব্যাপ্তি ও কিছুটা খোলামেলা ও বৃহত্তর পরিসরে। আগের ন্যায় এই রেস্টুরেন্টের কেন্দ্র কোন গ্রোসারী স্টোর থাকছে না। কমিউনিটির ৩ জন ব্যবসায়ী মিলে এই আড্ডা রেস্টুরেন্টটি চালু করতে যাচ্ছেন। তারা হলেন আমিনুল ইসলাম মিঠু, শফিকুল ইসলাম ও শিল্পী সরকার। এই ৩ বন্ধুর ম্যানহাটনে ৩টি পিজ্জা শপ ও একটি গিফট শপ রয়েছে। ব্রুকলিনের পার্কচেস্টারেও অতীতের আড্ডা নামের আরেকটি রেস্টুরেন্ট তারা চালু করবেন।

নতুন এই রেস্টুরেন্টের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করলে আমিনুল ইসলাম মিঠু আজকালকে বলেন, বাংলাদেশি কমিউনিটির প্রাণকেন্দ্রে আমরা রেস্টুরেন্টটি চালু করতে যাচ্ছি। এ এলাকায় বাংলাদেশি মালিকানাধীন অজস্র উপরে রেস্টুরেন্ট রয়েছে। চ্যালেঞ্জ রয়েছে। তবে সেবা ও খাবারের মান দিয়ে আমরা গ্রাহকদের আস্থা অর্জন করবো ইনশাল্লাহ। মুখে মুখে বলতে চাই না। আমরা শুরু করলেই তার প্রমাণ দেবার চেষ্টা করবো। চাই সবার সহযোগিতা। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, রেস্টুরেন্টটির ভাড়া মাসিক ৪২ হাজার ডলার। আমরা নতুন লিজ নিয়েছি। আগে হাটবাজারে কিচেনের সমস্যা ছিল। এখন আমরা সব সুবিধা ও ফ্যাসিলিটিজ নিয়েই যাত্রা শুরু করছি।

## ক্যালিফোর্নিয়ায় সংবাদপত্রের নতুন আয়োজন

৬২ পৃষ্ঠার পর

করবে। যারা গুরুতর রিপোর্টিং এবং দুর্বল বৃদ্ধির অভাবে ভুগছেন। সাধারণত ব্রাশ এবং পাঞ্চি পোস্ট ফ্যাশনে, তিনি ক্যালিফোর্নিয়াকে 'জড়িত, ক্লান্ত সাংবাদিকতা' দ্বারা জর্জরিত হিসাবে চিহ্নিত করেন।

উদ্দেশ্য যতই সাহসী হোক না কেন, এই উদ্যোগটি সংবাদ ব্যবসার জন্য, বিশেষত মুদ্রণপত্রের জন্য একটি অশান্ত পরিবেশে চালু করা হচ্ছে। নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটির মেডিল স্কুল অফ জার্নালিজমের পরিসংখ্যান অনুযায়ী, ২০০৫ সাল থেকে এর মধ্যে ৩,২০০ টিরও বেশি সংবাদপত্র দেশব্যাপী বন্ধ হয়ে গেছে। অনলাইন বিশ্ব নতুন তথ্যের উৎস এবং প্রভাবশালীদের জন্ম দিয়েছে, সংবাদ ভোক্তাদের রুচি ও অভ্যাস পরিবর্তন করেছে এবং বিজ্ঞাপনের বাজারকে উন্নত করেছে যার উপর সংবাদপত্রগুলি নির্ভর করে।

যদিও এটা সত্য যে গণমাধ্যমের দৃশ্যপট চ্যালেঞ্জিং, নিউইয়র্ক পোস্ট তার অনন্য কণ্ঠস্বর, সম্পাদকীয় লেন্স এবং মানসম্পন্ন কভারেজের মাধ্যমে সাফল্য খুঁজে পাচ্ছে। একই সূত্র ক্যালিফোর্নিয়ার জন্য তৈরি করা হয়েছে। প্রায় ৪ কোটি জনসংখ্যাসহ ক্যালিফোর্নিয়ায় এখনও লস অ্যাঞ্জেলেস এবং অন্যান্য বড় শহরগুলিতে দৈনিকসহ শত শত সংবাদপত্র রয়েছে। কিন্তু লস অ্যাঞ্জেলেস প্রেস ক্লাবের সভাপতি অ্যানি বেকওয়েলের মতে, দেশের দ্বিতীয় সর্বাধিক জনবহুল শহরে সাম্প্রতিক স্মৃতিতে আঞ্চলিক বিষয়গুলির ওপর দৃষ্টি নিবদ্ধ করে একটি নিবেদিত ট্যাবলয়েড নেই।

শহরের কৃষ্ণাঙ্গ জনগোষ্ঠীর উপর দৃষ্টি নিবদ্ধ করা সাপ্তাহিক লস অ্যাঞ্জেলেস সেন্টিনেলের প্রধান সম্পাদক বেকওয়েল বলেন, 'এটি সত্যিই এখানকার একটি অপ্রমাণিত বাজার। লস অ্যাঞ্জেলেস ভাল মানের সংবাদ প্রতিবেদনের জন্য সর্বদা প্রস্তুত এবং বিশেষত এই মুহূর্তে যখন অন্যান্য অনেক সংবাদপত্র সঙ্কুচিত এবং অদৃশ্য হয়ে যাচ্ছে, এটি সত্যিই একটি অনন্য সুযোগ হতে পারে''। ২২৪ বছরের পুরনো নিউইয়র্ক পোস্টের মতো কোন সংবাদপত্র যুক্তরাষ্ট্রে নেই। এটি দেশের প্রথম ট্রেজারি সেক্রেটারি, ফেডারালিস্ট পেপার্সের লেখক, ভাইস প্রেসিডেন্টের হাতে বন্দুকের শিকার এবং ব্রডওয়ে স্ম্যাশ হ্যামিল্টন-এর অনুপ্রেরণা আলেকজান্ডার হ্যামিল্টনের চেয়ে কম একজন আলোকিত ব্যক্তি দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। নিউজ কর্পোরেশনের প্রতিষ্ঠাতা এবং এখন এর এমেরিটাস চেয়ারম্যান মারডক ১৯৭৬ সালে পোস্টটি কিনেছিলেন। এক ডজন বছর পরে এটি বিক্রি করেছিলেন, তারপর ১৯৯৩ সালে এটি পুনরায় কিনেছিলেন।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পোস্টের একজন আগ্রহী পাঠক, যিনি এর 'পড ফোর্স ওয়ান' পডকাস্টে গত মাসের মতোই সম্প্রতি একটি সাক্ষাৎকার দিয়েছেন।



## নিউইয়র্কে মুজিব অনুসারীদের ১৫ আগস্ট

৬৪ পৃষ্ঠার পর

এলাকায় শেখ মুজিব ভক্তদেরও এমন উপস্থিতি দেখে অনেককে বলতে শোনা গেছে, বিরোধী দলেই আওয়ামী লীগ শক্তিশালী। এতে ভিন্নমত পোষণ করেছেন অনেকে। তারা বলেছেন, মুজিব ভক্তের মানদণ্ডে শাসিনার আওয়ামীলীগকে মাপা ঠিক হবে না। মুজিবকে সম্মান দেখানো মানেই হাসিনাকে সমর্থন করা নয়।

শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে কুইন্সের জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, জ্যামাইকা, ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ড, ব্রংকসের পার্কচেস্টারের শোক সভার আয়োজন করা হয়। একাত্তরের প্রহরী ফাউন্ডেশন আয়োজনে জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে ভাবগম্ভীর পরিবেশে আলোচনা সভা, কবিতা পাঠ ও ডকুমেন্টারী প্রদর্শিত হয়। এতে নেতৃত্ব দেন ড. নুরুন্নবী, আব্দুল ইমাম, জাকারিয়া চৌধুরী, গোপাল স্যানাল ও মিনহাজ উদ্দীন আহমেদ। অনুষ্ঠিত হয় শোকর‍্যালী। ড. সিদ্দিকুর রহমান ও আব্দুল সামাদ আজাদের নেতৃত্বে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ জ্যাকসনহাইট প্লাজায় আলোচনা সভা ও শোক র‍্যালীর আয়োজন করে।





ব্রংকস থেকে শেখ শফিকুর রহমান জানিয়েছেন, গত ১৮ই আগস্ট সোমবার ব্রংকসের পার্কচেস্টার স্টারলিং বাংলাবাজারে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া মুনাজাত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ব্রংকস আওয়ামী লীগের সভাপতি আব্দুল মুকিতের সভাপতিত্বে নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান ও যুবলীগ নেতা রেজা আব্দুল্লাহ তা সঞ্চালনা করেন। বক্তব্য রাখেন অধ্য মাসুদুল হাসান, আব্দুর রহিম বাদশা, বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমদ চৌধুরী, রফিকুর রহমান, ইমদাদ চৌধুরী, সাখাওয়াত হোসেন চঞ্চল, ইমদাদ ভূঁইয়া রাজু, সিরাজউদ্দিন আহমেদ সোহাগ, সাখাওয়াত আলী, ইকবাল হোসেন, নিউইয়র্ক মহানগর মোহাসিম বিল্লাহ দুলাল, শামীম আহমেদ ও হেলাল মিয়া।





১৫ আগস্ট জ্যামাইকার হিল সাইডে শেখ রাসেল স্মৃতি পরিষদ শোকসভার আয়োজন করে। এর আয়োজক ছিলেন ডা. মাসুদুল হাসান ও ডা. এবিএম সিদ্দিক।

১৭ই আগস্ট রোববার অনলাইন জুমে আয়োজিত যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে শোক দিবসের আলোচনা সভায় অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধুর পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডঃ নুরুন নবীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার রানা হাসান মাহমুদ-এর সঞ্চালনায় আয়োজিত শোক সভায় যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। সভার শুরুতেই ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নিহত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ পরিবারের নিহত সকল সদস্য ও গত একবছর সরকারের হাতে নিহত সকলের আত্মার শান্তি কামনা করা হয় এবং আহতদের সুস্থতা কামনা করা হয়। শোক দিবসের আলোচনা সভায় সংযুক্ত ছিলেন যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উপদেষ্টা যথাক্রমে ডঃ বামন দাস বসু (বোস্টন), মুক্তিযোদ্ধা ডঃ মহসিন আলী (নিউইয়র্ক), ডঃ মোহাম্মদ দেলোয়ার হোসেন (নিউইয়র্ক), অধ্যাপক সাহদাত হাসান (নিউইয়র্ক), সহসভাপতি যথাক্রমে রাব্বানেত চৌধুরী (নিউইয়র্ক), সফেদা বসু বিন্দু, (বোস্টন), নজরুল আলম (ক্যালিফোর্নিয়া), জাকারিয়া চৌধুরী (নিউইয়র্ক) ও সাজিদ মনোয়ার রিশাদ (টেক্সাস), বাংলাদেশ যুবলীগের সহসভাপতি মোঃ নুর আলম মিঠু, যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়া (নিউইয়র্ক) ও সাংগঠনিক সম্পাদক সজীব জাহাঙ্গীর (ওয়াশিংটন)। সভায় আরও সংযুক্ত ছিলেন মাহফুজুর রহমান (বোস্টন), উজ্জ্বল বড়ুয়া (বোস্টন), আরিফুল ইসলাম (পেনসিলভেনিয়া), বশিরুল আহসান (ক্যালিফোর্নিয়া), ফারজানা বেগম (ক্যালিফোর্নিয়া) ও রওশন আরা লিপা (নিউইয়র্ক) প্রমুখ।












## উৎসবমুখর পরিবেশে পাবনাবাসীর বনভোজন অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

বিশিষ্ট নির্মাণ ব্যবসায়ী ও রাজনীতিক, 'আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন'-এর প্রতিষ্ঠাতা মো. কাদের মিয়া। তিনি প্রধান অতিথির বক্তব্যে প্রবাসীদের পারস্পরিক সহযোগিতা ও ঐক্যের গুরুত্ব তুলে ধরেন। উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন বনভোজন কমিটির আহবায়ক মো. সিরাজুল ইসলাম। অনুষ্ঠান পরিচালনা করেন সদস্য-সচিব মো. মনিরুল ইসলাম। এ



সময় উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো. ফজলুল হক, মো. জাকরউল্লাহসহ বিভিন্ন কমিউনিটি নেতৃবৃন্দ।
সকালে অংশগ্রহণকারীরা নিজ নিজ গাড়ি ও ভাড়া করা বাসে বনভোজনস্থলে পৌঁছালে নাস্তার মাধ্যমে কার্যক্রম শুরু হয়। শিশুদের দৌড় প্রতিযোগিতা, বয়স্কদের খেলাধুলা ও নারীদের বালিশ নিক্ষেপ প্রতিযোগিতা অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে।



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবসায়ী আমিনুল ইসলাম মিঠু এবং বাংলাদেশ সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন দেওয়ান। শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান আশরাফ, কমিউনিটি একটিভিস্ট তোফায়েল ইসলাম চৌধুরী, বগুড়া সমিতির সাবেক সভাপতি মহব্বত আকন্দ ও সিরাজগঞ্জ সমিতির রনি। বনভোজনকে সফল করতে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তারা হলেন সিরাজুল ইসলাম, জাহাঙ্গীর আলম, এডভোকেট মোহাম্মদ আলী, রেজাউল হক রেজা, আলিম খান আকাশ, কুতুবউদ্দীন আইবেক, রাজু আলীম, মোয়াজ্জেম হোসেন, নাবিল আহমেদ, শফিকুল ইসলাম নান্নু, সাজ্জাদ প্রামানিক বাচ্চু, ফজলুর রহমান, এটিএম সালাহ উদ্দিন, জুয়েল ইসলাম রাজু, আলমগীর হোসেন বেপারী, আব্দুর রশীদ, মির্জা রফিকুল ইসলাম ও জামাল উদ্দীন।
দুপুরে সুশৃঙ্খলভাবে খাবার পরিবেশনের পাশাপাশি ফিরনি, চা-কফি ও তরমুজ পরিবেশন করা হয়। বিকেলে অনুষ্ঠিত হয় র‍্যাফেল ড্র, যেখানে বিমান টিকিট, স্বর্ণের চেন, ল্যাপটপ ও টিভি পুরস্কার হিসেবে দেওয়া হয়।
সারাদিনের আনন্দঘন পরিবেশ শেষে সন্ধ্যায় সবাই কর্মব্যস্ত জীবনে ফেরেন। তৃপ্তি ও স্মৃতির বন্ধনে আবদ্ধ হয়ে বনভোজনের সমাপ্তি ঘটে। প্রবাসী পাবনাবাসীরা জানান, এমন মিলনমেলা তাদের কমিউনিটির বন্ধনকে আরও দৃঢ় করে।

## মসজিদ আল আমানের বার্ষিক সাধারণ সভায় মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

শেষে মহান আল্লাহ সুবহানাহু তায়ালার শুকরিয়া আদায় করেন ও সাধারণ মুসল্লিয়ানদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, পঠিত রিপোর্ট এর ওপর প্রশ্ন উত্তর পর্বে কথা বলবেন ও পরামর্শ প্রদান করবেন, তারা যেন মসজিদের আদব রক্ষা করে শৃঙ্খলার সাথে সাধারণ সভাকে সফল করতে সহযোগিতা করেন।
মসজিদের সাধারণ সম্পাদক সংক্ষিপ্ত বার্ষিক রিপোর্ট ও শাহজালাল একাডেমীর এডুকেশন কমিটির সেক্রেটারী আনোয়ার হোসেইন খানের ১৭ পৃষ্ঠার পঠিত রিপোর্ট এর উপর পর্যালোচনা। প্রথম পর্যায়ে সাধারণ মুসল্লিদের কাছে প্রদান করা হয় লিখিত টোকেন। যাতে প্রশ্নকারী নিজের নাম লিখে জমা দিয়ে অনুমতি সাপেক্ষে প্রশ্ন করতে পারেন। আলোচনায় অংশগ্রহণ করেন, মাওলানা রশীদ আহমদ, মৌলভী আব্দুল আজিজ, নজরুল ইসলাম কুরেশী ও নুরুল উদ্দিন ফকির।
সাধারণ সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সামছুল আবেদীন, আবদুল শহীদ মাস্টার, সোহেল এ খান, কামাল পাশা বাবর, সাবেক সভাপতি খলীল আহমেদ, সাবেক সেক্রেটারী শরীফ উদ্দিন, বর্তমান কোষাধ্যক্ষ জেলাল উই হক বাবুল প্রমুখ।

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।
REALTOR MLS
EQUAL HOUSING LENDER


KAZI N JALAL
Licensed Sale Agent
ARA REALTY SERVICES INC
A full Service Real Estate Brokerage of Professional Company
158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com

40-HR OSHA/SST: $400
Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:
- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course
40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]
Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# 'কুলি' ৭০০ কোটির ক্লাবের পথে

## সিনেমাটি বলিউডে একের পর এক রেকর্ড গড়ছে

আজকাল বিনোদন



রজনীকান্ত অভিনীত ও নির্মাতা লোকেশ কঙ্গরাজ পরিচালিত সিনেমা 'কুলি' মুক্তির ষষ্ঠ দিনেই ৭০০ কোটির ক্লাবের পথে ছুটছে। দর্শকপ্রিয়তায় সিনেমাটি বলিউডে একের পর এক রেকর্ড গড়ছে। ভারতীয় সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে, প্রেক্ষাগৃহে একই দিনে মুক্তি পায় 'কুলি' ও 'ওয়ার ২'। কিন্তু 'কুলি'র দাপটে বক্স অফিসে পিছিয়ে গেছে 'ওয়ার ২'।

গত ১৪ আগস্ট প্রেক্ষাগৃহে মুক্তি পায় 'কুলি' ও 'ওয়ার ২'। 'কুলি'তে প্রধান ভূমিকায় অভিনয় করেছেন রজনীকান্ত অন্যদিকে 'ওয়ার ২'তে অভিনয় করেছেন হৃতিক রোশন, জুনিয়র এনটিআর ও কিয়ারা আদভানি। মুখোমুখি প্রতিদ্বন্দ্বিতায় এগিয়ে রয়েছে 'কুলি'। ভারতের বাজারে সবচেয়ে দ্রুত ২০০ কোটি আয় করার রেকর্ড গড়েছে সিনেমাটি।

ভারতীয় বক্স অফিস রিপোর্ট বলছে, অ্যামাজন প্রাইমে সিনেমাটির স্বত্ব বিক্রি করে ১২০ কোটি, মুক্তির প্রথম ষষ্ঠ দিনে ভারতে'কুলি'র আয় ২০৭ দশমিক ৯ কোটি, বিশ্বব্যাপী পাঁচদিনে ৩৫০ কোটি রুপি আয় করেছে 'কুলি'।

সব মিলিয়ে 'কুলি' সিনেমার এখন আয় দাঁড়িয়েছে ৬৭৭ কোটি রুপিতে। আর অ্যামাজন প্রাইমে সিনেমাটির স্বত্ব বিক্রি বাদ দিয়ে শুধু প্রেক্ষাগৃহের আয় হিসেব করলে সিনেমার আয় দাঁড়ায় ৫৫৭ কোটি রুপি।

থ্রিল আর রহস্যের আবহে নির্মিত হয়ে 'কুলি'সিনেমাটি। এতে রজনীকান্ত ছাড়াও রয়েছেন আমির খান, দক্ষিণী তারকা নাগার্জুন, উপেন্দ্র, শ্রুতি হাসান, সত্যরাজের মতো তারকারা। সিনেমাটিকে বিশেষ আকর্ষণ হিসেবে পূজা হেগড়েকে দেখা যাচ্ছে।



## 'আমাকে শরীরের কথাও শুনতে হবে'

আজকাল বিনোদন

সামান্তা রুথ প্রভুকে বলা হয় দক্ষিণি সিনেমার সবচেয়ে আকর্ষণীয় অভিনেত্রী। ১৫ বছর ধরে কাজ করছেন তিনি। ক্যারিয়ারের পেছনেই নিজের সব সময় ব্যয় করেছেন। কিন্তু এবার জীবনের নতুন এক অধ্যায় শুরু করেছেন। বর্তমানে তার কাছে সবকিছুর উর্ধ্বে মানসিক ও শারীরিক স্বাস্থ্য। এ এরপর ৩৮ পৃষ্ঠায়



## আমার সব প্রযোজক আ. লীগের, তাই হাতে কাজ নেই : বাঁধন



আজকাল বিনোদন

ক্রমশ সোচ্চার হয়ে উঠছেন আজমেরি হক বাঁধন। সমাজ ও রাজনীতির নানান অসঙ্গতি নিয়ে নিয়মিত কথা বলছেন এই অভিনেত্রী। একসময় রাজনীতি করার ইচ্ছে ছিল তার। অংশ নিয়েছিলেন নির্বাচনী প্রচারণায়ও। তবে ফেসবুকে দেওয়া এক পোস্টে সম্প্রতি তিনি জানিয়েছেন, রাজনীতিতে সরাসরি যুক্ত হতে চান না তিনি। আওয়ামী লীগ সরকারের পতনের পর অনেক কাজও হারিয়েছেন। আন্তর্জাতিক অঙ্গনে পরিচিতি পেয়েছেন বাংলাদেশের অভিনেত্রী আজমেরি হক বাঁধন। তার অভিনীত 'রেহানা' ছবিটি কান চলচ্চিত্র উৎসবে পেয়েছিল স্ট্যান্ডিং অভিশন। কাজ করেছেন ভারতের পশ্চিমবঙ্গের 'রবীন্দ্রনাথ এখানে কখনো খেতে আসেননি' সিরিজে, হিন্দি ছবি 'খুফিয়া'য়। সেই অভিনেত্রীর হাতে এখন কোনো কাজ নেই। সে প্রসঙ্গে জাগো নিউজকে তিনি বলেন, আমার তিনটি কাজ বাতিল হয়েছে। কারণ আমার সব প্রযোজক আওয়ামী লীগের সঙ্গে এরপর ৩৮ পৃষ্ঠায়



## বিচারক কেন 'মামু', আদালতে তলব দুই অভিনেতাকে

আজকাল বিনোদন

বলিউডের আসন্ন ছবি 'জলি এলএলবি ৩' নিয়ে উত্তেজনা যেমন বাড়ছে, তেমনি তৈরি হচ্ছে আইনি জটিলতা। সিনেমার একটি ডায়লগে বিচারককে 'মামু' সম্বোধন করায় অভিনেতা অক্ষয় কুমার এবং আরশাদ ওয়ারসিকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন পুনের একটি আদালত।

ফ্রি প্রেস জার্নালের এক প্রতিবেদনে বলা হয়েছে, পুনেভিত্তিক দুই আইনজীবী ওয়াজেদ খান বিদকার ও গণেশ মহাসকে একটি আবেদন দায়ের করেছেন। সেখানে দাবি করা হয়েছে 'জলি এলএলবি ৩' সিনেমায় আইন পেশা এবং বিচার বিভাগকে অবমাননা করা হয়েছে। তাদের অভিযোগ, সিনেমার টিজারে বিচারককে 'মামু' সম্বোধন করে যে ডায়লগ ব্যবহার করা হয়েছে, তা অসম্মানজনক এবং সেটা আইনজীবীদের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে। এছাড়া অভিনেতারা আইনজীবীদের ব্যান্ড পরে ছবির প্রচার করেছেন, এতে আইন পেশার মর্যাদাও নষ্ট হয়েছে বলে অভিযোগ উঠেছে।

এই অভিযোগের ভিত্তিতে পুনের সিভিল আদালতের বিচারক জে.জি. পাওয়ার অভিনেতা অক্ষয় কুমার, আরশাদ ওয়ারসি এবং ছবির প্রযোজকদের আগামী ২৮ আগস্ট আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে সিনেমার মুক্তি স্থগিতেরও আবেদন করা হয়েছে। 'জলি এলএলবি ৩' ছবিতে কাজ করেছেন অক্ষয় কুমার ও আরশাদ ওয়ারসি। এ ছাড়া আরও অভিনয় করেছেন হুমা কুরেশি, অন্নু কাপুর, সৌরভ শুক্লা, যিনি আগেও বিচারক এরপর ৩৮ পৃষ্ঠায়

## ৯৭ লাখ টাকা বাজেটের সিনেমার আয় ১০৪ কোটি

আজকাল বিনোদন



বক্স অফিসে আয়ের ওপর ভিত্তি করে সিনেমাকে এখন ব্লকবাস্টার বা হিট তকমা দেওয়া হয়। অনেক সময় খ্যাতিমান অভিনেতাদের সিনেমাও বক্স অফিসে তেমন সাড়া ফেলতে পারে না। আবার ছোট বাজেটে নির্মিত অখ্যাত অভিনয়শিল্পীদের কোনো কোনো সিনেমা আশাতীত সাফল্য পায়। স্বল্প বাজেটের কন্নড় ভাষার 'মুনগারু মেল' সিনেমাও কল্পনাতীত আয় করে তাক লাগিয়ে দিয়েছিল। কমেডি-ড্রামা ঘরানার 'মুনগারু মেল' সিনেমা ২০০৬ সালের ২৯ ডিসেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পায়। প্রধান দুই চরিত্রে অভিনয় করেনগণেশ ও পূজা গান্ধী। এটি পরিচালনা করেন যোগরাজ ভাট। এটি নির্মাণে ব্যয় হয় ৭০ লাখ রুপি (বাংলাদেশি মুদ্রায় ৯৭ লাখ টাকা)। ১৩২ মিনিট দৈর্ঘ্যের এই সিনেমা বক্স অফিসে আয় করে ৭৫ কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ১০৪ কোটি ৭৩ লাখ টাকার বেশি)।

রোমান্টিক কমেডি মিউজিক্যাল ফিল্ম 'মুনগারু মেল'। প্রীতম ও নন্দিনীকে কেন্দ্র করে সিনেমাটির কাহিনি আবর্তিত হয়। প্রীতম নন্দিনীকে ভালোবাসলেও তার মন ভেঙে যায়; যখন জানতে পারে নন্দিনীর বিয়ে অন্যত্র ঠিক হয়ে গেছে। তারপর গল্প মোড় নেয় ভিন্ন দিকে।

মজার ব্যাপার হলো, 'মুনগারু মেল' সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে অভিষেক ঘটে গণেশ ও পূজা গান্ধীর। আর অভিষেকেই বাজিমাত করেন এই জুটি। এ সিনেমার মাধ্যমেই তারকা খ্যাতি কুড়ান তারা। সিনেমাটি কর্নাটকে টানা ২০০ দিন প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয়েছিল।

সিনেমাটিতে কোনো তারকা অভিনয়শিল্পী ছিলেন না। অন্যান্য চরিত্র রূপায়ন করেছিলেনঅনন্ত নাগ, জয় জগদীশ, সুচিতা শেঠি প্রমুখ। এ এরপর ২৮ পৃষ্ঠায়

## শাহরুখপুত্র আরিয়ানের প্রথম ছবি







আজকাল বিনোদন

নিজের প্রথম পরিচালিত ওয়েব সিরিজ 'দ্য ব্যা**ডস অব বলিউড' মুক্তির আগেই হইচই ফেলে দিয়েছেন শাহরুখপুত্র আরিয়ান খান। টিজার প্রকাশ্যে আসার পর থেকেই আরিয়ানকে নিয়ে শুরু হয়েছে চর্চা।

সম্প্রতি ট্রেইলার উন্মোচন অনুষ্ঠানে রীতিমতো সবার মন জয় করেছেন এই তরুণ। এ অনুষ্ঠানে ছেলেকে উৎসাহ দিতে ভাঙা হাত নিয়ে উপস্থিত ছিলেন স্বয়ং শাহরুখ খান। তিনিই মূলত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। তার স্ত্রী গৌরী খানও এসেছিলেন, সিরিজটি প্রযোজনা করেছেন বলিউডের এই ফার্স্ট লেডি।

এই অনুষ্ঠানে নিজের এরপর ৩৮ পৃষ্ঠায়


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ATIF ASLAM
BORDERLESS
Live in New York
SATURDAY, SEPT 06, 2025 | 8.00PM
VENUE: NASSAU COLISEUM
1255 Hempstead Tpke, Uniondale, NY 11553
ticketmaster
Sulekha
SCAN FOR TICKETS:
$59 - $79 - $99 - $129 - $159 - $179 - $199 - VIP - VVIP
FOR MORE INFORMATION
BHARAT JOTWANI: 516-3301011 • SHAH NAWAZ: 646-591-8396
ORGANIZED BY: BHARAT JOTWANI
MEDIA PARTNER: আজকাল ইনকিলাব


First Time in NY
COMMUNITY
CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

# Video & Photo PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432

# Hasna Travel
## হাসনা ট্রাভেল

All International & Domestic
Fly Any Airlines, Anywhere, Anytime

- গত দীর্ঘ ২৭ বছরের অভিজ্ঞতায় বিশ্বস্ততা ও স্বচ্ছতার সাথে আমরা ভ্রমণের শুরু থেকে শেষ পর্যন্ত।
- ভ্রমনকারীদের সাথে প্রতিটি পদক্ষেপে সুপরামর্শ দান করে যথাসাধ্য সুলভ মূল্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্লেনের টিকেটের ব্যবস্থা করে থাকি।
- আমরা অপেক্ষাকৃত কমমূল্যে উমরাহ ভিসাও করে থাকি।




Turkish Airlines | QATAR AIRWAYS القطرية | السعودية Saudia

যোগাযোগ :
(646) 496-6879
(10 am to 11pm / 7days a week)
Email address is : hena3212@gmail.com

# WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

# মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
## Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



# লায়ন্স ক্লাবের জমকালো অভিষেক



৬৪ পৃষ্ঠার পর
সভাপতিত্ব করেন বিদায়ী সভাপতি রফি আলিয়ান, দ্বিতীয় অংশের সভাপতিত্ব করেন নতুন সভাপতি জেএফএম রাসেল।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্লাবের নির্বাচনের কমিশনার লায়ন রানো দেওয়ান, আবদুর রহিম হাওলাদার ও রেজা রশিদ। আরো উপস্থিত ছিলেন, লায়ন মোহাম্মদ সাঈদ, তমাল হোসেন, অমিত বড়ুয়া, আমিনুল ইসলাম টনি, মো. মিজানুর রহমান, গোলাম এম হায়দার মুকুট, প্রমুখ।

উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহসভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, আহসান হাবীবসহ বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ, ব্যবসায়ী, সাংবাদিক ও নানান পেশার মানুষ। অন্যান্য আয়োজনের সঙ্গে ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। আগত অতিথিরা নতুন কমিটির সাফল্য কামনা করেন এবং ক্লাবের কার্যক্রমে সহযোগিতার অঙ্গীকার করেন। নিউইয়র্ক স্টেট এসেম্বলি ওম্যান জেনিফার রাজকুমার ক্লাব নেতৃবৃন্দের হাতে প্রোক্লেমেশন ও সাইটেশন তুলে দেন। নতুন সদস্যদের হাতে সনদ তুলে দেন সাবেক লায়ন্স ডিস্ট্রিক্ট গভর্নর














টেরি পালানিনি। শুভেচ্ছা বক্তব্যে অভিষেক কমিটির চেয়ারম্যান শাহ নেওয়াজ বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় ক্লাব সামনের দিকে এগিয়ে নেবে। এ ক্লাব থেকেই ভবিষ্যতে জাতীয় পর্যায়ে নতুন নতুন নেতৃত্ব তৈরি হবে। একই সঙ্গে কমিউনিটির সেবাই সবাইকে এগিয়ে আসতে হবে।














নতুন সভাপতি জেএফএম রাসেল অনুষ্ঠানে উপস্থিত সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান পাশাপাশি। নতুন দায়িত্ব পালনে সবার সমর্থন প্রত্যাশা করেন।

এর আগে গত মে মাসে বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাব, নিউ ইয়র্ক (ডিস্ট্রিক্ট ২০-আর ২)-এর নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। নতুন কমিটিতে রয়েছেন- সভাপতি জে এফ এম রাসেল, সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার, জ্যেষ্ঠ সহ-সভাপতি এ কে এম আব্দুর রশিদ, সহ-সভাপতি এমজি রুহুল আমিন ও কামরুল মজুমদার, পরিচালক (ডিরেক্টর) এএসএম উদ্দিন পিন্টু এটিএম হেলালুর রহমান, এমজি মফিজুর রহমান, ফৌজিয়া ইসলাম, কামরুল হাসান, এমজি এ জামান, এমজি মনিরুল ইসলাম, মো. হোসেন জাকির, মো. এম এ কাশেম, মো. এহসানুল হক বাবুল এবং মো. আকাশ রহমান, কোষাধ্যক্ষ মামুন রানা তপন, যুগ্ম সাধারণ সম্পাদক (প্রশাসন) গোলাম হায়দার মুকুট, যুগ্ম সাধারণ সম্পাদক (প্রকল্প) আবু বকর সিদ্দিক, টেল টুইস্টার জাহাঙ্গীর জয়, সদস্য সচিব আমিনুর রহমান টনি, ক্লাব কার্যক্রম সমন্বয়কারী মিজানুর রহমান এবং লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ফাউন্ডেশনের প্রতিনিধি অনিক রাজ।


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
NURUL AZIM
CEO
516-451-3748
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to
PCA & HHA
Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us




# সুপ্রীম কোর্ট জাস্টিস পদে সোমা সাঈদের নির্বাচনী সভা












১ পৃষ্ঠার পর

এর আগে তিনি কুইন্স কাউন্টি জাজ পদে নির্বাচিত হয়েছিলেন। আগামী ৪ নভেম্বর সিটির মেয়র নির্বাচনের পাশাপাশি জাস্টিস পদে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। সুপ্রীম কোর্টের জাস্টিস হিসেবে প্রতিদ্বন্দ্বিতার করার জন্য ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়ন পেয়েছেন ৪ জন। এই ৪টি পদের বিপরীতে রিপাবলিকান ২ জন প্রার্থীও রয়েছেন। নিউইয়র্ক ডেমোক্র্যাটিক অধ্যুষিত এলাকা বিধায় ধরেই নেয়া হয়, ডেমোক্র্যাটিক মনোনীত প্রার্থীরাই বিজয়ী হবেন। এ বিবেচনায় সোমা সাঈদের বিজয়ের সম্ভাবনা খুবই উজ্জ্বল।

সোমা সাঈদের এ নির্বাচন উপলক্ষ্যে গত ১৮ আগস্ট সোমবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে 'মিট দ্যা প্রেস এন্ড কমিউনিটি' অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশী আমেরিকান কমিউনিটি অব এনওয়াইসি'র ব্যানারে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং জাজ সোমা সাঈদকে পরিচয় করিয়ে দেন কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী। অনুষ্ঠানে জাজ সোমা সাঈদ ছাড়াও ৪ নভেম্বরের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সুপ্রীমকোর্ট ও কাউন্টি কোর্টে প্রতিদ্বন্দ্বিতাকারী একাধিক প্রার্থীদের মধ্যে সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারক জাস্টিস ওয়াই উয়াং ও জাজ প্যারী মিরিট, সিভিল কোর্টের জাজ পদপ্রার্থী ইভ চো শুভেচ্ছা বক্তব্য রাখেন। এছাড়াও সোমা সাঈদের সমর্থনে স্টেট সিনেটর জন সি লু, ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ রামা ও মিং নারুলা বক্তব্য রাখেন। কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য দেন ইমাম শামসে আলী, বিশিষ্ট রাজনীতিক জিল্লুর রহমান জিলু, মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট নাসির উদ্দিন, এনওয়াইপিডি'র অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন শামসুল হক, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মিজান চৌধুরী, নাদিম আহমেদ, আহসান হাবীব, আনিসুল কবীর জাসির, জ্যাকব মিল্টন, মোহাম্মদ কামরুল ইসলাম সনি, নীরা রব্বানী ও আহমেদ সোহেল অনুষ্ঠান পরিচালনা করেন সৈয়দ আল আমীন রাসেল।

অনুষ্ঠানে বক্তারা আসন্ন নির্বাচনে যোগ্য প্রার্থী হিসেবে সোমা সাঈদকে ভোট দিয়ে নির্বাচিত করতে সার্বিক সহযোগিতা কামনা করেন এবং ভোট দেয়ার আহ্বান জানান। অপরদিকে জাজ সোমা সাঈদ ইমিগ্র্যান্ট কমিউনিটির অধিকার এবং কুইন্স কাউন্টির সিভিল কোর্টের জাজ হিসেবে দায়িত্বকালীন সময়ে তার অভিজ্ঞতার কথা তুলে ধরেন। তিনি বলেন, আমরা সবাই ঐক্যবদ্ধ হলে অবশ্যই বিজয় সম্ভব। পরে জাজ সোমা সাঈদ উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

# হিরো দিদারের স্ত্রীর কোলজুড়ে এলো আরহাম

১ পৃষ্ঠার পর

ছিলেন। গত রোববার তার কোলজুড়ে পুত্র সন্তান আসে। দিদার পরিবারের আনন্দে শরীক হতে পারলেন না। দিদার ৩ পুত্র সন্তানের জনক হলেন। নবাগত এই শিশুর নাম রাখা হয়েছে আরহাম।

নিউইয়র্ক পুলিশ বিভাগের প্রধান জেসিকা টিশ ১৮ আগস্ট সোমবার তার এক্স পোস্টে এই ঘোষণা দিয়েছেন। তিনি বলেছেন, "দুর্ঘটনার মধ্য দিয়ে এই পৃথিবীতে একটি নতুন জীবনের প্রবেশ ঘটেছে। রোববার রাতে ডিটেকটিভ দিদারুল ইসলামের স্ত্রী জামিলা ইসলাম তাদের সুন্দর পুত্র আরহামের জন্ম দিয়েছেন। আরহাম তার দুই বড় ভাই, অমিয়ান এবং আজহানের সাথে যোগ দিয়েছেন।" এদিকে নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস সংবাদমাধ্যমকে জানান, রোববার ইসলামের স্ত্রী যখন প্রসববেদনায় ভুগছিলেন, তখন তিনি পরিবারের সদস্যদের সাথে কথা বলার জন্য হাসপাতালে এসেছিলেন। মেয়র অ্যাডামস জানান, "এনওয়াইপিডির প্রয়াত ডিটেকটিভ দিদারুলের পরিবারের পাশে সবসময় থাকবে সিটি কর্তৃপক্ষ। তারা আমাদের পরিবার এবং এই মহান শহর নিউইয়র্কের পরিবার।"

নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের কর্মকর্তা নিহত দিদারুল ইসলামের গ্রামের বাড়ি বাংলাদেশের মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার পৌর শহরের মাগুরায়। দিদারুল এনওয়াইপিডির ৪৭তম প্রেসিংক্টে কাজ করতেন। তিনি এ বাহিনীতে সাড়ে তিন বছর কাজ করেছেন। গত ২৮ জুলাই নিউইয়র্ক সিটির ৩৪৫ পার্ক অ্যাভিনিউয়ের একটি বহুতলভবনে বন্দুকধারীর হামলায় চারজনের সঙ্গে দিদারুল ইসলাম নিহত হন।

পরবর্তীতে ৩১ জুলাই তাকে মরণোত্তর পদোন্নতি দিয়ে ডিটেকটিভ করা হয় এবং রাষ্ট্রীয় সম্মান প্রদর্শনের মাধ্যমে নিউজার্সিতে দাফন করা হয়। নিহত দিদারুল স্ত্রী ও সন্তানদের নিয়ে নিউইয়র্কের ব্রঙ্কসে বসবাস করতেন।

# 'মৌ মায়ের মতো বউ'

১ পৃষ্ঠার পর

দাঁদের। শোবিজের কোনো অনুষ্ঠানেও একসঙ্গে যান না তাঁরা। এ থেকে অনেকে ধরে নেন, ভালো নেই জাহিদ-মৌর সংসার। সোশ্যাল মিডিয়ায় এ নিয়ে চলে মুখরোচক নানা আলোচনা। সম্প্রতি এক অনুষ্ঠানে নিজেদের দাম্পত্য নিয়ে মুখ খুলেছেন জাহিদ হাসান।

বিয়ন্ড দ্য ফ্রেম উইদ আরজেরবকে পডকাস্টে জাহিদ হাসান জানান, দাম্পত্যজীবনে ভালো আছেন তাঁরা। অভিনেতা বলেন, 'আমরা ভালো আছি। কিছু লোক তো থাকেই এমনটা অন্যর জন্য। কিছু একটা সেল করা লাগবে, এ জন্য এসব বলে বেড়ায়।' জাহিদ হাসান জানান, মৌ তাঁর সব বিষয়ে খেয়াল রাখেন। তাঁকে রান্না করে খাওয়ান।

স্ত্রীর প্রসঙ্গ আসায় খানিকটা আবেগপ্রবণ হয়েই অভিনেতা বলেন, 'মানুষ এ কথাকে কীভাবে নেবে জানি না। আমি আসলেই মায়ের মতো একটা বউ পেয়েছি। মা যেভাবে আদর করে, টেক কেয়ার করে। আমার মাঝে মাঝে বিরক্তও হয়। আমাদের কখনো ইগোর সংঘাত হয় না। কারণ, সে আমার চেয়ে ভালো মনের মানুষ।'

একসঙ্গে কোথাও না যাওয়া প্রসঙ্গে জাহিদ হাসান বলেন, 'এ বিষয়ে মানুষ আসলে ঠিক কথাই বলে। একসঙ্গে তো কোথাও আসলে যাই না। আমার শুটিং থাকে রাত করে। এত বছর শুটিংয়ের কারণেই একসঙ্গে কোথাও যেতে পারিনি। যারা মন্তব্য করে, তারা হয়তো জানে না, আমার আপন ভাইয়ের বিয়েতেও যেতে পারিনি। সেদিন আমার "বিচ্ছু" নাটকের শো ছিল বরিশালে। আমার জীবন এভাবেই শুরু হয়েছে। শুটিংয়ের জন্য শিডিউল আগে থেকে নিয়ে রাখা হয়। এর মধ্যে হঠাৎ দাওয়াত এসে পড়ে। তখন আর সেই দাওয়াতে যাওয়া যায় না। আর এখন কোনো ক্লাবে গেলে আড্ডা ছেড়ে আসতে ইচ্ছা করে না। তাই অনুষ্ঠানগুলোয় মৌ একাই যায়। সে দেশে না থাকলে আমি যাওয়ার চেষ্টা করি।'

জাহিদ হাসান আরও জানান, তাঁর সাবেক প্রেমিকার কথাও জানেন মৌ। এ নিয়ে মৌ তাঁর সঙ্গে অনেক সময় মজাও করেন। জাহিদ বলেন, 'আমার পরিবারের সবাই আমার আগের সম্পর্কের কথা জানে। তারা ব্যাপারটি স্বাভাবিক দেখে। মৌ মাঝে মাঝে এটা নিয়ে মজা করে। আমাকে লেগপুলিং করে। একদিন হঠাৎ মৌ বলল, এগুলো এখানে ফেলে রাখো কেন, যত্ন করে রাখো। দেখি, তার হাতে অনেকগুলো চিঠি।'

মৌর সঙ্গে সম্পর্কে জড়ানোর আগে এক অভিনেত্রীর সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল জাহিদ হাসানের। দুজন একসঙ্গে অনেক জনপ্রিয় নাটকে অভিনয় করেছেন। তাঁর চিঠি এখনো বাড়িতে যত্ন করে রেখে দিয়েছেন জাহিদ। সম্পর্ক ভেঙে যাওয়ার পর একসঙ্গে আর কোনো কাজ করেননি তাঁরা। এমনকি মাঝে মাঝে বিভিন্ন অনুষ্ঠানে দেখা হলে পরস্পরের সঙ্গে কথাও বলেন না। তাঁকে নিয়ে এখন কোনো মন্তব্যও করতে চান না জাহিদ। বলেন, 'তাকে নিয়ে কিছু বললে অশ্রদ্ধা করা হয়। সেটা করতে চাই না। আমি তাকে একসময় ভালোবেসেছিলাম। আমার মতো সে-ও খুব ভালো আছে। এটাই বড় কথা।'




# ম্যানহাটান ডাউনটাউন বাংলাদেশী বিজনেস এসোসিয়েশনের বনভোজন

আজকাল রিপোর্ট

গত ১৩ আগস্ট জর্ডেন আইল্যান্ডে, প্রায় ১২০০ শত মানুষের সমাগমে হয়ে গেলো এক বিশাল বার্ষিক বনভোজন। ম্যানহাটান ডাউনটাউন বাংলাদেশী বিজনেস এসোসিয়েশনের বনভোজনে মনোরম এক সকালে পার্কে পৌঁছানোর পর প্রথমে নতুন কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। শপথ গ্রহণ করান প্রধান নির্বাচন কমিশনার তোজাম্মেল মোস্তফা। এরপর







সংগঠনের সভাপতি তরিকুল হোসাইন বাদল আহবায়ক কমিটি ও কার্যকরি কমিটির সকলকে নিয়ে ২০২৫ সালের বার্ষিক বনভোজন শুভ উদ্বোধন ঘোষণা করেন। এ সময় বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক রিয়াজুল কাদির শফর মিন্টু, সদস্য সচিব উজ্জ্বর আলী, প্রধান নির্বাচন কমিশনার তোজাম্মেল মোস্তফা, নির্বাচন কমিশনার সবুজ আলম, প্রধান উপদেষ্টা এম আজিজ রিফ, উপদেষ্টা সফিক খান, উপদেষ্টা মিন্টু ভাই, নুরুল হুদা জুয়েল, জসিম ভাই, জাহিদ, কামাল, আরিফ, সুমন ভান্ডারী, রিপন ভূইয়া, তুহিন তালুকদার, ওবায়দুল, প্রিন্স মাহমুদ, জুয়েল, ইকবাল, রাজিব, নজরুল, মাহি, সানি এবং আরো অনেকে। সকালের নাস্তা ও তরমুজ বিতরণ দিয়ে শুরু হয় পিকনিকের কার্যক্রম। এরপর শুরু হয় খেলাধুলা এবং মহিলাদের বালিশ খেলা। তার পর দুপুরে মজাদার খাবার পরিবেশন করা হয়। বিকেলে নিউইয়র্কের জনপ্রিয় সংগীত শিল্পীদের নিয়ে শুরু হয় সংগীত অনুষ্ঠান। সংগীত অনুষ্ঠানে এক মনোরম পরিবেশের সৃষ্টি হয়। এরপর র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। র‍্যাফেল ড্রতে প্রথম পুরস্কার ছিল একটি গাড়ি। ২য় থেকে ৭তম পর্যন্ত ছিল ছয়টি সোনার গহনাসহ মোট ১৫ টি পুরস্কার। সব শেষে সভাপতি তরিকুল হোসাইন বাদল সবাইকে ধন্যবাদ জানিয়ে ২০২৫ সালের বার্ষিক বনভোজনের সমাপনি ঘোষণা করেন।

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


## স্টেট এসেমব্লিতে প্রার্থী হতে চান জাকির চৌধুরী

৬৪ পৃষ্ঠার পর

এলাকায় বসবাস করেন। বাংলাদেশিরা একক কোন প্রার্থী দিলে বিজয় সুনিশ্চিত। ২০২৬ সালের নভেম্বরে এ আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। ডেমোক্র্যাটিক প্রাইমারী হবে জুনে। বর্তমানে সেখানে এসেমব্লিওম্যান হিসেবে রয়েছেন জাহিনা রয়েস। এ ব্যাপারে জাকির চৌধুরীর দৃষ্টি আকর্ষণ করলে তিনি আজকালকে বলেন, চূড়ান্ত সিদ্ধান্ত নেইনি। কমিউনিটির সবাই একত্রে আমার প্রার্থীতার ব্যাপারে ইতিবাচক সাড়া দিলেই নির্বাচন করবো। তিনি বলেন, গত মে মাসে বাংলাদেশ ডে উদযাপন করতে আলবেনী গিয়ে অনুভব করেছি সেখানে বাংলাদেশিদের প্রতিনিধি প্রয়োজন। পলিটিক্যাল রিপ্রেজেন্টেটিভ দরকার। সিপিএ জাকির বলেন, আমি প্রার্থীতার সম্ভাবনা নিয়ে গ্রাউন্ড ওয়ার্ক শুরু করেছি। শনিবার ২৩ আগষ্ট স্থানীয় কমিউনিটির নেতৃবৃন্দ ও সাধারন মানুষদের নিয়ে মাস্তুল টিম্বিটেরিয়ানে মতবিনিময় সভার আয়োজন করেছি। মূলধারার রাজনীতিতে আমাদের করণীয় নিয়ে মতবিনিময় হবে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যেকোন মূল্যে বাংলাদেশিদের একক ও সম্মিলিত প্রার্থী দিতে হবে। সেটা আমি না হলেও কোন আপত্তি নেই। অনুরোধ একটাই যোগ্যতা ও গ্রহণযোগ্যতা বিবেচনায় একজন একক প্রার্থী দিন। কমিউনিটি যদি আমাকে প্রার্থী করেন তা হলে আন্তরিকভাবে কাজ করবো। জাকির চৌধুরী (৪০) যুক্তরাষ্ট্রে বিবিএ ও এমবিএ করেছেন। বারুক কলেজ থেকে স্নাতক ও কার্নেগিবার্গ স্টেট ইউনিভার্সিটি থেকে এমবিএ করেছেন। তিনি কর্মজীবনে কাজ করেছেন জেপি মরগান ও এমটিএসবি ব্যাংকে। কর্মরত ছিলেন বিভিন্ন একাউন্টিং ফার্মে। সিপিএ লাইসেন্স পাবার পর তিনি নিজ নামে গড়ে তুলেছেন একাউন্টিং ফার্ম।


# BECOME A REALTOR

রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam

[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245

# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


## মাসে এনওয়াইপিডি ছাড়ছেন ৩শ' অফিসার!

৬৪ পৃষ্ঠার পর

শহরটিকে পৌরনীতিভাবে অরক্ষিত রেখে যাচ্ছে না, অন্যান্য কর্মকর্তাদেরও অবসর গ্রহণের ঝাড়প্রান্তে ঠেলে দিচ্ছে বলে মনে করা হচ্ছে।

নিউইয়র্কে চলতি আগস্টের সর্বশেষ তথ্য অনুসারে, ২০ বছরের মাইলফলকে পৌঁছানোর আগেই কর্মকর্তাদের অবসর নেওয়ার বা পদত্যাগের হার বিস্ময়কর এক নজির স্থাপন করেছে। গত ৪.১/২ বছরে বিভাগটি প্রায় ১৪,৫০০ পুলিশ অফিসারকে হারিয়েছে, যা বর্তমানে কর্মরত কর্মকর্তাদের সংখ্যার প্রায় অর্ধেক।

তথ্য মতে শুধুমাত্র ২০২৫ সালে গড়ে ৩১৬ জন এনওয়াইপিডি পদমর্যাদার এবং ফাইল অফিসার প্রতি মাসে এনওয়াইপিডি ছেড়ে চলে যান। ২০২৪ সালের জানুয়ারি থেকে এনওয়াইপিডি ৫,২৪৮ জনকে হারিয়েছে এবং বিনিময়ে মাত্র ৪,২৪৪ জন নতুন অফিসার নিয়োগ করেছে। নাম প্রকাশ না করার শর্তে কথা বলতে গিয়ে, সম্প্রতি একজন অবসরপ্রাপ্ত পুলিশ যিনি জন হিসাবে তাঁর নাম দিয়েছিলেন তিনি বলেছিলেন যে এনওয়াইপিডি-র কম্ফ্যুগুরী সংখ্যার কারণে তিনি হাতের সাথে কাজ করেছিলেন, যা তাঁর ব্যক্তিগত জীবনে প্রচণ্ড প্রভাব ফেলেছিল।

## ব্রুকলিনে ক্লাবে বন্দুকধারীর গুলিতে নিহত ৩

৬২ পৃষ্ঠার পর

'বিবাদের' পর এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন তিনি।

সংবাদ সম্মেলনে পুলিশের ওই শীর্ষ কর্মকর্তা বলেন, ক্লাব থেকে অন্তত ৩৬টি গুলির খোসা উদ্ধার করা হয়েছে। এ ছাড়া কাছাকাছি রাস্তায় একটি আগ্নেয়াস্ত্র পাওয়া গেছে। সেগুলো তদন্ত করে দেখছেন পুলিশ কর্মকর্তারা। আহত ব্যক্তিদের মধ্যে আটজন পুরুষ ও তিন নারী। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এমন সময় এই গুলির ঘটনা ঘটল, যখন চলতি বছরে নিউইয়র্ক শহরে রেকর্ড পরিমাণ কম বন্দুক ব্যবহার করে সহিংসতা হয়েছে। জেসিকা টিস্চ বলেন, 'নিউইয়র্ক শহরের ইতিহাসে এই বছরের প্রথম সাত মাসের মধ্যে সবচেয়ে কম গুলির ঘটনা ঘটেছে। এর মধ্যে এমন এটি ঘটনা অন্যায়। তবে আমরা তদন্ত করব এবং যা ঘটেছে, তার মূল পর্যন্ত যাব।'

এর আগে গত মাসে ম্যানহাটানে একটি ভবনে বন্দুকধারীর গুলিতে বাংলাদেশি বংশোদ্ভূত পুলিশ কর্মকর্তাসহ চারজন নিহত হন। পরে ওই বন্দুকধারী আত্মহত্যা করে। ভবনটিতে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ফুটবল লিগের (এনএফএল) কার্যালয় ছিল। এনএফএলের প্রতি ক্ষোভ থেকে ওই হামলা চালানো হয় বলে তখন জানিয়েছিলেন নিউইয়র্ক শহরের মেয়র এরিক অ্যাডামস।

## জনপ্রিয় বিচারক ফ্রাঙ্ক ক্যাপ্রিও মারা গেছেন

৬৪ পৃষ্ঠার পর

